




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৭ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■ 16 September 2021 ■ আগরতলা ১৬ সেপ্টেম্বর, ২০২১ ইং ■ ৩০ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ, বৃহস্পতিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


## শাসক দলের বাহুবলীরা পোয়াংবাড়ির বিডিও সহ চার কর্মীকে বেধরক মারধর করে শক্তি দেখাল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা/বিলোনীয়া, ১৫ সেপ্টেম্বর।।** দক্ষিণ জেলার সাব্রুমের পোয়াংবাড়িতে দায়িত্ব পালন করতে গিয়ে শাসক দলের বাহুবলীদের হাতে আক্রান্ত হলেন বিডিও সহ চার সরকারী কর্মচারী। বেধরক মারধর করা হয়েছে বিডিও সহ সরকারী কর্মচারীদের। ত্রিশ চল্লিশজন সংঘবদ্ধভাবে তাঁদের উপর আক্রমণ চালায়। কোনও রকমে প্রাণে বাঁচেন তাঁরা। ঘটনাকে কেন্দ্র করে বুধবার দুপুরে সাব্রুম মহকুমাজুড়ে তীব্র চাঞ্চল্য ও উত্তেজনার সৃষ্টি হয়েছে। এদিকে, দক্ষিণ জেলার জেলা শাসককে গোটা ঘটনা লিখিতভাবে জানিয়েছেন পোয়াংবাড়ি ব্লকের বিডিও। বিষয়টি মুখ্যসচিব পর্যন্ত গিয়েছে। মুখ্যসচিব ভারপ্রাপ্ত পুলিশ মহানির্দেশককে বলেছেন হামলাকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য।

সংবাদে জানা গিয়েছে, পোয়াংবাড়ি ব্লকের বিডিও বিজয়ন্ত সরকারকে শারীরিকভাবে নিগ্রহ করা হয়েছে। কেড়ে নেয়া হয়েছে তাঁর মোবাইল ফোন। জাম-কাপড় ছিড়ে ফেলা হয়েছে। ঘটনার সূত্রপাত বুধবার দুপুর এগারটা নাগাদ। জানা গিয়েছে, ২০১১ সালে বাম জমানায় পোয়াংবাড়ী ব্লক এলাকায় মাধবনগর গ্রাম পঞ্চায়েতে সরকারী ঘর পাওয়ার জন্য সমীক্ষা করা হয়। জিও টেগিং প্রক্রিয়ার মাধ্যমে সমীক্ষায় ২৪০ জনকে ঘর পাওয়ার জন্য উপযুক্ত বলে বাছাই করা হয়। আইনী বিধান মেনে এই প্রক্রিয়ায় বর্তমান বিডিও বিজয়ন্ত সরকার ঘর বন্টনের কাজ শুরু করেন।

যখন ঘর বন্টনের জন্য প্রশাসনিক উদ্যোগ গ্রহণ করা হয় তখনই সমস্যার সৃষ্টি হয়। শাসক দলের নেতা নেত্রী সহ মাধবনগর গ্রাম পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সহ অন্যান্যরা আপত্তি জানান। তাদের বক্তব্য ঘর দেওয়ার জন্য নতুন করে সমীক্ষা করতে হবে। এই বিষয়ে ব্লক আধিকারিক তথা বিডিও আপত্তি জানায়। এনিয়ে বিডিওর সাথে স্থানীয় শাসক দলের নেতাদের মতবিরোধ সৃষ্টি হয়। পক্ষান্তরে আগের তালিকা বাতিল করে নতুন তালিকা প্রনয়নের জন্য চাপ দেয়া হয় বিডিও-কে। কিন্তু, প্রশাসনিক কাজের ক্ষেত্রে রাজনৈতিক চাপ বরদাস্ত করতে নারাজ বিডিও বিজয়ন্ত সরকার। অবশেষে বিডিও শ্রী সরকার আধিকারিকদের নিয়ে ঘর বন্টনের জন্য একটি দল গঠন করেন। তিনি বারবার শাসক দলের নেতা নেত্রীদের বোঝানোর চেষ্টা করেন প্রশাসনিক কাজে যাতে বাধা দেয়া না হয়।

শেষ পর্যন্ত বিডিও বুধবার অন্যান্য কর্মচারীদের নিয়ে ঘর বিলির ☞ ৬ এর পাতায় দেখুন

## ডাকাতির ঘটনায় অভিযুক্ত আসামীর সোনামুড়া থানার লকআপে মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** ত্রিপুরায় থানার লকআপে আবারও এক ব্যক্তির মৃত্যু হয়েছে। সিপাহীজলা জেলায় সোনামুড়া থানাধীন বলারঢেফা এলাকার বাসিন্দা জামাল হুসেন(৩৫) ডাকাতি এবং এনডিপিএস মামলায় অভিযুক্ত ছিল। পুলিশ তাকে গতকাল রাতে বাড়ি থেকে তুলে এনেছে। আজ সকালে লকআপের ভেতরেই তাকে মৃত অবস্থায় পেয়েছে পুলিশ। তাঁর পরিবারের অভিযোগ পুলিশ তাকে পিটিয়ে খুন করেছে। জেলা পুলিশ সুপার কৃষ্ণেন্দু চক্রবর্তীর দাবি, শারীরিক দিক দিয়ে জামাল অসুস্থ ছিল। তাঁর বুকে ব্যথা হচ্ছিল। তাই, তাঁকে পুলিশ ঔষুধ দিয়েছিল। কিন্তু, আজ তাঁকে মৃত অবস্থায় পাওয়া গেছে।

প্রসঙ্গত, সোনামুড়া থানার পুলিশ গতকাল গভীর রাতে বলারঢেফা এলাকার বাসিন্দা জামাল হুসেনকে পূর্ব মামলায় গ্রেফতার করেছে। এ-বিষয়ে জামালের পরিবারের অভিযোগ, কোন অসামাজিক কাজের সাথে তার যোগাযোগ ছিল না। কয়েক বছর ধরে তিনি দুবাইতে রয়েছেন। সেখানেই রোজগার করেন। জামালের বোনের দাবি, তাঁর ভাই গত ৫ সেপ্টেম্বর দুবাই ফিরে যাওয়ার জন্য টিকিট ক্রয় করেছে। কয়েকদিনের মধ্যে তাঁর সেখানে যাওয়ার জন্য সমস্ত কিছুই প্রস্তুত ছিল। কিন্তু, গতকাল রাতে পুলিশ তাকে আটক করে থানায় নিয়ে গেছে। তিনি অভিযোগ করেন, পুলিশ গতকালই বাড়ি থেকে জামালকে মারধর করে থানায় নিয়ে গেছে। আজ সকালে দেখা করতে চাইলে পুলিশ অনুমতি দেয়নি। তিনি বলেন, জামালের জন্য সকালে খাবার এনেছিলাম। কিন্তু, পুলিশ দেখা করার অনুমতি দেয়নি। পরে খবর দিয়েছে, থানার লকআপে তাঁকে মৃত অবস্থায় পাওয়া গেছে।

জামালের বোনের অভিযোগ, তাঁর ভাইকে পুলিশ পিটিয়ে হত্যা করেছে। কারণ, শারীরিকভাবে তাঁর কোন রোগ ছিল না। তিনি দাবি করেন, হত্যার ঘটনা পুলিশ এখন স্বাভাবিক মৃত্যু বলে সাজাচ্ছে। তিনি বলেন, পুলিশ মৃতদেহ ময়না তদন্তের জন্য সোনামুড়া হাসপাতালে পাঠিয়েছে। জানা গেছে, জামালের দুই ছেলে ও এক কন্যা সন্তান রয়েছে। তাদের পুলিশ অনাথ করেছে বলে মৃতের পরিবারে ক্ষোভে ফেটে পড়েছেন।

ওই ঘটনায় সিপাহীজলা জেলা পুলিশ সুপার কৃষ্ণেন্দু চক্রবর্তী বলেন, গতকাল রাতে জামাল হুসেনকে গ্রেফতারের পর মেলাঘর এবং সোনামুড়া হাসপাতালে তার শারীরিক পরীক্ষা করা হয়েছে। এরপর তাকে থানার লকআপে রেখেছে পুলিশ। তিনি বলেন, জামাল ডাকাতি এবং এনডিপিএস মামলায় অভিযুক্ত ছিলেন। পূর্বের মামলায় পুলিশ তাকে গ্রেফতার করেছে। তাঁর দাবি, শরীরিক অসুস্থতায় তাঁর মৃত্যু হয়েছে। কারণ, গতকাল রাতেই বুকে ব্যথা হচ্ছে বলে পুলিশকে জানিয়েছিলেন জামাল। তাই, তাকে ঔষুধ দিয়েছিল পুলিশ। কিন্তু, আজ সকালে লকআপের ভেতরেই তাকে ☞ ৬ এর পাতায় দেখুন

## আর মাত্র ২৫ দিন বাকি



মা আসছেন। আর মাত্র ২৫ দিন বাকি। প্রতীমা তৈরীতে ব্যস্ত শিল্পী। বুধবার আগরতলায় তোলা নিজস্ব ছবি।

## উদয়পুরে দাগী প্রতারককে আটক করল পুলিশ

**নিজস্ব প্রতিনিধি,উদয়পুর,১৫ সেপ্টেম্বর।।** কথায় বলে চোরের দশ দিন গৃহস্থদের একদিন। এমনই এক ঘটনা সংঘটিত হলো উদয়পুর মহকুমা কাকড়াবন থানার অন্তর্গত জামজুড়ি গ্রামের রাজধরনগর এলাকায়। প্রতারকদের নাম প্রসেনজিৎ দাস, বাবার নাম অনন দাস। বাড়ি জামজুড়ি রাজধরনগর এলাকায়। প্রতারনা করার দায়ে প্রসেনজিৎকে গ্রেপ্তার করলো পুলিশ।

সংবাদ সূত্রে জানা যায় এক বছর আগে হরিয়ানার বাসিন্দা পেশায় বিএসএফ -সীমান্ত নিরাপত্তা বাহিনীর জওয়ান তুষার সিং -এর নিকট উদয়পুর রাজধরনগর এলাকার অনন দাসের ছেলে প্রসেনজিৎ দাস ৩০ হাজার টাকার বিনিময়ে একটি স্কুটি বিক্রয় করেন। কিন্তু গত এক বছর ধরে বাইকের মালিকানা পরিবর্তন

করেনি। ভিনরাজ্যের সীমান্ত নিরাপত্তা বাহিনীর কর্মী তুষার সিং বহুবার বলা সত্বেও প্রসেনজিৎ মালিকানা হস্তান্তরের ব্যাপারে কোনও ☞ ৬ এর পাতায় দেখুন

## পরীক্ষায় নকল ধরা পড়ায় অপমানে হোস্টেলে গিয়ে আত্মহত্যা করল ছাত্রী

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৫ সেপ্টেম্বর।।** স্কুলের ছাত্রীবাসের বাথরুমে গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী হয়েছে অষ্টম শ্রেণি পড়ুয়া এক ছাত্রী। ঘটনা বুধবার তেলিয়ামুড়া থানাধীন শুদ্ধ করকরি এলাকার আসাম রাইফেল ক্যাম্প সংলগ্ন ব্লোম অ্যাডভেন্টিস্ট হাই স্কুলে।

স্কুলের হোস্টেলে আত্মহত্যা করল এক ছাত্রী। ঘটনাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্য সৃষ্টি হয়েছে।ঘটনার বিবরণে জানা যায়,বুধবার ব্লোম অ্যাডভেন্টিস্ট হাইস্কুলে অফলাইনে ইংলিশ পরীক্ষা চলছিল। সেই মোতাবেক স্কুলের শিক্ষক শিক্ষিকারা বিদ্যালয়ের হল গৃহে প্রবেশ করার সাথে সাথে নজরে আসে অষ্টম শ্রেণী পড়ুয়া এক ছাত্রী পরীক্ষা চলাকালীন সময়ে অসাধু উপায়ে অবলম্বন করে নকল করছিল।

স্কুলের শিক্ষক শিক্ষিকারা ঘটনাটি প্রত্যক্ষ করে উক্ত ছাত্রীকে হাতেনাতে পাকড়াও করে পরীক্ষার কক্ষ থেকে বের করে ছাত্রীবাসে পাঠিয়ে দেন। পরে ওই ছাত্রী আত্ম অভিমানে ছাত্রীবাসের বাথরুমে ঢুকে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে। পরে এই ঘটনা স্কুলের শিক্ষক শিক্ষিকারা প্রত্যক্ষ করে খবর দেয় তেলিয়ামুড়া থানায়। তেলিয়ামুড়া থানার পুলিশ এই ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায়। পুলিশ অষ্টম শ্রেণি পড়ুয়া ছাত্রীর মৃতদেহ টি উদ্ধার করে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের মর্গে এনে রাখে ময়নাতদন্তের জন্য। অপমানে অভিমানে ছাত্রীর আত্মহত্যার ঘটনা ঘিরে এলাকায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

## ৪ দিন ধরে ৩০ হাজারের নীচে সংক্রমণ ভারতে করোনা মুক্ত ৯৭.৬২ শতাংশ

**নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.)।।** ভারতে গত কয়েকদিন ধরে নিম্নমুখী রয়েছে দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা, বিগত ৪-দিন ধরে ৩০ হাজারের নীচেই রয়েছে নতুন আক্রান্তের সংখ্যা। বিগত ২৪ ঘণ্টায় নতুন করে ভারতে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ২৭ হাজার ১৭৬ জন। গত ২৪ ঘণ্টায় কোভিডে মৃত্যু হয়েছে ২৮৪ জনের। মঙ্গলবার সারাদিনে ভারতে সুস্থ হয়েছেন ৩৮,০১২ জন, ফলে ভারতে এই মুহূর্তে মোট সুস্থতার হার ৯৭.৬২ শতাংশ। ভারতে এই মুহূর্তে মোট চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা ৩,৫১,০৮৭ জন, বিগত ২৪ ঘন্টায় রোগীর সংখ্যা কমেছে ১১,১২০ জন। বিগত ২৪ ঘন্টায় দেশে কোভিড টেস্টের সংখ্যা ১৬,১০,৮২৯।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে ২৭,১৭৬ জন সংক্রমিত হওয়ার পর দেশে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৩ কোটি ৩৩ লক্ষ ১৬ হাজার ৭৫৫ জন। বিগত ২৪ ঘন্টায় সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমেছে ১১,১২০ জন, ফলে এই মুহূর্তে শতাংশের নিরিখে ১.০৫ শতাংশ রোগী চিকিৎসাধীন রয়েছেন। ভারতে ৭৫.৮৯-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড-টিকাকরণ, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বুধবার সকাল আটটা পর্যন্ত মোট ৭৫,৮৯,১২,২৭৭ ☞ ৬ এর পাতায় দেখুন

## এসটিজিটি এসটিপিজিটি পরীক্ষা কেন্দ্রের এলাকায় ১৪৪ ধারা জারি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** এসটিজিটি, এসটিপিজিটি, টি-টেট পেপার-১ এবং ২ পরীক্ষা ২০২১ সুষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রগুলির ২০০ মিটারের মধ্যে পরীক্ষার দিনগুলিতে দুপুর ১২টা থেকে দুপুর ২.৩০ মিনিট পর্যন্ত সময়ে সদর মহকুমার মহকুমা শাসক ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ১৪৪ ধারা জারি করেছেন। এই আদেশ অনুযায়ী উল্লেখিত সময়ে ৫ বা ততোধিক ব্যক্তির জমায়েত নিষিদ্ধ করা হয়েছে। এছাড়া এই সময়ে অনুমতি ছাড়া মাইক্রোফোন ও অ্যাম্পিফায়ার এবং অন্যান্য স্বরবর্ধক যন্ত্র সংশ্লিষ্ট এলাকায় ব্যবহার করা যাবেনা। একই সঙ্গে ইট এবং পাটকেল বহন করা যাবেনা। পরীক্ষা কেন্দ্রে অ্যাডমিট কার্ডধারী ☞ ৬ এর পাতায় দেখুন

## বাংলাদেশের ঘাঁটি থেকে পালিয়ে এসে ৩ এনএলএফটি জঙ্গীর অস্ত্রসহ আত্মসমর্পণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** বাংলাদেশের ঘাঁটি থেকে পালিয়ে এসে তিন এনএলএফটি জঙ্গী আত্মসমর্পণ করেছে। তারা পয়েন্ট ২২ একটি পিস্তল এবং পাঁচ রাউন্ড তাজা কার্তুজ জমা দিয়েছে। পুলিশ জানিয়েছে, আত্মসমর্পণকারী তিন জঙ্গী এনএলএফটির পিডি গোষ্ঠীর।

পুলিশ সূত্রে সংবাদে জানা গিয়েছে, ধৃত তিন জঙ্গী হল অলিন্দ্র রিয়াং (২৫), বাড়ি উত্তর জেলার আনন্দবাজার থানার অধীন গছিরাম পাড়া, অনিন্দ রিয়াং (৩৫), বাড়ি আনন্দবাজার থানার অধীন জয়মণি পাড়া এবং দ্রাও কুমার রিয়াং (৩০), বাড়ি উত্তর জেলার আনন্দবাজার থানার অধীন



খাসিতাই পাড়ায়। তারা বুধবার পুলিশের স্পেশাল ব্রাঞ্চের কাছে আত্মসমর্পণ করেছে। তারা বাংলাদেশের রাঙামাটি জেলার বাগাইছড়ি ঘাঁটি থেকে পালিয়ে এসেছে।

পুলিশ জানিয়েছে, জিজ্ঞাসাবাদে আত্মসমর্পণকারীরা বলেছে তারা ২০১৯ সালে জঙ্গী দলে যোগদান করেচ। তারা বাংলাদেশের ঘাঁটিতে প্রশিক্ষণ নিয়েছে। তাদের যেসব প্রতিশ্রুতি দিয়ে জঙ্গীদলে সামিল করা হয়েছিল সেসব প্রতিশ্রুতি পালন করা হচ্ছে না। স্বাধীন ত্রিপুরার স্বপ্ন দেখানো হয়েছিল তাদের। কিন্তু, তারা জঙ্গী দলে যোগ দেওয়ার পর অনুভব করতে পারে তা কোন ভাবেই সম্ভব নয়। প্রচন্ড অর্থাভাব এবং খাদ্যভাবে তারা বিধ্বস্ত হয়ে পড়েছিল। শেষ পর্যন্ত উপায় না পেয়ে স্বাভাবিক জীবনে ফিরে আসার ☞ ৬ এর পাতায় দেখুন

## বর্গাদার চাষীরাও পাবেন সমস্ত সরকারী সুযোগ সুবিধা বিল আনছে রাজ্য সরকার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** বর্গাদার চাষীদের জন্য নতুন বিল আনছে ত্রিপুরা সরকার। তাতে, জমির মালিকের সাথে বর্গাদার চাষীর চুক্তি সম্পাদিত হবে। ওই চুক্তি সর্বোচ্চ ৯ বছর ১১ মাসের জন্য কার্যকর থাকবে। তাতে, বর্গাদার চাষীরাও ঋণ নেওয়া, ভর্তুকি মূল্যে সার, বীজ পাওয়া, ফসল বীমা এবং ন্যূনতম সহায়ক মূল্যে ধান বিক্রি করার সুযোগ পাবেন। আজ সচিবালয়ে একথা জানিয়েছেন শিক্ষা মন্ত্রী রতন লাল নাথ। তাঁর কথায়, আসন্ন বিধানসভা অধিবেশনে ত্রিপুরা সরকার দ্য ত্রিপুরা এগ্রিকালচারাল ল্যান্ড লিজিং বিল, ২০২১ এবং দ্য ত্রিপুরা ল্যান্ড রেভিনিউ এন্ড ল্যান্ড রিফর্মস বিলের ১২তম সংশোধনী পেশ করবে। ত্রিপুরা মন্ত্রিসভা ওই নতুন বিল এবং সংশোধনী বিলের অনুমোদন দিয়েছে।

এদিন শিক্ষা মন্ত্রী বলেন, ত্রিপুরায় বর্তমানে ৪ লক্ষ ৭২ হাজার কৃষক রয়েছেন। তাঁদের প্রত্যেকের কৃষি জমি রয়েছে। এছাড়া, ত্রিপুরায় ১ লক্ষ ৭৬ হাজার বর্গাদার চাষী রয়েছেন। সব মিলিয়ে ত্রিপুরায় কৃষি জমির মোট পরিমান ২ লক্ষ ৫৫ হাজার হেক্টর। এদিকে, ত্রিপুরায় কৃষিজাত পণ্য উতাদনের বছরভিত্তিক হিসেব দিয়েছেন তিনি। গত তিন বছরের হিসেব তুলে ধরে শিক্ষা মন্ত্রী বলেন, ২০১৮-১৯ অর্থ বছরে ৮.৩৬ লক্ষ মেট্রিক টন, ২০১৯-২০ অর্থ বছরে ৮.৫৫ লক্ষ মেট্রিক টন এবং ২০২০-২১ অর্থ বছরে ৮.৬৮ লক্ষ মেট্রিক টন কৃষিজাত পণ্য উতাদন হয়েছে।

তাঁর দাবি, ত্রিপুরায় ৯.২৭ লক্ষ মেট্রিক টন কৃষিজাত পণ্যের প্রয়োজনীয়তা রয়েছে। ফলে, ৫৯ হাজার মেট্রিক টন কৃষিজাত পণ্যের এখনো ঘাটতি রয়েছে। তিনি বলেন, কৃষিতে স্বয়ম্ভর হওয়ার লক্ষ্যেই বর্গাদার চাষীদের স্বার্থে বিল আনবে ত্রিপুরা সরকার। তাতে, জমির মালিকের সাথে বর্গাদার চাষীর চুক্তি হবে। ওই চুক্তির ফলে ইজারা দং নথিভুক্ত হবে এবং তা চুক্তির মেয়াদ সমাপ্ত হওয়া পর্যন্ত কার্যকর থাকবে। তাঁর বক্তব্য, জমির মালিকরা ওই বিল পাশ হলে বর্গাদার চাষীদের সাথে জমির চুক্তি করতে ভয় পাবেন না। ফলে, বর্গাদার চাষীরাও সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করতে পারবেন।

শিক্ষা মন্ত্রী বলেন, এখন বর্গাদার চাষীরা ঋণ, ভুর্তুকি মূল্যে সার ও বীজ, ফসল বীমা এবং কিষান ক্রেডিট কার্ডের সুবিধা পাচ্ছেন না। কিন্তু, ওই পাশ হলে জমির মালিকদের সাথে চুক্তির ভিত্তিতে বর্গাদার চাষীরাও সমস্ত সুবিধা ভোগ করতে পারবেন। তাঁরা ন্যূনতম সহায়ক মূল্যে ধান বিক্রি করতে পারবেন। তাঁর দাবি, সর্বোচ্চ ৯ বছর ১১ মাসের জন্য ওই চুক্তি সমাপ্ত হওয়ার পর পুণরায় চুক্তি করা যাবে।

তিনি জানান, মন্ত্রিসভা দ্য ত্রিপুরা এগ্রিকালচারাল ল্যান্ড লিজিং বিল, ☞ ৬ এর পাতায় দেখুন

## নিজেদের কাজের পর্যালোচনার মাধ্যমে মূল্যায়ন করতে হবে, ইঞ্জিনীয়ারদের উদ্দেশ্যে বার্তা মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** পেশাদারিত্বের সাথে পরিষেবা প্রদানে কাজ করতে হবে। নিজের দায়িত্ব সম্পর্কে অবগত থেকে লক্ষ্যমাত্রা স্থির করে সময়ের কাজ সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। সরকারি সম্পদের সঠিক ব্যবহার ও নিজেদের কাজের পর্যালোচনার মাধ্যমে মূল্যায়ন করতে হবে। আজ ৫৪তম ইঞ্জিনিয়ার্স দিবসে প্রাচ্যভারতী বিদ্যালয় প্রাঙ্গণে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব।

সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে আধুনিকতার সঙ্গে কিভাবে কাজে গতি আনা যায় তার উপর গুরুত্ব আরোপ করে মুখ্যমন্ত্রী বলেন, প্রয়োজনে বাড়তি নজরদারির মাধ্যমে কাজের গুণগতমান ও স্বচ্ছতা বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করতে হবে। সঠিক পরিকল্পনা ও ব্যবস্থাপনার মাধ্যমে কিভাবে সরকারি সম্পদের অপচয় রোধ করা যায় তার উপর গুরুত্ব আরোপ করে মুখ্যমন্ত্রী বলেন, পরিশ্রমের কোন বিকল্প নেই। পরিশ্রম করলে স্বার্থকতা মিলবে। মুখ্যমন্ত্রী বলেন, ইঞ্জিনিয়ারদের কাজ মানুষের সঙ্গে জড়িয়ে। আরও পারদর্শিতার সঙ্গে দায়িত্ব বিভাজনের মাধ্যমে কাজ করতে হবে। ছোট ছোট বিষয়গুলিকে গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে যাতে সমস্ত অংশের নাগরিকদের কাছে পরিষেবা পৌঁছে দেওয়া যায়। মুখ্যমন্ত্রী বলেন, কোভিড পরিস্থিতির মধ্যেও ৩ শতাংস ডিএ এবং পদোন্নতির বিষয়ে পদক্ষেপ নিয়েছে সরকার।

কারিগরি ও প্রযুক্তি ক্ষেত্রে বিশেষ অবদান রেখে গেছেন প্রযুক্তিবিদ এম বিশ্বেশ্বরাইয়া। তাঁর নির্দেশিত পথে জনকল্যাণে উন্নত পরিষেবা প্রদানের মাধ্যমে প্রকৌশলীগণ নিজেদের আরও বেশী করে সম্পৃক্ত করতে পারলেই সার্থকতা আসবে। মুখ্যমন্ত্রী বলেন, নিজেদের কর্মচারি মনে না করে, সরকারের অংশীদার ভেবে জনকল্যাণে নিজেদের নিয়োজিত করতে হবে। নিজের দায়িত্ব সম্পর্কে অবগত থেকে লক্ষ্যমাত্রা স্থির করে নিষ্ঠার সঙ্গে সময়ের কাজ সময়ের মধ্যে শেষ করার উপর গুরুত্ব আরোপ করেন। প্রাচ্যভারতী বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এদিনের অনুষ্ঠানে কোভিড অতিমারীতে কর্মক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য প্রথম সারির কোভিড যোদ্ধাদের বেশ কয়েকজনকে সম্মানিত করা হয়। অনুষ্ঠান উপলক্ষে বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষরোপন করেন মুখ্যমন্ত্রী। এরপর কুঞ্জবনস্থিত জলসম্পদ দপ্তর প্রাঙ্গণে এম বিশ্বেশ্বরাইয়ার আবক্ষ মূর্তিরও আবরণ উন্মোচন করেন ও পুষ্পার্ঘ দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে স্টেট ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক সুশান্ত কুমার নাথ বলেন, মডেল স্টেট করার যে লক্ষ্যমাত্রা নিয়ে সরকার কাজ করছে তাতে নিজেদের কাজের মাধ্যমে সর্বোতে সহযোগিতা করবে ইঞ্জিনিয়াররা। তার পাশাপাশি এডহক ভিত্তিতে পদোন্নতির উদ্যোগের জন্য রাজ্য সরকারকে ধন্যবাদ জানান তিনি। এদিনের অনুষ্ঠানে প্রাচ্যভারতী বিদ্যালয় পরিচালন কমিটির পক্ষে মুখ্যমন্ত্রীর হাতে একটি স্মারক লিপি তুলে দেওয়া হয়। এদিনের অনুষ্ঠানে ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ◘ বর্ষ-৬৭ ◘ সংখ্যা ৩২৪ ◘ ১৬ সেপ্টম্বর ২০২১ ইং ◘ ৩০ ভাদ্র ◘ বৃহস্পতিবার ◘১৪২৮ বঙ্গাব্দ

## সম দোষে দোষী

পণপ্রথা ভয়ঙ্কর সামাজিক অভিশাপ। পণ প্রথার বিরুদ্ধে নানা সময়ে নানাভাবে প্রতিবাদ প্রতিরোধ গড়িয়া উঠিয়াছে। কিন্তু এখনো পর্যন্ত পণপ্রথা সমাজ ব্যবস্থা থেকে পুরোপুরি মুছিয়া ফেলা সম্ভব হয় নাই। পণপ্রথার ভয়ঙ্কর অভিশাপে বহু নারীর জীবন অকালে ঝরিয়া পড়িতেছে। এই সামাজিক ব্যাধির মূলোচ্ছেদ করিতে না পারিলে সমাজকে পণপ্রথার অভিশাপ হইতে কোন দিনেই মুক্তি করা যাইবে না। বর্তমান তথাকথিত শিক্ষিত সমাজ ব্যবস্থাতেও পণপ্রথা বহাল তবিয়তে চলিতেছে। এই পণপ্রথার জন্য শুধুমাত্র যে ছেলেরাই দায়ী তাহা নহে। পণপ্রথার জন্য বহুলাংশে দায়ী মেয়েরাও। এইতার নারীসমাজ কোনভাবেই অস্বীকার করিতে পারিবে না। নারীরা কিভাবে দায়ী তাহা বলিবার অপেক্ষা রাখে না। কেননা মেয়েরাই মা-বাবার কাছ হইতে বিভিন্ন জিনিস আদায় করিবার কৌশল গ্রহণ করিয়া থাকে। মেয়েরাও অনেক ক্ষেত্রেই আত্মকেন্দ্রিক। ছোটবেলা থেকে ছেলেমেয়েদের লালন পালন করিয়া, শিক্ষা-দীক্ষার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করিয়া মা-বাবা সন্তানের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করিয়া থাকেন। তাহাদের একটাই উদ্দেশ্য, অন্তত পার্থক্য কালে ছেলেমেয়েরা তাহাদের পাশে দাঁড়াইবে। বেশিরভাগ ক্ষেত্রে ছেলেমেয়েরা এই প্রত্যাশা পূরণ করেন তাহা অস্বীকার করার উপায় নেই। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে ব্যতিক্রমী ঘটনা রীতিমতো দুঃখজনক। যে সন্তানকে জীবন যৌবন উজাড় করিয়া মানুষ করিয়া থাকেন সেই সন্তান বৃদ্ধ মা বাবার প্রতি ন্যূনতম কৃতজ্ঞতা স্বীকার করিতে চায় না। উপরন্ত মা-বাবার কাছ থেকে চাহিদামত জিনিসপত্র কড়ায়-গণ্ডায় আদায় করে নিতে বিন্দুমাত্র দ্বিধা বোধ করে না মেয়েরাও। সেক্ষেত্রে পণপ্রথার জন্য মেয়েরা তাই নয় কি? অবশ্য এ কথা অনস্বীকার্য যে, পণপ্রথার জন্য পাত্রপক্ষ বহুলাংশে দায়ী। কেননা আমাদের সমাজ ব্যবস্থায় এখনো পাত্রপক্ষ পাত্রীপক্ষের উপর চাপ সৃষ্টি করিয়া সোনা গয়না নগদ টাকা পয়সা দৃষ্টিনন্দন আসবাবপত্র সহ নানা জিনিসপত্র আদায় করিতে বিন্দুমাত্র দ্বিধাবোধ করে না। পুত্র বধূ বরণ করেছে যাওয়া বাবা-মায়েরা যেন রীতিমতো সওদাগরের ভূমিকা পালন করে থাকেন। পুত্রবধূ ঘরে নিয় আসিবার সময় গাড়ি বোঝাই করা জিনিসপত্র পাত্র পক্ষের বাড়িতে নিয়া আসা হয়। এই চিত্র নিত্যদিনের বিষয় হইয়া দাঁড়াইয়াছে। পণপ্রথার বিরুদ্ধে কঠোর আইনী ব্যবস্থা রহিয়াছে। কিন্তু সেই আইন প্রণয়নের সুযোগ বহু ক্ষেত্রেই নাই বলিলেই চলে। কেননা অন নেওয়া দেওয়ার বিষয়টি পাত্রপক্ষ প্রার্থী পক্ষ গোপন করিয়া যাবতীয় কার্য সিদ্ধি করিয়া থাকেন। আইনের ফাঁক গলে এইসব ঘটনা আদি অনন্তকাল হইতে চলিয়া আসিয়াছে। এই ভয়ঙ্কর পণপ্রথা সমাজ থেকে বিলুপ্ত করিতে হইলে সমাজ পরিবর্তন খুবই জরুরী। এজন্য দরকার সামাজিক আন্দোলন। শুধু আমাদের রাজ্যে নয়, দেশের বিভিন্ন রাজ্যে পণপ্রথা ভয়ঙ্কর আকার ধারন করিয়াছে। সাম্প্রতিককালে কেরল রাজ্যে এই পণপ্রথার বিরুদ্ধে আন্দোলন জোরদার হইতে শুরু করিয়াছে। কেরালার রাজ্যপাল স্বয়ং পণপ্রথার বিরুদ্ধে আন্দোলনমুখী হইয়া অনশনে বসিয়াছেন। এটি খুবই তাৎপর্যপূর্ণ বিষয়। পণপ্রথার বিরুদ্ধে প্রতিবাদ জানাইতে অনশনে বসিয়াছেন স্বয়ং কেরলের রাজ্যপাল।দেশ যতই উন্নতির পথে অগ্রসর হোক না কেন এখনও ভারতে পণপ্রথার মতো কলঙ্ক দেশবাসীকে দগ্ধ করিতেছে। বিয়ের নামে পাত্রী পক্ষের কাছ হইতে অগণিত জিনিস, নগদ টাকা নেওয়া এবং তাহা দিতে না পারিলে নববধূর ওপর নির্মম অত্যাচার, এমনকী পণপ্রথার কারণে আত্মহত্যা, বধূ হত্যা বহু বছর ধরিয়া চলিয়া আসিতেছে। এই প্রথার বিরুদ্ধে জনসচেতনতা বাড়াইবার লক্ষ্যে পণপ্রথার বিরুদ্ধে সরব হইলেন কেরলের রাজ্যপাল আরিফ মহম্মদ খান। তিনি বুধবার সকাল ৮টা থেকে নিজের বাসভবনে পণপ্রথার বিরুদ্ধে প্রতিবাদ স্বরূপ অনশনে বসিয়াছেন। এই প্রথম এ ধরনের প্রথার বিরুদ্ধে এরকম প্রতিবাদ দেখা গেল।বলিতে গেলে বিরল দৃশ্য। এই অনশনের আয়োজন করিয়াছিল একাধিক গান্ধী সংস্থা, যাহার সূচনা হয় কেরলের গান্ধী ভবন দিয়া এবং পণ দেওয়া ও গ্রহণের বিরুদ্ধে সচেতনতা তৈরি করিবার উদ্দেশ্যেই এই প্রতিবাদ। মহিলাদেরকে পণপ্রথার জন্য হেনস্থা হইতে হয় এবং তাহার ফলে অনেকেই আত্মহত্যার পথ বাছিয়া নিতে বাধ্য হন। রাজ্যপাল জানাইয়াছেন পণপ্রথা সমাজের অশুভ শক্তি এবং এর বিরুদ্ধে কড়া আইনও রহিয়াছে। শুধুমাত্র এর বিরুদ্ধে সাধারণ ও সামাজিক সচেতনতার প্রয়োজন।শুধু কেরালাতেই নয়, গোটা দেশে বিভিন্ন রাজনৈতিক দল সহ প্রত্যেককে নিজ নিজ অবস্থানে থাকিয়া পণপ্রথার বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রয়াস নিতে হইবে। একমাত্র সার্বিক প্রচেষ্টাতেই আমাদের সমাজ ব্যবস্থা হইতে এই ভয়ংকর পণপ্রথা দূর করা সম্ভব হইবে।

## ঠাকুর অনুকুলচন্দ্রকে প্রণাম শুভেন্দু অধিকারীর

কলকাতা ১ সেপ্টেম্বর (হি. স.) : ঠাকুর অনুকুলচন্দ্রকে প্রণাম জানালেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বুধবার তিনি টুইটে লিখেছেন, "বন্দে পুরুষোত্তম। আমি ঐশ্বরিক আধ্যাত্মিক নেতা শ্রী শ্রী ঠাকুর অনুচুলচন্দ্রকে তাঁর শুভ আভির্ভাব-তিথিতে প্রণাম জানাই।" প্রসঙ্গত, অনুকূলচন্দ্র চক্রবর্তী যিনি ঠাকুর অনুকূলচন্দ্র নামেও পরিচিত (১৪ সেপ্টেম্বর ১৮৮৮ - ২৬ জানুয়ারি ১৯৬৯) ছিলেন একজন ধর্মগুরু। অনুকূলচন্দ্র সৎসঙ্গ নামক সংগঠনের প্রবর্তক।অবিভক্ত বাংলার পাবনা জেলার হিমায়তপুরে জন্মগ্রহণ করেন, যা বর্তমানে বাংলাদেশের অন্তর্গত। অনুকূলচন্দ্র দেওঘরে তপোবন বিদ্যালয়, দাতব্য চিকিৎসালয়, ইঞ্জিনিয়ারিং

## অবিরাম বৃষ্টিতে প্লাবিত সুদান, মৃত অন্তত ৮৪

সুদান, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : অবিরাম বৃষ্টির জেরে প্লাবিত সুদানের ১১টি রাজ্য। ইতিমধ্যেই এই বন্যা প্রাণ কেড়েছে ৮৪ জনের। গুরুতর আহত হয়েছেন আরও ৬৭ জন। ভেঙে পড়েছে হাজার হাজার ঘরবাড়ি। দেশের বন্যা পরিস্থিতি এতটাই ভয়াবহ আকার ধারণ করেছে যে সুদানে জরুরি অবস্থা জারি করার চিন্তা ভাবনা করছে সুদান সরকার।

সুদানের বেসামরিক প্রতিরক্ষা বিষয়ক জাতীয় পরিষদের মুখপাত্র আবদাল রহিম বন্যা প্রসঙ্গে জানিয়েছেন, 'সুদানে বর্ষা শুরুর সময় থেকে এখনও পর্যন্ত ৮৪ জন প্রাণ হারিয়েছেন এবং ৬৭ জন আহত হয়েছেন। এই মুহূর্তে সুদানের ১১টি রাজ্যে ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। জলের তোড়ে ইতিমধ্যেই প্রায় ৮,৪০৮টি বাড়ি ধসে পড়েছে এবং ২৭, ২০০টি বাড়ি ক্ষতিগ্রস্থ হয়েছে।' তিনি আরও জানান, 'এখনও পর্যন্ত অধিকাংশ মানুষেরই মৃত্যু হয়েছে হয় বাড়ি চাপা পড়ে নয়তো বিদ্যুৎস্পৃষ্ট হয়ে।' জাতিসংঘের রিপোর্ট অনুযায়ী, এই বছর এখনও পর্যন্ত সুদানের প্রায় ৫০টি গ্রাম প্লাবিত হয়েছে। গৃহহীন হয়ে পড়েছেন প্রায় ৬৫ হাজার মানুষ। ভয়াবহ বন্যার কবলে পড়েছে সুদান। অবিরাম বৃষ্টির জেরে প্লাবিত সুদানের ১১টি রাজ্য। ইতিমধ্যেই এই বন্যা প্রাণ কেড়েছে ৮৪ জনের। গুরুতর আহত হয়েছেন আরও ৬৭ জন। ভেঙে পড়েছে হাজার হাজার ঘরবাড়ি। দেশের বন্যা পরিস্থিতি এতটাই ভয়াবহ আকার ধারণ করেছে যে সুদানে জরুরি অবস্থা জারি করার চিন্তা ভাবনা করছে সুদান সরকার। হিন্দুস্থান সমাচার / সোনালি

## একদিনে করোনা আক্রান্ত ৭৩৪

কলকাতা,১৫ সেপ্টেম্বর (হি. স.): প্রতিনিয়ত আতঙ্ক দিচ্ছে অদৃশ্য ভাইরাস করোনা। একটা গোটা বছর পেরিয়ে গেলেও পরিবর্তন হয়নি পরিস্থিতির। এরই মাঝে গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত ৭৩৪ জন। বুধবার এমনটাই খবর স্বাস্থ্য দফতরের তরফে প্রকাশিত বুলেটিন সূত্রে।

স্বাস্থ্য দফতরের বুলেটিন সূত্রে খবর, গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্ত হয়েছেন একদিনে করোনা আক্রান্ত ৭৩৪ জন। যার জেরে আক্রান্তর সংখ্যা বেড়ে ১৫,৫৮,৮৬০। করোনা আক্রান্ত হয়ে একদিনে মৃত্যু হয়েছে ১৪ জনের। যার ফলে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৮,৬১৩। করোনাকে হারিয়ে গত ২৪ ঘন্টায় সুস্থ হয়ে বাড়ি ফিরেছে ৭৫৩। ফলে সুস্থতার সংখ্যা বেড়ে ১৫,৩২,১৯৭। অপরদিকে সুস্থতার হার বেড়ে দাঁড়িয়েছে ৯৮.২৯ শতাংশ। একদিনে একদিনে করোনা পরীক্ষা হয়েছে ২৭,০৫০। হিন্দুস্থান সমাচার/ পায়েল

# '২৪-এ অলিম্পিকের সঙ্গে প্যারা অলিম্পিক নামটা জুড়তে চলেছে

### বোরিয়া মজুমদার

এবারের অলিম্পিক 'কভার' করলেন। কিন্তু প্যারা অলিম্পিক করেননি। কেন? আপনার কি মনে হয় না, প্যারা অলিম্পিক ও 'কভার' করা উচিত ছিল? বোরিয়া একশোবার উচিত ছিল। আমার ক্ষেত্রে দু'-একটা ব্যক্তিগত অসুবিধা ছিল, তার মধ্যে অর্থের সংস্থান করা একটা ব্যাপার। তাই আমি প্যারা অলিম্পিক কভার করতে যেতে পারিনি। কিন্তু ইতিমধ্যেই পরিল্পনা করে রেখেছি, প্যারিসের অলিম্পিক এবং প্যারা অলিম্পিক দুটোই কভার করব। আমার টুইট এবং ব্রডকাস্ট যদি দেখেন, আমি প্রথম থেকে বলছি, আমার কাছে অলিম্পিক এবং প্যারা অলিম্পিকের গুরুত্ব সমান। ৭৬ টা শো করেছি প্যারা অলিম্পিক নিয়ে, টিভি এবং ডিজিটাল মাধ্যমে। এর অর্ধেকও কেউ করেছেন বলে মনে হয় না। ইংরেজি-বাংলা মিশিয়ে অনেকগুলো লেখা লিখেছি প্যারা অলিম্পিক নিয়ে, বাংলার ক্ষেত্রে 'সংবাদ প্রতিদিন'-এই পরপর লিখে গিয়েছি। সশরীর উপস্থিত থাকতে না পারলেও, প্যারা অলিম্পিক নিয়ে যতটুকু আমার পক্ষে সম্ভব, আমি করেছি। 'প্যারা অলিম্পিক কমিটি অফ ইন্ডিয়াকে সাহায্য করার চেষ্টা করেছিল। আমাবর মতে, এক্ষেত্রে মেডেলাইটাই সব নয়। এখন অবনী লেখারা কে আমার উদ্‌যাপন করছি। একইভাবে যদি অবনীর মতো কেই পদক না ও জেতে, তাঁকে ও আমরা যেন উদ্‌যাপন করি। আমি চাই, পদকটা সমাজ পরিবর্তনের সূচক হোক। আপনি দীর্ঘদিন ধরে সর্বভারতীয় স্তরে প্যারা

অলিম্পিক নিয়ে কথা বলে চলেছেন। আপনার সহ সাংবাদিকদের মধ্যে এই বিষয়ে কতটা সচেতনতা রয়েছে?

বোরিয়া সচেতনাত নেইষ বলব না। প্রথম দিনে আমি একাই অ্যাথলিটদের সাক্ষাৎকার নিচ্ছিলাম জুম কলে। পদক আসা শুরু হওয়ার পর থেকেই এই চিত্রটাই বদলে গেল। সোশ্যাল মিডিডয়ায় বহু মানুষ প্যারা অলিম্পিক নিয়ে আমার শো দেখেছেন। এতে

হয়তো একটা হইচই হয়তো সত্যি হত না ১৯ টা পদক এসেছে, যে -সে কথা। আমি যতই বলি না কেন, প্যারা অলিম্পিককে সমান গুরুত্ব দিয়ে দেখো---এই সাফল্য না এলে কেউ তার মর্ম বুঝতে না। সাফল্য উদ্‌যাপনের অনুঘটক। এমন প্যারা অলিম্পিকের অ্যাথলিটদের জাতীয় স্তরের নায়ক ভাবা হচ্ছে কেন? কারণ,

প্যাটেল সরকারের থেকে তিন কোটি টাকা পাচ্ছেন। মেয়েদের খেলাধুলোর ক্ষেত্রে এটা বিপুল প্রেরণাদায়ক। সাধাণর মানুষের চোখ খুলে দিচ্ছে এই ঘটনাগুলো।

প্যারা অলিম্পিকের সাফল্য অলিম্পিককেও পিছনে ফেলে দিয়েছে। এর ফলে পরিকাঠামোর কোনও পরিবর্তন আসবে বলে কি আপনার মনে

চলেছে। সরকারি স্তরে তাই নিয়ে কথাবার্তা শুরু হয়ে গিয়েছে। এর ফলে তৃণমূল স্তরে খেলাধুলো পৌঁছতে পারে। এখন অনেকেই বলতে শুরু করেছেন, আমাদের দেশে 'ক্লাসিফায়ার ' নেই কেন? অনেকে বলেছেন, স্থানীয় স্তরে এবং আঞ্চলিক স্তরে প্যারা স্পোর্টসের প্রতিযোগিতা শুরু হোক। এভাবেই পরিবর্তন আসবে। হ্যাঁ, কোনও ব্যবস্থাই কি নিখুঁত হতে পারে? পারে না।



প্রধানমন্ত্রীরও অবদান ছিল। সবক টা সর্বভরাতীয় সংবাদপত্রের শিরোনাম হয়েছে প্যারা অলিম্পিক নিয়ে, বাংলাতেও হয়েছে, সংবাদ প্রতিদিন। এই যেমন। এমনটা এর আগে কখনও হয়েছে বলে তো মনে হয় না। আলোচনা হচ্ছে সেটা কি সাফল্য এল বলেই? বোরিয়া সাফল্য না এলে

তাঁরা পদক জিতেছেন। ব্যাডমিন্টন খেলোয়াড় সুহাস ইয়াথিরজ কেন নায়ক? কারণ, একজন সিভিল সার্ভেন্ট হয়েও তিনি প্যারা অলিম্পিকে মেডেল জিতেছেন। তার মানে, পড়াশোনা, খেলাধুলো---দুই ক্ষেত্রেই তিনি সমান কৃতী। একজন গৃহবধূ এবং প্যারা অলিম্পিকের অ্যাথলিট ভাবিনা

হয়? না কি যেমন চলছিল, তেমনই চলতে থাকবে? অ্যাথলিটিরা কি আগের মতোই পরিকাঠামো না পেয়ে কেবল মনের জোদের লড়াই করে যাবেন? বোরিয়া পবিরবর্চন হতে বাধ্য। অলিম্পিকের নন-এলিট অ্যাথলিটদের জন্য খোলা ইন্ডিয়া আছে, প্যারা অলিম্পিকের জন্য ও হতে

হয়তো দুর্নীতি থাকবে, গাফিলতি থাকবে। কিন্তু পরিবর্তন হবেই। আমি সম্প্রতি দক্ষণ কলকাতা দিয়ে যাচ্ছিলাম। একটা বাই লেনে দেখলাম একটা বড় হোর্ডিং ---তাতে প্যারা অলিম্পিয়ানদের ছবিতে মালা দেওয়া। বাজি ধরে বলতে পারি, পাঁচ বছর আগে কলকাতায় এই জিনিস হত না।

পরের প্যারা অলিম্পিকে যখন আমরা পৌঁছব, তখন সমাজরে ভিতর থেকেই পরিবর্তন আসবে বলে আশা করেন? বোরিয়া একশো শতাংশ। আমার মতে, পরবর্তী প্যারা অলিম্পিকে আমরা ৪০টা পদক জিতলেও আশ্চার্যের কিছু নেই। আরও বেশি বিভাগে ভারত অংশ নেবে, তাতে তো কোনও সন্দেহ-ই নেই। এবার আমাদের দেশে আসা এই ১৯টি পদকের আসল মূল্য--- সামাজিক চেতনার সঞ্চার। আমার দুটো পরিবর্তন চাই। প্রথমত, আমাদের পরিকাঠামো চাই। দ্বিতীয়ত, আমরা প্যারা অসিম্পিক মোটে ন'টা খেলায় অংশ নিয়েছি, আরও পাঁচ-ছ'টা খেলায় যেন অংশগ্রহণ করি। আংার মতে, এই মসয়টা অলিম্পিক এবং প্যারা অলিম্পিকের কাছে ভারতীয় ক্রিকেটের ১৯৮৩ সালের মতো। অনেক ব্ল্যান্ড তৈরি হবে। বিরাট কোহলিব পরে ভারতীয় ক্রীড়ার ব্র্যান্ড হয়ে উঠতে পারেন নীরজ চোপড়া। প্যারা অলিম্পিক থেকেও ব্র্যান্ড অ্যাম্বাসাডর উঠে আসবে। আমার মনে হয়, ভারতীয় বহুজাতিকরা এবার রিল থেকে বিয়্যালে বেশি আগ্রহী হবেন। বিনোদন থেকে খেলায় বেশি আগ্রহ দেখাবেন তাঁরা। একজন প্যারা অলিম্পিকের তারকা একজন বলিউড তারকার থেকে অনেক কম টাকা নেবেন ব্র্যান্ড অ্যাম্বাসাডর হতে। অথচ তাঁর ।বাস্তবের নায়ক -নায়িকা, মানুষকে অনুপ্রাণিত করেন।

নীরজ চোপড়ার পরে যে উদ্‌যাপন দেখা গিয়েছিল, প্যারা অলিম্পিকের পদকজয়ীদের বেলায় কি দেখা গেল? এখনও তো অনেকের কাছে প্যারা অলিম্পিক প্রান্তিক। (সৌজন্যে-সংবাদ প্রতিদিন)

# লকডাইউনে কেমন আছেন নাট্যকর্মীরা?

### সুতপা ভট্টাচার্য চক্রবর্তী

বন্ধ রোজগার, নেই ঘুরে দাঁড়ানোর রূপরেখা। লকডাউনের আঁধার থিয়েটারের মঞ্চেও। কবে ফিরবে স্বাভাবিক ছন্দ, সংশয়ে নাট্যকর্মীরা। থিয়েটারের মঞ্চের কী অবস্থা? কবে থেকে বিভিন্ন রঙ্গশালায় জ্বলে উঠবে আলো? কেমন করে দিন কাটছে বিখ্যাত নাট্যকর্মী থেকে ছোট অভিনেতা টেকনিশিয়ানদের, তা নিয়েই এই প্রতিবেদন। করোনা কাঁটাকে সঙ্গ নিয়েই ধীরে ধীরে স্বাভাবিক ছন্দে ফিরছে জীবন। রাস্তায় যত্রানবাহনের আনাগোনা। খুলে গিয়েছে অফিস কাছারিও। রোজগার জীবন ফিরছে বিনোদনও। শুরু ধারাবাহিকের শুটিংয়ের কাজও। কোভিড আতঙ্ক তো রয়েছেই। সতর্কতামূলক নানা পদক্ষেপ নেওয়া হয়েছে। তার মধ্যেই শুটিং ফ্লোরে নামার জন্য ছটফট করছেন অভিনেতা অভিনেত্রীরা। কাজ শুরু করে দিতে আর ত সইছে না সিনেমার কলাকুশলীদের। সিনেমার শুটিং শুরু হওয়ার আগে সরকারের তরফে তৈরি হয়েছে সুরক্ষা সংক্রান্ত একগুচ্ছ নিদেশিকা। যদিও থিয়েটার নিয়ে এখনও অবধি কিছু বাল হয়নি। কবে খুলবে থিয়েটার, তা নিয়ে এখন দিশেহীন পরিচলক, অভিনেতা থেকে শুরু করে কলাকুশলী প্রত্যেকে। সিনেমার সঙ্গে অনেক আর্থিক বিনিয়োগের ব্যাপার থাকে। সেখানে থিয়েটার কেবল অনুভূতি প্রকাসের জায়গা মাত্র। একেবারেই দিন আনি দিন খাই পেশা। এখনও পর্যন্ত কোনও কালচারাল পলিসি, কোনও

সংগঠন নেই। অবশ্য সরকারের দিক থেকে নির্দিষ্ট কোনও গাইডলাইন চান না, গাইডলাইন করতে গেলে থিয়েটারে অভিনয়ের খুঁটিনাটি বুধতে হবে। সেসব মাথায় রেখে গাইডলাইন করা বেশ কঠিন। তবে থিয়েটারের মঞ্চ ফের চালু করা নিয়ে সরকারি চিন্তভাবনা থাকা উচিত।

সমাজে থিয়েটারের স্থন দেখে অভিনেতা হিসেবে নিজের লজ্জা হচ্ছে। তবে আমরা এখনও আশা রাখি ভবিষ্যতে রাজ্য বা কেন্দ্রীয় সরকার থিয়েটার নিয়ে ভাবনাচিন্তা করবে। বাংলা থিয়েটারে র কোনও মুখ নেই। কাজেই নেই

কর্মহীন হকারদের কষ্ট ছুঁয়ে গিয়েছিল একদল থিয়েটার ফারামের নাট্যকর্মীদের। লোকাল ট্রেন বন্ধ। ফলে বনগাঁ এলাকায় কর্মহীন অসংখ্য হকার। অন্য সময় ট্রেনের এক কামরা থেকে অন্য কামরায় ঘুরে ঘুরে জিনিস ফিরি করেই

করা হত গরম ভাত। সামাজিক মাধ্যমে নিজেদের কাডের কথা জানাতেই শুভানুধ্যায়ীরা পাশে এসে দাঁড়ান। ক্রাউড ফান্ডিং করে দু'মাস ধরে খাওয়ানো হয় ওই অসহায় মুখগুলোকে।

একই প্রয়াস শুরু হয়েছিল কোচবিহার বহরমপুর এবং গড়িয়াতে। সব ক্ষেত্রেই মূল উদ্যোগী ছিলেন নাট্যকর্মীরা।ঃ



বর্তমান ছবিটা বোঝাতে গিয়ে উত্তর কলকাতার এক নাট্যকর্মীরা গলায় উঠে এলো থিয়েটারের গোড়ার দিকের কথা। বললেন, 'অতীতে স্টার থিয়েটারের মতো একের পর এক হল বন্ধ হয়ে গিয়েছে। বর্তমান পরিস্থিতিতে কলকাতা ও মফস্বলের প্রায় সমস্ত মঞ্চ বনধ পড়ে রয়েছে। বহু মানুষের পেশা প্রশ্নের মুখে।

নাট্যব্যক্তিত্বেদের সঙ্গে সরকারের যোগাযোগের কোনও সরাসরি মাধ্যমে। লকডাউনের দীর্ঘ সময় পেরিয়ে যাওয়ার পরেও নাট্যকর্মীদের থেকে থিয়েটারের উদ্দেশে কোনও বার্তা এসে পৌঁছয়নি। আবার এর মধ্যেই নাট্যকর্মীদের মানবিক মুখের খোঁজ ও পাওয়া গেল উত্তর ২৪ পরগনার বনগাঁও শাখায়। লকডাউনে

দিন গুজরান হয় তাঁদের। ট্রেন বন্ধ হয়ে যাওয়ার ফলে অন্ন সংস্থান তাঁদের কাছে দুঃসাধ্য হয়ে ওঠে। প্রথমে নিজেদের অর্থ দিয়েই হকারদের এক বেলা খাওয়ানো শুরু করেন তাঁরা। হকারদের সঙ্গে এই প্রয়াস শামিল করা হয় ভবঘুরেদেরও। বনগ্যাঁ স্টেশনের প্ল্যাটফমে পড়ত সারি সারি পাত। নিরন্ন মুখগুলোর সামনে পরিবেশ

য পাশে পেয়েছেন সোশ্যাল মিডিয়ায় থাকরা অসংখ্য অচেনা মুখকে। তাঁদের সাহায্যে দীর্ঘদিন খাওয়ানো হয়েছে। ক্ষুধার্তদের থিয়েটার ফোরামের সত্যজিতের কথায়, সোশ্যাল মিডিয়া থেকে অসংখ্য মানুষের সাহায্য পেয়েছি। অপরিচিত এই নেটিজেনদের পাশে না পেলে এই উদ্যোগ সফল হত না। এ বছরও লকডাউনে

আবার শুরু হয়েছে একই উদ্যোগ। বনগ্যাঁ স্টেশনে রোজ একবেলা করে খাওয়ানো হচ্ছে প্রায় ৯০ জনকে। কোচবিহারের দৈনিক ৮০ জনকে কাছে পৌঁছে যাচ্ছে খাবার। সেখানে ফাঁসিরঘাটে তোর্সা নদীর চরে বাসা বেঁধে থাকা বাসিন্দাদের সামনে পরিবেশ কর াহচ্ছে খাবার। হলদিবাড়িতে ভবঘুরেদের পাশাপাশি খাবার পৌঁছে দেওয়া হচ্ছে কোভিড রোগীদের কাছেও। বহরমপুর শহরেও ঘুরে ঘরে খাবার বিলি করা হচ্ছে। সাহায্যের হাত পৌঁছে গিয়েছে পেট্রাপোল সীমান্তেও। বিএসএফের অনুমতি নিয়ে সেখানেও ভবঘুরেদের হাতে তুলে দেওয়া হয়েছে খাবারের প্যাকেট। এই উদ্যোগের জন্য ডেকরেটর্সরা নিখরচায় তাঁদের বাসনপত্তর দিয়েছেন নাট্যকর্মীরা নিজেরাই রান্নাবান্না এবং খাবার বিলির দায়িত্ব নিয়েছেন। দলের মেয়েরা সামলাচ্ছেন রান্নার দিক। তারপর খ্যাবার প্যাকেটবন্দি করা থেকে বাসন মাজা, সে দায়িত্ব নিয়েছেন পুরুষরা। ঘুরে ঘুরে খাবার বিলি করার কাজে শামিল নারীপুরুষ নির্বিশেষে সকলেই। রোজকার খাবারে থাকছে ভাত এবং একটা তরকারি। এছাড়া মাঝে মাঝে ব্যবস্থা করা হচ্ছে মাছ বা মাংস বা ডিম। ইচ্ছে আছে গরুর দুধ এবং মরসুমি ফল হিসেবে আম খাওয়ানোরও। থিয়েটার ফোরামের এক কর্মী জানালেন, এই ধপায় যতদিন না লোকাল ট্রেন পরিষেবা আবার শুরু হচ্ছে, ততদিন তাঁদের এই উদ্যোগ জারি থাকবে। (সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



তৃণমূল কংগ্রেসের যোগদান কর্মসূচি। ছবি ঃ নিজস্ব।

## বেঙ্গালুরুতে ফ্লাইওভারের উপর বাইকে ধাক্কা গাড়ির, ৪০ ফুট নীচে পড়ে মৃত্যু দু”জনের

বেঙ্গালুরু, ১৫ সেপ্টেম্বর (হি.স.): বেঙ্গালুরুতে বেপরোয়া গাড়ির দৌরাত্ম্য কেড়ে নিল দু”জনের প্রাণ। মঙ্গলবার রাতে বেঙ্গালুরুর ইলেক্ট্রনিক্স সিটি ফ্লাইওভারের উপর একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে মোটরবাইকে ধাক্কা মারে, গাড়ির ধাক্কায় ফ্লাইওভার থেকে ৪০ ফুট নীচে পড়ে যান মোটরবাইক আরোহী যুবক-যুবতী। দুর্ঘটনাস্থলেই তাঁদের মৃত্যু হয়। বেঙ্গালুরু ট্র্যাফিক পুলিশ জানিয়েছে, এই দুর্ঘটনায় মামলা রুজু করা হয়েছে।

মঙ্গলবার রাত তখন ৯.৪০ মিনিট হবে, ইলেক্ট্রনিক্স সিটি ফ্লাইওভারের উপর একটি বালেনো গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে মোটরবাইকে ধাক্কা মারে। মোটরবাইকে একেবারে পিছন থেকে ধাক্কা মারে গাড়িটি। ভীষণ জোরে ধাক্কার জেরে দু”জন মোটরবাইক আরোহী ফ্লাইওভার থেকে পড়ে যান। মাথায় গুরুতর চোট লাগায় দুর্ঘটনাস্থলেই দু”জনের মৃত্যু হয়। বুধবার সকালে বেঙ্গালুরু ট্র্যাফিক পুলিশ জানিয়েছে, তামিলনাড়ুর নম্বর প্লেট লাগানো মোটরবাইকটি মাদিভালা থেকে হোসুর অভিমুখে যাচ্ছিল। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, অন্য একটি গাড়িকে ওভারটেক করতে গিয়েই মোটরবাইকে ধাক্কা মারে বালেনো গাড়িটি। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## দুষ্কৃতী দৌরাত্ম্য থামছেই না জগদ্দলে, বোমা ফেটে জখম দু”জন

জগদ্দল, ১৫ সেপ্টেম্বর (হি.স.): বোমা-গুলির শব্দ, দুষ্কৃতী দৌরাত্ম্যে অতিষ্ঠ হয়ে উঠছেন উত্তর ২৪ পরগনার জগদ্দলের বাসিন্দারা। বোমা ছোড়া হচ্ছে সাংসদের বাড়ি লক্ষ্য করেও! মঙ্গলবার রাতে ফের বোমা হামলার ঘটনা ঘটল জগদ্দলে। দুষ্কৃতীদের ছোঁড়া বোমা ফেটে দু”জন গুরুতর জখম হয়েছেন, তাঁদের ভাটপাড়া স্টেট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয় সূত্রে খবর, কুখ্যাত দুষ্কৃতী মহম্মদ সোনুর সাগরেদরা মঙ্গলবার রাতে এলাকায় বোমাবাজি করে। তাতে আহত হন অজিত কুমার সিং ও বিষ্ণুদেব যাদব নামে এলাকার দুই বাসিন্দা। গুরুতর জখম অবস্থায় তাঁদের নিয়ে যাওয়া হয় ভাটপাড়া স্টেট জেনারেল হাসপাতালে। আপাতত সেখানেই চিকিতসাধীন রয়েছেন তাঁরা। বোমাবাজির খবর পেয়েই জগদ্দল থানার পুলিশ পৌঁছে যায় ঘটনাস্থলে। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এক সপ্তাহের মধ্যে এই নিয়ে তৃতীয়বার জগদ্দলে বোমাবাজির ঘটনা ঘটল। এনআইএ তদন্তের মধ্যেই বোমাবাজির ঘটনা ঘটে চলেছে। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## ২৪ ঘন্টায় টিকা পেলেন ৬১.১৫-লক্ষ, ভারতে টিকাকরণ ৭৫.৮৯-কোটির উর্ধে

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): ভারতে বিগত ২৪ ঘন্টায় করোনার ভ্যাকসিন পেয়েছেন ৬১.১৫-লক্ষের বেশি মানুষ। একইসঙ্গে বাড়তে বাড়তে ভারতে ৭৫.৮৯-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড টিকাকরণের সংখ্যা। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বুধবার সকাল সাতটা পর্যন্ত মোট ৭৫,৮৯,১২,২৭৭ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় (মঙ্গলবার সারাদিনে) টিকা দেওয়া হয়েছে ৬১,১৫,৬৯০ জনকে। ভারতে ৫৪.৬০-কোটির উর্ধে পৌঁছে গেল করোনা-পরীক্ষার সংখ্যা। বুধবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৪ সেপ্টেম্বর সারা দিনে ভারতে ১৬,১০,৮২৯ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ৫৪,৬০,৫৫,৭৯৬-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ১৬,১০,৮২৯ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ২৭ হাজার ১৭৬ জন। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## করোনা বাড়ছে চিনের ফুজিয়ান প্রদেশে লকডাউন ও গণ টেস্টিংয়ের নির্দেশ

বেজিং, ১৫ সেপ্টেম্বর (হি.স.): ফের করোনার সংক্রমণ বাড়তে শুরু করেছে চিনে। চিনের ফুজিয়ান প্রদেশের পুতিয়ান শহরে একধাক্কায় অনেকটাই বেড়েছে কোভিডের সংক্রমণ, তাই আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে লকডাউন ও গণ টেস্টিংয়ের নির্দেশ দেওয়া হয়েছে চিনে। ডেল্টা প্রজাতির হানা রুখতে পার্শ্ববর্তী জিয়ামেন এবং কোয়ানঝুতেও ভ্রমণে বিধিনিষেধ আরোপ করা হয়েছে। বুধবার ন্যাশনাল হেলথ কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ফুজিয়ান প্রদেশে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৫০ জন। তার মধ্যে অধিকাংশ পুতিয়ান অঞ্চলে। গত কয়েকদিনের মধ্যে ফুজিয়ান প্রদেশে নতুন করে আক্রান্ত হয়েছেন ১৫২ জন। করোনার এই আগ্রাসন রুখতে নড়েচড়ে বসেছে ফুজিয়ান প্রদেশ।

## নির্দেশ দিল্লির আদালতের, ১৪-দিনের পুলিশ হেফাজতে ৬ জঙ্গি

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): দিল্লি পুলিশের জালে ধৃত ৬ জন জঙ্গিকে ১৪-দিনের জন্য পুলিশ হেফাজতে পাঠাল দিল্লির একটি আদালত। দিল্লি, রাজস্থান এবং উত্তরপ্রদেশে অভিযান চালিয়ে ছ’জন জঙ্গিকে গ্রেফতার করেছে দিল্লি পুলিশ। অভিযানের সহযোগী ছিল, উত্তরপ্রদেশ পুলিশের ‘সন্ত্রাস দমন শাখা’ (এটিএস)। ধৃত ৬ জঙ্গিকে বুধবার ১৪-দিনের জন্য পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। দিল্লি পুলিশ ইতিমধ্যেই জানিয়েছে, ধৃত ছ’জনের মধ্যে ওসামা এবং উত্তরপ্রদেশের প্রয়াগরাজের বাসিন্দা জিশান কামার পাক গুপ্তচর সংস্থা আইএসআই-এর প্রশিক্ষণপ্রাপ্ত। বাকি ৪ জন জঙ্গি হল-আমির, জান মহম্মদ শেখ, মূলচাঁদ এবং আবু মহম্মদ বকর। প্রত্যেকেই পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

## হাইকোর্টে অন্তর্বর্তী জামিন পেলেন গুরুদাস মান, রাজ্যকে নোটিশ উচ্চ আদালতের

চন্ডীগড়, ১৫ সেপ্টেম্বর (হি.স.): শিখ সম্প্রদায়ের ধর্মীয় অনুভুতিতে আঘাত হানায় অভিযুক্ত পঞ্জাবি গায়ক গুরুদাস মান। বুধবার গুরুদাস মানকে অন্তর্বর্তী জামিন প্রদান করল পঞ্জাব ও হরিয়ানা হাইকোর্ট। একইসঙ্গে রাজ্য সরকারকে নোটিশ পাঠিয়েছে হাইকোর্ট। শিখ সম্প্রদায়ের ধর্মীয় অনুভুতিতে আঘাত হানার দায়ে গত ২৬ আগস্ট গুরদাসের নামে মামলা দায়ের হয়।

এক সপ্তাহ আগেই গুরদাসের আবেদন খারিজ করেছিলেন অতিরিক্ত দায়রা বিচারপতি, কিন্তু বুধবার গুরুদাস মানকে অন্তর্বর্তী জামিন প্রদান করল পঞ্জাব ও হরিয়ানা হাইকোর্ট। এক সপ্তাহের মধ্যে গুরদাসকে তদন্তে যোগ দিতে বলা হয়েছে। বিচারপতি অবনীশ ঝিঙ্গান জানিয়েছেন, আবেদনকারী একজন খ্যাতনামা গায়ক এবং তিনি এমন কোনও ব্যক্তিত্ব নন যিনি লুকিয়ে থাকবেন অথবা পালিয়ে যেতে পারেন।

## দিল্লিতে এ বছরও দীপাবলিতে সমস্ত ধরনের আতশবাজি নিষিদ্ধ : কেজরিওয়াল

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): বায়ুদূষণ রুখতে দিল্লিতে এ বছরও দিপাবলীতে নিষিদ্ধ থাকবে সমস্ত ধরনের আতশবাজি। আতশবাজি পোড়ানোর পাশাপাশি বিক্রি ও মজুত রাখাও সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। বুধবার টুইট করে এমনটাই জানিয়েছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। কেজরিওয়াল এদিন দু”টি টুইট করেন। প্রথমে টুইটে লেখেন, ’বিগত ৩ বছর ধরে দীপাবলির সময় দিল্লিতে দূষণ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে, বিগত বছরের মতো এ বছরও সমস্ত ধরনের আতশবাজি মজুত, বিক্রি ও পড়ানো নিষিদ্ধ করা হচ্ছে। যাতে মানুষের জীবন বাঁচানো যায়।’ দ্বিতীয় টুইটে কেজরিয়াল জানিয়েছেন, ’গত বছর ব্যবসায়ীরা আতশবাজি মজুত রাখার পর, নিষিদ্ধ ঘোষণা করায় ব্যবসায়ীদের ক্ষতি হয়েছিল। তাই সমস্ত ব্যবসায়ীদের কাছে অনুরোধ এবার আতশবাজি একেবারেই মজুত করবেন না।’

## রাজভবনে সংক্ষিপ্ত অনুষ্ঠান, উত্তরাখণ্ডের রাজ্যপাল হিসেবে শপথ গুরমিত সিংয়ের

দেহরাদূন, ১৫ সেপ্টেম্বর (হি.স.): উত্তরাখণ্ডের নতুন রাজ্যপাল হিসেবে শপথ নিলেন লেফটেন্যান্ট জেনারেল (অবসরপ্রাপ্ত) গুরমিত সিং। বুধবার সকালে রাজভবনে আয়োজিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে লেফটেন্যান্ট জেনারেল (অবসরপ্রাপ্ত) গুরমিত সিংকে উত্তরাখণ্ডের রাজ্যপাল হিসেবে শপথবাক্য পাঠ করিয়েছেন উত্তরাখণ্ড হাইকোর্টের প্রধান বিচারপতি আর এস চৌহান। ভারতীয় সেনাবাহিনীর ডেপুটি চিফ হিসেবে অবসর নিয়েছেন গুরমিত সিং। এদিনের শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি, মন্ত্রিসভার সদস্য, মুখ্য সচিব এস এস সাধু এবং ডিজিপি অশোক কুমার এবং অন্যান্যরা। সদস্য ইস্তফা দেওয়া উত্তরাখণ্ডের প্রাক্তন রাজ্যপাল বেবি রানি মৌর্যর স্থলাভিষিক্ত হলেন গুরমিত সিং। ২০১৮ সালের ২৬ আগস্ট উত্তরাখণ্ডের রাজ্যপাল হিসেবে শপথ নেন বেবি রানি মৌর্য। কৃষ্ণ কান্ত পলের ৫ বছরের মেয়াদ শেষ হলে শপথ নেন বেবি রানি মৌর্য। গত মাসেই উত্তরাখণ্ডের রাজ্যপাল হিসেবে ৩ বছরের মেয়াদ সম্পূর্ণ করেছিলেন বেবি রানি মৌর্য। উত্তরাখণ্ডের রাজ্যপাল হিসেবে বাকি দু”বছরের মেয়াদ সম্পূর্ণ হওয়ার আগেই ইস্তফা দিয়েছেন বেবি রানি মৌর্য। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## ঝাড়খণ্ডে বাসের সঙ্গে সংঘর্ষে আগুন গাড়িতে, দগ্ধ হয়ে মৃত্যু ৫ জনের

রাঁচি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): ঝাড়খণ্ডের রামগড় জেলায় বাসের সঙ্গে সংঘর্ষের জেরে আগুন ধরে গেল একটি গাড়িতে। গাড়িতে আগুন লেগে অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু হয়েছে ৫ জনের। বুধবার সকালে ভয়াবহ দুর্ঘটনাটি ঘটেছে রামগড়ের রাজরাপ্পা থানার অন্তর্গত মুরবান্দায় ২৩ নম্বর জাতীয় সড়কে। মৃতদের নাম ও পরিচয় জানা যায়নি। সংঘর্ষের জেরে বাসের সামনের অংশও পুড়ে যায়।

পুলিশ সূত্রের খবর, বুধবার সকাল আটটা নাগাদ রাজরাপ্পা থানার অন্তর্গত মুরবান্দায় ২৩ নম্বর জাতীয় সড়কের উপর একটি বাস ও গাড়ির মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষের তীব্রতায় গাড়িতে আগুন ধরে যায়। দাউদাউ করে জ্বলতে থাকে আগুন। আগুনে পুড়ে মৃত্যু হয়েছে ৫ জনের। পরে দমকল পৌঁছে আগুন নিভিয়ে ফেলে। পুলিশ জানিয়েছেন,গাড়ির মালিক পাটনার বাসিন্দা।

## প্রকৌশলীদের শুভেচ্ছা মোদীর, বললেন তাঁদের ধন্যবাদ জানাতে কোনও শব্দই যথেষ্ট নয়

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): ইঞ্জিনিয়ার দিবসে দেশের সমস্ত ইঞ্জিনিয়ারদের শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মোদী টুইট করে জানালেন, পৃথিবীকে শ্রেষ্ঠতর ও প্রযুক্তিগতভাবে উন্নত করার ক্ষেত্রে ইঞ্জিনিয়ারদের অগ্রণী ভূমিকার জন্য ধন্যবাদ জানাতে কোনও শব্দই যথেষ্ট নয়। জন্মবার্ষিকীতে ভিসভেসভারায়াকে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী। প্রতিবছর ভারতে ১৫ সেপ্টেম্বর দিনটি প্রকৌশলী দিবস হিসেবে পালিত হয়। বুধবার সকালে টুইট করে প্রধানমন্ত্রী জানিয়েছেন, ’প্রকৌশলী দিবসে কঠোর পরিশ্রমী ইঞ্জিনিয়ারদের শুভেচ্ছা। পৃথিবীকে শ্রেষ্ঠতর ও প্রযুক্তিগতভাবে উন্নত করার ক্ষেত্রে ইঞ্জিনিয়ারদের অগ্রণী ভূমিকার জন্য ধন্যবাদ জানাতে কোনও শব্দই যথেষ্ট নয়। জন্মবার্ষিকীতে ভিসভেসভারায়াকে শ্রদ্ধা, স্মরণ করছি তাঁর কৃতিত্বের কথা।’ হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## বিজেপি-র বিরুদ্ধে বিধিভঙ্গের অভিযোগ তৃণমূলের, সাফাই প্রিয়ঙ্কার

কলকাতা, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : বিধিভঙ্গের অভিযোগে ভবানীপুরের বিজেপি প্রার্থী প্রিয়াঙ্কা টিবরেওয়ালকে চিঠি দিল নির্বাচন কমিশন। অভিযোগ, প্রিয়াঙ্কা টিবরেওয়ালের মনোনয়ন জমা দেওয়ার দিন কমিশনের নির্দেশিকা ভেঙ্গে অবৈধ ভাবে জমায়েত করেন বিজেপি সমর্থকরা। বিষয়টি নিয়ে প্রথমে কমিশনে অভিযোগ দায়ের করে তৃণমূল কংগ্রেস। পুলিশের পক্ষ থেকেও বিজেপি প্রার্থীর বিরুদ্ধে একই অভিযোগ করা হয় কমিশনে। যদিও প্রিয়াঙ্কা টিবরেওয়ালের অভিযোগ, তাঁর প্রচার বন্ধ করতেই ইচ্ছাকৃত ভাবে এমন অভিযোগ তুলছে তৃণমূল।

গত ১৩ সেপ্টেম্বর, সোমবার আলিপুরের সার্ভে বিল্ডিংয়ে গিয়ে মনোনয়ন জমা দেন প্রিয়াঙ্কা। নির্বাচন কমিশনের তরফে তাঁকে দেওয়া চিঠিতে অভিযোগ করা হয়েছে, মনোনয়ন জমা দিতে যাওয়ার আগে শম্ভুনাথ পণ্ডিত স্ট্রিটের উপরে বিজেপি প্রার্থীর সমর্থনে অবৈধ জমায়েত করা হয়। সেখানে কম করে পাঁচশো মানুষের জমায়েত হয় বলে অভিযোগ। নির্বাচন কমিশনের বিধিভঙ্গ করে প্রচুর সংখ্যক বাইক, গাড়িও সেখানে রাখা হয়। এমন কি, ধুনুচি নাচেরও আয়োজন করা হয়। তাতে অংশ নেন বিজেপি প্রার্থীও। ওই জমায়েতের ফলে শম্ভুনাথ পণ্ডিত স্ট্রিটের উপরে যানজটও তৈরি হয় বলে অভিযোগ।

যেহেতু ওই রাস্তা দিয়ে এসএসকেএম হাসপাতাল এবং শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালের রোগীদের নিয়ে অ্যাম্বুল্যান্স যায়, তাই রাস্তা থেকে ভিড় সরিয়ে দেওয়ার অনুরোধ করে পুলিশ। সেই সময় ঘটনাস্থলে শুভেন্দু অধিকারীও উপস্থিত ছিলেন বলে কমিশনের চিঠিতে জানানো হয়েছে। অভিযোগ, বার বার অনুরোধ করা সত্ত্বেও রাস্তা ফাঁকা করা হয়নি।ভবানীপুর কেন্দ্রে রিটার্নিং অফিসারের দেওয়া ওই চিঠিতে অভিযোগ করা হয়েছে, প্রিয়াঙ্কা টিবরেওয়াল মনোনয়ন দিতে যাওয়ার সময় বিজেপি-র একাধিক নেতা এবং জনপ্রতিনিধি সেখানে উপস্থিত হন। তাঁদের সঙ্গে প্রচুর সংখ্যক নিরাপত্তা কর্মী এবং গাড়িও সেখানে হাজির হয়। সবমিলিয়ে কমিশনের বেঁধে দেওয়া কোভিড সংক্রান্ত কোনও নির্দেশিকাই মানা হয়নি বলে অভিযোগ।কেন তিনি কমিশনের বেঁধে দেওয়া নির্দেশিকা মানলেন না, প্রিয়াঙ্কার কাছে সেই জবাবদিহি তলব করেছেন ভবানীপুর কেন্দ্রের রিটার্নিং অফিসার। পাশাপাশি চিঠিতে আরও বলা হয়েছে, বিধিভঙ্গ করায় বিজেপি প্রার্থীকে প্রচারের অনুমতি না দেওয়ার জন্য ভবানীপুর এবং আলিপুর থানার তরফে কমিশনকে অনুরোধও করা হয়েছে।

## এক্সপ্রেসওয়েতে গাড়ির সর্বোচ্চ গতিবেগ কমিয়ে দিল মাদ্রাজ হাইকোর্ট

চেন্নাই, ১৫ সেপ্টেম্বর (হি.স) : এবার আর গতিবেগ ১২০ নয় ৮০। এক্সপ্রেসওয়েতে সর্বোচ্চ ঘণ্টায় ৮০ কিলোমিটার বেগে গাড়ি চালানো যাবে।২০১৮ সালে কেন্দ্রীয় সরকার নোটিশ অনুযায়ী এক্সপ্রেসওয়েতে সর্বোচ্চ ঘণ্টায় ১২০ কিলোমিটার বেগে গাড়ি চালাতে অনুমতি দেওয়া হয়। তার আগে সেখানে সর্বোচ্চ ঘণ্টায় ১০০ কিলোমিটার বেগে গাড়ি চালানো যেত।

কিন্তু বুধবার হাইকোর্ট গাড়ির গতিবেগ কমাতে বলেছে। পশ্চিমবঙ্গে ইতিমধ্যেই স্থির করা হয়েছে, ন্যাশনাল হাইওয়েতে বাণিজ্যিক গাড়ির সর্বোচ্চ গতিবেগ হবে ঘণ্টায় ৮০ কিলোমিটার। স্টেট হাইওয়েতে ওই গতিবেগ হবে ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার। শহুরে এলাকায় সর্বোচ্চ গতিবেগ হবে ঘণ্টায় ৪০ কিলোমিটার। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ”সেফ ড্রাইভ সেভ লাইফ” প্রকল্পের পরে এই সিদ্ধান্তগুলি নেওয়া হয়েছে। পরিকাঠামোর অবস্থা ও প্রযুক্তির কথা বিবেচনা করে বিশেষজ্ঞরা স্থির করবেন, গাড়ির সর্বোচ্চ গতিবেগ কত হওয়া উচিত। কিন্তু মাদ্রাজ হাইকোর্টের বিচারপতি টি ভি তামিলসেলভি এবং বিচারপতি এন কিরুবাকরনকে নিয়ে গঠিত বেঞ্চ এই অবস্থান মানতে রাজি হয়নি।

বিচারপতিদের মতে, অধিকাংশ ক্ষেত্রে গাড়ির গতিবেগ বেশি হওয়ার জন্যই দুর্ঘটনা হয়। তাঁরা বলেন, ”অত্যধিক দ্রুত গতিতে গাড়ি চালানোর জন্যই দুর্ঘটনা ঘটে। পরিকাঠামো বা প্রযুক্তির উন্নতি কীভাবে দুর্ঘটনা কমাবে তা এখনও স্পষ্ট নয়।”

বিচারপতিদের মতে, গাড়ির প্রযুক্তি যত উন্নত হয়, তত বেশি জোরে গাড়ি চালানো যায়। এর ফলে দুর্ঘটনা বাড়ে। হাইকোর্ট বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত স্পিড গান, স্পিড ইন্ডিকেশন ডিসপ্লে এবং ড্রোন ব্যবহার করে ট্রাফিক আইনভঙ্গকারীদের চিহ্নিত করা। বিচারপতিরা বলেন, ”পথে যারা আইনে ভাঙে তাদের কঠোর শাস্তি হওয়া উচিত। হাই স্পিডের গাড়িতে এমন ব্যবস্থা থাকা উচিত যাতে তা অত্যধিক গতিতে না চালানো যায়।”

মাদ্রাজ হাইকোর্ট এদিন বলে, ট্রাফিক আইনভঙ্গকারীদের শাস্তি দেওয়ার জন্য এবং দুর্ঘটনায় ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণের জন্য বিশেষ আদালত গঠন করা উচিত।

## যক্ষ্মা নির্মূলে এনটিইপি-ডিএলএসএ-র যৌথ উদ্যোগে সংবেদনশীলতা সভা অনুষ্ঠিত তেজপুরে

তেজপুর (অসম), ১৫ সেপ্টেম্বর (হি.স.) : ন্যাশনাল টিউবারকিউলোসিস এলিমিন্যাশন প্রোগ্রাম (এনটিইপি) শোণিতপুর এবং জেলা লিগ্যাল সার্ভিস অথরিটি (ডিএলএসএ)-র যৌথ উদ্যোগে এক সংবেদনশীলতা সভা অনুষ্ঠিত হয়েছে তেজপুরে। জেলা আইন সেবা কর্তৃপক্ষের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এই সভার পৌরোহিত্য করেন জেলা আইন সেবা কর্তৃপক্ষের সচিব চিন্ময় বরুয়া। উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট অংশুমান ভট্টাচার্য, স্বাস্থ্য দফতরের যুগ্ম অধিকর্তা ড় জে আহমেদ, টিবি-এইচআইভি কো-অর্ডিনেটর ডা. সীমান্ত বরা, জেলা যক্ষ্মা আধিকারিক ডা. সঞ্জয় রায় প্রমুখ। ছিলেন সেশন কোর্টের আইনজীবীবর্গ, ডিএলএসএ কর্মীবৃন্দ, স্থানীয় সাংবাদিক এবং এনটিইপি শোণিতপুরের কর্মীবৃন্দও।

স্বাগত ভাষণে জেলা যক্ষ্মা আধিকারিক ডা. সঞ্জয় রায় সভার উদ্দেশ্য বিস্তারিতভাবে ব্যাখ্যা করেন। ২০২৫ সালের মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর যক্ষ্মা নির্মূলীকরণের স্বপ্ন ববাস্তবায়িত করার জন্য সুশীল সমাজকে সক্রিয় অংশগ্রহণের আবেদন জানিয়ে এনটিইপি, শোণিতপুর মিশনের সাফল্যের শরিক হওয়ার আহ্বান জানান টিবি-এইচআইভি কো-অর্ডিনেটর ডা. সীমান্ত বরা। তিনি টিবি এবং কো-মর্বিডিটি (ডায়াবেটিস, এইচআইভি ইত্যাদি) সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া, এনটিইপি শোণিতপুর টিমেট সদস্যরা টিবি নির্মূলে যে কাজ করছেন তার অত্যন্ত প্রশংসা করেছেন স্বাস্থ্য দফতরের যুগ্ম অধিকর্তা ড় জে আহমেদ।

মতবিনিময় অনুষ্ঠানে নানা প্রশ্নের উত্তর দিয়েছেন ডা. সীমান্ত বরা এবং অভিজিৎ লহকর। সভাপতির ভাষণে জেলা আইন সেবা কর্তৃপক্ষের সচিব চিন্ময় বরুয়া এনটিইপি শোণিতপুর টিমের কার্যক্রমের ভূয়সী প্রশংসা করে তাঁদের ভবিষ্যত পরিকল্পনা বাস্তবায়িত করার ক্ষেত্রে সর্বাত্মক সহযোগিতা ও সাহায্যের আশ্বাস দেন। পিপিএম কো-অর্ডিনেটর জয়দীপ রায় ধন্যবাদ জ্ঞাপন করেন। এনটিইপি, শোণিতপুরের পক্ষ থেকে তিনি ডিএলএসএ শোণিতপুরের প্রত্যেক সদস্যের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান তিনি।

## ৪ দিন ধরে ৩০-হাজারের নীচে সংক্রমণ ভারতে করোনা-মুক্ত ৯৭.৬২ শতাংশ

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): ভারতে গত কয়েকদিন ধরে নিম্নমুখী রয়েছে দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা, বিগত ৪-দিন ধরে ৩০ হাজারের নীচেই রয়েছে নতুন আক্রান্তের সংখ্যা। বিগত ২৪ ঘণ্টায় নতুন করে ভারতে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ২৭ হাজার ১৭৬ জন। গত ২৪ ঘণ্টায় কোভিডে মৃত্যু হয়েছে ২৮৪ জনের। মঙ্গলবার সারাদিনে ভারতে সুস্থ হয়েছেন ৩৮,০১২ জন, ফলে ভারতে এই মুহূর্তে মোট সুস্থতার হার ৯৭.৬২ শতাংশ। ভারতে এই মুহূর্তে মোট চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা ৩,৫১,০৮৭ জন, বিগত ২৪ ঘন্টায় রোগীর সংখ্যা কমেছে ১১,১২০ জন। বিগত ২৪ ঘন্টায় দেশে কোভিড টেস্টের সংখ্যা ১৬,১০,৮২৯।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে ২৭,১৭৬ জন সংক্রমিত হওয়ার পর দেশে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৩ কোটি ৩৩ লক্ষ ১৬ হাজার ৭৫৫ জন। বিগত ২৪ ঘন্টায় সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমেছে ১১,১২০ জন, ফলে এই মুহূর্তে শতাংশের নিরিখে ১.০৫ শতাংশ রোগী চিকিৎসাধীন রয়েছেন। ভারতে ৭৫.৮৯-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড-টিকাকরণ, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বুধবার সকাল আটটা পর্যন্ত মোট ৭৫,৮৯,১২,২৭৭ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে।

বিগত ২৪ ঘন্টায় টিকা দেওয়া হয়েছে ৬১,১৫,৬৯০ জনকে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ২৮৪ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৪,৪৩,৪৯৭ জন (১.৩৩ শতাংশ)।

ভারতে সুস্থতার সংখ্যা আরও বাড়ল, মঙ্গলবার সারা দিনে ভারতে করোনা-মুক্ত হয়েছেন ৩৮,০১২ জন। ফলে বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৩,২৫,২২,১৭১ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৭.৬২ শতাংশ। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট ৭৫ কোটি ৮৯ লক্ষ ১২ হাজার ২৭৭ জনকে করোনা-টিকা দেওয়া হয়েছে। কেরল এখনও উদ্বেগের মধ্যেই দিন কাটাচ্ছে, বিগত ২৪ ঘন্টায় কেরলে নতুন করে আক্রান্ত হয়েছেন ১৫,৮৭৬ জন ও মৃত্যু হয়েছে ১২৯ জনের। হিন্দুস্থান সমাচার। রাকেশ।




মহিলা কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস পালন করা হয় আগরতলা। ছবি ঃ নিজস্ব।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## লিভারকে সুস্থ রাখবে এমন কয়েকটি খাবার



ত্বকের পরে লিভারের মানবদেহের দ্বিতীয় বৃহত্তম অঙ্গ যার জন প্রায় ৩ পাউন্ডের মত। হজমক্রিয়া পরিচালনা, বিপাকক্রিয়া, অনাক্রম্যতা এবং দেহে বিভিন্ন পুষ্টির সঞ্চয় ইত্যাদি বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজকরে থাকে এই লিভার। বিশেষ এই অঙ্গটি দেহের কোষের প্রয়োজনীয় শক্তি এবং পুষ্টির যোগান দিয়েথাকে যেগুলো মানবদেহের কোষগুলোকে বাঁচিয়ে রাখতে সহায়তা করে। এটি রক্তনালী থেকে ক্ষতিকর পদার্থ বের করে দেয় এবং খাদ্য পরিপাকে সহায়তা করে বলে জানান মিসিসাউগা থেকে হেলাস্টিক পুষ্টিবিজ্ঞানী হারমিট সিউড়ি। লিভারের এই গুরুত্বপূর্ণ কাজগুলোকে এটি রক্তনালী থেকে ক্ষতিকর পদার্থ বের করে দেয় এবং খাদ্য পরিপাকে সহায়তা করে বলে জানান মিসিসাউগা থেকে হেলাস্টিক পুষ্টিবিজ্ঞানী হারমিট সিউড়ি। লিভারের এই গুরুত্বপূর্ণ কাজগুলোকে সচল রাখতে এবং দেহের ভারসাম্য রক্ষা করতে যে খাবারগুলো খাওয়া প্রয়োজন। রসুন— রসুন লিভারকে এনজাইম তৈরিতে সহায়তা করে যা শরীর থেকেটক্সিন বের করে দেয়। এছাড়া রসুনে প্রচুর পরিমাণে অ্যালিসিন এবং সেলেনিয়ামে নামক দুটি প্রাকৃতিক উপাদান রয়েছে যা লিভার পরিপাকে সহায়তা করে। গ্রিন টি— গ্রিন টিতে থাকা ক্যাটচিন নামক এক ধরনের উদ্ভিজ অ্যান্টি অক্সিডেন্ট লিভারের সামগ্রিক কাজ পরিচালনাকে সহায়তা করে থাকে। তাই এই গ্রিনটি টি খাওয়া লিভারের জন্য বেশ উপকারী। জাম্বুরা— জাম্বুরা ফলটি সরাসরি বা জুস করে খেলে তা ক্যান্সার উৎফাদনক উফস্পাদান এবং টক্সিন নির্মূলে লিভারকেসহায়তা করে। এই ফলটিতে প্রচুর পরিমাণে ভিটামিন সি এবং অ্যান্টি অক্সিডেন্ট রয়েছে যা লিভারের জন্য অত্যন্ত উপকারী। শালগম— শালগমে প্রচুর পরিমাণে উদ্ভিজ ফ্ল্যাভোনয়েড রয়েছে যা লিভারের সার্বিক কাজে সহায়তা করে থাকে। সবুজ শাক— সবুজ শাকে এমন কিছু উপাদান রয়েছে যা আমাদের দৈনন্দিন অন্যান্য খাবারে থাকা রাসায়নিক পদার্থ এবং কীটনাশকের সামঞ্জস্যতা রক্ষা করে থাকে যা লিভারের জন্য বেশ উপকারী।

## প্রসাধনীর 'অ্যাক্টিভ' উপাদান সম্পর্কে ধারণা



ত্বকের যত্নের জন্য বিভিন্ন প্রসাধনীতে থাকা 'অ্যাক্টিভ' উপাদান সম্পর্কে ধারণা থাকা দরকার। কারণ একটি প্রসাধনীতে সাধারণত একটি উপাদান বেশি সক্রিয় থাকে, বাকিগুলো সহ-উপাদান হিসেবে কাজ করে। তাই কোন ধরনের সক্রিয় উপাদান আপনার ত্বকের ক্ষেত্রে মানাবে সেই ধারণা থাকলে প্রসাধনী বাছাই করতেও সুবিধা হয়। ত্বকে ব্যবহৃত সেরাম, মাস্ক, ময়েশ্চারাইজার এবং অন্যান্য প্রসাধনীর কার্যকারিতাও নির্ভর করে এতে থাকা সক্রিয় উপাদানগুলোর ওপর।

'ওয়েলঅ্যান্ডগুড ডটকম'য়ে প্রকাশিত প্রতিবেদনে, ত্বকচর্চার প্রসাধনীর দুই রসায়নবিদ 'কেমিস্ট কনফেশন্স ডটকম'য়ের প্রতিষ্ঠাতা ও 'স্কিনকেয়ার ডিকোডেড' বইয়ের লেখক গ্লোরিয়া লু এবং ভিক্টোরিয়া ফু ত্বকের যত্নে ব্যবহৃত প্রসাধনীর উপাদানগুলোর গুরুত্ব ও বাদ দেওয়া যাবে এমন উপাদানগুলো সম্পর্কে ধারণা প্রদান করেন। 'অ্যাক্টিভ' উপাদান আসলে কী? 'অ্যাক্টিভ' শব্দটি সাধারণত সৌন্দর্য এবং ত্বকের যত্নে ব্যবহৃত প্রসাধন শিল্পে ব্যবহৃত হয়। এগুলো ত্বকে দীর্ঘমেয়াদী ফলাফল দেয় বলে জানান, লু। উদাহরণ স্বরূপ- ত্বক উজ্জ্বল করা, প্রশান্ত করা, বয়সের ছাপ বা বলিরেখা কমানো, অথবা 'হাইপারপিগমেন্টেইশন' কমাতে এগুলো ব্যবহৃত হয়।

লু বলেন, ''অ্যাক্টিভ' শব্দটা নিয়ন্ত্রিত না অর্থাৎ এর কার্যকারিতার পার্থক্য ঘটতে পারে। প্রকৃত অর্থে কোনো উপাদানকে 'সক্রিয়' বলে বিবেচনা করার আদর্শ মাপকাঠি নেই। তবে 'অ্যাক্টিভ' বলতে রসায়নবিদ, গবেষক, ব্র্যান্ডের প্রতিষ্ঠাতারা তাদের দাবি করা উপাদানটির কার্যকারিতা নিশ্চিত করতে সফল হয়েছেন বলে বোঝায়।"

যেভাবে বুঝবেন সক্রিয় উপাদান কার্যকর মান নির্ধারণের ঘাটতি থাকায় আদৌ 'অ্যাক্টিভ' উপাদান কতটা কার্যকর সে সম্পর্কে দ্বিধা থেকে যায়। প্রতিটা সক্রিয় উপাদানের একটা আলাদা আদর্শ আছে। তাই এর অতিরিক্ত ব্যবহার সবসময় ভালো ফলাফল নাও দিয়ে পারে। লু বলেন, "দুই থেকে ৫ শতাংশ 'নায়াসিনামাইড' ব্যবহারের কার্যকারিতা সম্পর্কে অনেক তথ্য পাওয়া যায়।"

তার মতে, কোনো ব্র্যান্ডের 'নায়াসিনামাইড'যুক্ত পণ্য থাকলে তার আশপাশের উপাদানগুলোও এতে কার্যকর ভূমিকা রাখবে।

লু বলেন, "একটা পণ্যের লেবেল দেখে এর ক্ষমতা বা কার্যকারিতা সম্পর্কে সঠিক ধারণা পাওয়া যায় না।" তিনি ব্যাখ্যা করেন, "আমরা সাধারণত দুই ধরনের মাত্রা ব্যবহার করে থাকি- ঘনত্বের স্বচ্ছতা এবং ক্লিনিকাল পরীক্ষা। যদিও ঘনত্বের দিকে খেয়াল করলে এর সম্পর্কে সঠিক ধারণা পাওয়া যাবে না।"

ঘনত্বের স্বচ্ছতা অনেক সময় বাহকের সঙ্গে মিলে সংখ্যাগত বিভ্রান্তি বাড়াতে পারে। এর মাত্রা বৃদ্ধিতে ত্বকে জ্বালাপোড়া বা অস্বস্তি দেখা দিতে পারে। তাই কোনো পণ্য ব্যবহারের আগে সেটার সম্পর্কে খানিকটা খোঁজ খবর নেওয়া প্রয়োজন বলে করেন লু। ত্বকে কোনো পণ্য ব্যবহারের আগে ত্বক বিশেষজ্ঞের সঙ্গে পরামর্শ করে নেওয়া ভালো। এছাড়াও পণ্য সম্পর্কে দ্বিধা থাকলে তাদের পণ্য বা ব্র্যান্ডের ক্লিনিকাল পরীক্ষা সম্পর্কে খতিয়ে দেখার পরামর্শ দেন, লু এবং ফু।

জানা প্রয়োজন লু এবং ফু 'বিগ ৪' বা মূল চারটি 'অ্যাক্টিভ' উপাদান ব্যবহারের পরামর্শ দিয়ে থাকেন। যদিও এটা সম্পূর্ণ তালিকা নয় তবে এর মধ্যে রয়েছে- ভিটামিন সি, রেটিনল, আলফা হাইড্রক্সি অ্যাসিড (এএইচএ), গ্লাইকোলিক বা ল্যাক্টিক অ্যাসিড এবং নায়াসিনামাইড। ফু বলেন, "এই উপাদানগুলোর কার্যকারিতা ও উপকারিতা সম্পর্কে যথেষ্ট গবেষণা করা হয়েছে এবং কীভাবে কাজ করে সে সম্পর্কে জানা গেছে। এছাড়াও অন্যান্য উপাদানগুলোর মধ্যে 'হাইয়ালুরোনিক অ্যাসিড', বিএইচএ'এস, পেপটাইড ও সেরামাইডের উপকারিতাও লক্ষ করা যায়।" আগে কোনো 'অ্যাক্টিভ' উপাদান ব্যবহার করে না থাকলে ধীরে ধীরে তা ত্বক পরিচর্যায় যুক্ত করা হল আদর্শ উপায়। এতে ত্বক কেমন প্রতিক্রিয়া করে তা বিবেচনা করে পরের ধাপে যেতে হবে। যেমন- রেটিনল প্রথম ব্যবহার শুরু করলে প্রথমে কম ঘনত্বের (০.১ থেকে ০.৩ শতাংশ) ও সপ্তাহে দুতিনবার ব্যবহার করে দেখতে পারেন। ত্বক এতে কোনো বিরূপ প্রতিক্রিয়া না দেখালে ধীরে ধীরে এর মাত্রা ও ব্যবহার বাড়ানো যেতে পারে। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হল, যে 'অ্যাক্টিভ' উপাদানই ব্যবহার করা হোক না কেনো, ত্বককে ভালো রাখতে সানব্লক ব্যবহার এড়ানো যাবে না। ত্বকের যত্নে সক্রিয় উপাদান থাকুক বা না থাকুক, নিয়মিত সানস্ক্রিন ব্যবহার জরুরি বলে মনে করেন, ফু।

## গভীরে গোপনে

মাল বোঝাইয়ের কাজ প্রায় শেষ। ক্যাপ্টেন ফ্রাঙ্কো স্থানীয় দালালদের সঙ্গে দামদস্তুর চুকিয়ে অপেক্ষা করছেন উড়াল দেওয়ার। এ যাত্রায় গ্রহটি থেকে অনেক পশুপাখি সংগ্রহ করা গেছে। ফার্স মেট জোন্স অন্যদের নিয়ে একে একে উঠছে মহাকাশযানে। এমন সময় সামনের দিকে তাকিয়ে ফ্রাঙ্কো সকৌতুকে দেখলেন তাঁরই এক ক্রু পিটারসন হেঁটে আসছে, তার হাতে একটা দড়ি, দড়ির মাথায় একটা অদ্ভুতদর্শন প্রাণী। ক্যাপ্টেনের সামনে এসে দাঁড়াল। 'আয়্যাম সরি ক্যাপ্টেন, একটু দেরি হয়ে গেল।' বলল পিটারসন, কিছুটা কুণ্ঠিত, মুখটা লাল হয়ে আছে, রোদে তেতে সম্ভবত। ফ্রাঙ্কো এগিয়ে গেলেন তার দিকে।

'এটা কী?' দোদুল্যমান ক্লান্ত বিশাল বপু নিয়ে ধীরে ধীরে বসল প্রাণীটা। চক্ষু অর্ধনির্মিলিত। আশপাশে কয়েকটা মাছির মতো পতঙ্গ ভনভন করছিল। লেজ দিয়ে সেগুলোকে তাড়ানোর চেষ্টা করল বেচারা। 'এটা একটা ওয়াব।' জবাব দিলে পিটারসন। 'এখানকারই এক স্থানীয় বাসিন্দার কাছ থেকে ৫০ সেন্ট দিয়ে কিনলাম। লোকটা বলল খুবই অসাধারণ নাকি এরা। সবাই এদের সম্মান করে। ভাবলাম, একটা নিয়ে নিই।'

'অসাধারণ?' ওয়াবটার বিশাল দেহে একটা গুঁতো দিলেন ফ্রাঙ্কো, 'এটা তো বিশালদেহী নোংরা প্রাণীই একটা।' 'জি স্যার। এটা নোংরা প্রাণীই হয়তো। তবে এখানকার লোকজন এটাকে ওয়াব বলে ডাকে।' 'হুহ! হোতা আজব প্রাণী একটা। কম করে হলেও ৪০০ পাউন্ড ওজন হবে।' ওয়াবটার অনেকখানি পশম মুঠোর মধ্যে চেপে ধরলেন ফ্রাঙ্কো। খাবি খেতে লাগল ওয়াবটা, ছোট্ট ভেজা চোখ দুটো খুলে গেল ওর, বিশাল মাথাটা ঝাঁকাতে লাগল। বিচলিত পিটারসন মুখ খুলল দ্রুত, 'খেতে মনে হয় ভালো লাগবে।' 'ঠিক আছে। দেখা যাবে।' অনুমোদনের সুরে বললেন ক্যাপ্টেন।

দুই

টেক অফের ধকলটা বেশ ভালোমতোই সামলে নিল ওয়াবটা। লাল গ্রহের সীমানা পেরিয়ে মহাশূন্যে আপন গতিতে যখন চলতে শুরু করল মহাকাশযান তখন কয়েকজন ক্রু ওপরতলায় এল ওকে পরখ করতে। হায় খোদা!' পয়লা মুখ খুলল ফ্রেঞ্চ। 'এটা কী?'

'পিটারসন বলেছে এটা একটা ওয়াব।' জবাব দিল জোন্স। 'পিটারসনই এটার মালিক।' বলতে বলতে ওয়াবটাকে একটা হালকা লাথি ঝাড়ল সে। দম বন্ধ করে দাঁড়িয়ে গেল ওয়াবটা।

'এটার হলোটা কী?' এগিয়ে এল ফ্রেঞ্চ। 'অসুস্থ হয়ে পড়ছে নাকি?' ভালো করে তাকাল ওরা বিচলিত প্রাণীটার দিকে। বিষাদমাখা চোখে ওদেরও একে একে দেখল ওয়াবটা। 'আমার মনে হচ্ছে ওর তেষ্টা পেয়েছে।' বলেই পানি আনতে গেল পিটারসন। 'অবাক হওয়ার কিছু নেই। টেক অফ করতে আমাদের ওপর দিয়েই যে ধকলটা গেল। আবার সব ব্যালাস্ট ক্যালকুলেশন সেট করতে হবে আমাকে।' বলল জোন্স। পানি নিয়ে এল পিটারসন। পানি খেয়ে মাথা ঝাঁকিয়ে সবার গায়ে ছিটিয়ে দিল খানিকটা। তারপর ধীরে ধীরে মোচড়াতে লাগল শরীর।

এমন সময় দরজার সামনে দেখা দিলেন ক্যাপ্টেন ফ্রাঙ্কো।

'দেখি কেমন মাল এটা।' এগিয়ে এলেন তিনি। খুঁটিয়ে খুটিয়ে দেখতে লাগলেন। 'মাত্র ৫০ সেন্ট দিয়ে কিনেছ?' 'ইয়েস স্যার।' জবাব দিল পিটারসন। 'এটা প্রায় সর্বভুক। আমি শস্যদানা দিয়েছিলাম। খুব পছন্দ করেছে। তারপর আলুভর্তা করে দিলাম সেটাও খেলো বেশ মজা করে। ঝুটাকাঁটাও খায়। দুধও। মনে হচ্ছে খেতে খুবই পছন্দ করে ওয়াবটা। খাওয়ার পরই শুয়ে ঘুমিয়ে পড়ে।' 'আচ্ছা,' বললেন ফ্রাঙ্কো। 'এখন বলো, এটা খেতে কেমন হবে? এটাই তো মূল প্রশ্ন। ওপরের দিকে এত মোটা এটা। অনেক চর্বি হবে। কুক কোথায়? ওকে ডাকো তো। ও কী বলে একটু ...। শরীর মোচড়ানো থামিয়ে বিচলিত দৃষ্টি মেলে ক্যাপ্টেনের দিকে তাকাল প্রাণীটা। 'রিয়েলি ক্যাপ্টেন!' অবিকল মানবকণ্ঠে কথা বলে উঠল। 'আমার মনে হয় আমরা বরং অন্য কিছু নিয়ে আলাপ করি।' পুরো ঘরে সুচপতন নীরবতা। প্রায় দম বন্ধ হওয়ার জোগাড় সবারই। 'কী হলো এটা?' পয়লা মুখ খুললেন ফ্রাঙ্কো। ঘরের লোকজনের দিকে তাকিয়ে আবার বললেন, 'কে কথা বলল?' 'ওয়াবটা স্যার।' পিটারসন বলল, 'ওটাই কথা বলেছে মনে হলো।'

ঘরের সবাই মিলে তাকাল প্রাণীটার দিকে। 'কী বলল? কী বলল ওটা?' 'বলল, আমরা যেন অন্য কিছুনিয়ে আলাপ করি।' ফ্রাঙ্কো উঠে ওয়াবটার দিকে গেলেন। চারপাশ থেকে ওটাকে ভালো করে খুঁটিয়ে খুঁটিয়ে দেখলেন। 'আমার মনে হচ্ছে ওটার ভেতর কোনো নেটিভ লুকিয়ে আছে।' বেশ ভেবেচিন্তে বললেন তিনি। 'ওটাকে কেটে ভেতরটা দেখা যাক, ঘটনাটা কী।'

'ওহ খোদা!' কাতরস্বরে বলল ওয়াবটা, 'আপনারা কি মারাকাটা ছাড়া আর কিছু ভাবতে পারেন না?' এক হাত মুষ্টিবদ্ধ করে ওয়াবের দিকে তাক করলেন ফ্রাঙ্কো, 'তুই যেই হোস না কেন আগে ওটার ভেতর থেকে বেরিয়ে আয়।' ওয়াবের মধ্যে কোনো ভাবান্তর দেখা গেল না। ঘরের সব মানুষ এক জায়গায় জড়ো হয়েছে। সবার মুখ ফ্যাকাশে, নিষ্পলকে তাকিয়ে আছে ওয়াবটার দিকে। শব্দ করে লেজ নাড়াল প্রাণীটা। আচমকা একটা ঢেঁকুর তুলল। প্রায় সঙ্গে সঙ্গেই লজ্জিতস্বরে বলল, 'আই বেগ ইওর পারডন।'

'আমার মনে হয় না ওটার ভেতরে কোনো মানুষ আছে।' প্রায় ফিসফিস করে বলল জোন্স। সব ক্রু একবার দৃষ্টি বিনিময় করল নিজেদের মধ্যে। এমন সময় এল কুক। 'আমাকে ডেকেছেন ক্যাপ্টেন।' ঘরে ঢুকেই ক্যাপ্টেনের কাছে চলে এল সে। তারপরই ওয়াবটার দিকে তাকিয়ে বলল, 'এটা কী?' 'এটা একটা ওয়াব।' বলল ফ্রাঙ্ক। 'এটাকে খেতে হবে। কীভাবে রান্না করবে ভেবে ...' 'আমার মনে হয় আমাদের একটু আলাপ করা দরকার।' বলে উঠল ওয়াবটা। কুকের বস্ফাঁরিত নেত্রকে উপেক্ষা করে ফ্রাঙ্কোর দিকে তাকাল সে, 'আপনি অনুমতি দিলে, ক্যাপ্টেন, আপনার সঙ্গে বিষয়টা নিয়ে আলাপ করতে চাই। আমি বুঝতে পারছি কিছু মৌলিক বিষয়ে আপনার সঙ্গে আমার দ্বিমত আছে।'

উত্তর দিতে অনেকটা সময় নিলেন ক্যাপ্টেন। তারপর বললেন, 'ওকে। আমার অফিসে এসো।' বলেই রুম ছেড়ে চলে গেলেন ক্যাপ্টেন।

তিন

ক্যাপ্টেনের ঘরে ঢুকে এক কোনায় গিয়ে বসল ওয়াবটা। ডেস্কের কিনারে হেলান দিয়ে ক্যাপ্টেন হাত দুটো ভাঁজ করলেন বুকের ওপর, 'অল রাইট,' বললেন তিনি, 'বলো তোমার কী বলার আছে। তুমি একটা ওয়াব? ঠিক আছে?' 'জি।' পৃথিবীর মানুষের সঙ্গে এর আগে যোগাযোগ হয়েছে কখনো?' 'না।' তাহলে ইংরেজিতে কথা বলা কীভাবে শিখলে?' 'আমি কি ইংরেজিতে কথা বলছি? আমি আসলে নির্দিষ্ট কোন ভাষায় কথা বলছি সে ব্যাপারে আমি মোটেই সচেতন না। আমি আসলে আপনার মনের ভেতরে ঢুকে...' 'আমার মন?' 'জি। সেখানে ভাষার যে গুদামঘরটা আছে, সেটাকে ভালো করে স্টাডি করেছি, ব্যস..' 'আই সি।' চিবিয়ে চিবিয়ে বললেন ক্যাপ্টেন। 'টেলিপ্যাথি, অব কোর্স।' 'আমরা অনেক পুরোনো জাতি,' বলতে শুরু করল ওয়াবটা। 'খুবই পুরোনো এবং বিপুলায়তন। বেশি চলাফেরা করা আমাদের জন্য খুব কষ্টকর। আপনি নিশ্চয়ই বুঝবেন যে এ রকম একটা ধীরগতির ভারী প্রাণী ক্ষিপ্রগতির প্রাণীদের দয়ায় বেঁচে থাকে। নিজেদের দেহটাকে রক্ষা করার কোনো উপায় আমাদের নেই। আমরা কীভাবে কারও সঙ্গে পেরে উঠব বলেন। এত ভারী শরীর, দৌড়াতে পারি না।

## আলুতে সবুজ দাগ মানে বিষক্রিয়ার লক্ষণ



'গ্রিন সিগনাল' ভালো হতে পারে, তবে আলুর ক্ষেত্রে নয়।আলু এমন একটা সবজি যা সব কিছুতেই খাওয়া যায়। সহজলভ্য হওয়াতে আলুর বিষয়ে অনেকেই খুব একটা সচেতন নয়। আলুতে অনেক সময় দাগ-ছোপ দেখেও আমরা অনায়াশে তা খেয়ে ফেলি।

তবে বিশেষজ্ঞরা সতর্ক করে দিয়ে বলছেন, আলুতে থাকা দাগ ছোপ হতে পারে নানান রোগের কারণ। আলুতে সবুজ দাগ থাকলে তা খাওয়া উচিত নয় সূর্যালোক ও উষ্ণতার কারণে আলুর গায়ে সবুজ দাগ সৃষ্টি হয়। যা মূলত উচ্চমাত্রার বিষাক্ত উপাদান সোলানিন। এই বিষ থেকে শরীর খারাপ হতেই পারে। তাই আলুতে সবুজ দাগ দেখা দিলে না খাওয়াই ভালো। ভাবতে পারেন যে আলুর সবুজ অংশ কেটে ফেলে বাকিটা ব্যবহার করা যেতে পারে। তবে এটা কোনো সমাধান না।

'হেলথলাইন ডটকম'য়ের উদ্ধৃতি দিয়ে বেস্টলাইফ ডটকম'য়ে প্রকাশিত প্রতিবেদনে জানানো হয়, আলুতে ক্লোরোফিল উৎপাদন শুরু হলে তা সবুজ হয়ে যায় যা একটা প্রাকৃতিক প্রক্রিয়া। তবে যখন এই দাগ চোখে পড়ে ততদিনে আলুতে সোলানিন উৎপাদন শুরু হয়ে যায় যা প্রাণী, পোকামাকড়, ব্যাক্টেরিয়া ও ফাঙ্গাসের হাত থেকে সুরক্ষিত রাখে। সোলানিন হল একটি বিষ যা আলুতে ছড়িয়ে পড়তে থাকে। শুধু সবুজ দাগ নয়, এবং এর উচ্চ মাত্রা মানুষের জন্য বিপজ্জনক হতে পারে। একটা খারাপ আলু হতে পারে অসুস্থতার কারণ

আলুর খোসায় সোলানিনের মাত্রা বেশি থাকে এবং আলুতে থাকা সবুজ দাগ কেটে ফেললেও সমস্যা পুরোপুরি সমাধান হয় না। ২০০৫ সালে 'রেগুলেটরি টক্সিকোলজি অ্যান্ড ফার্মাকোলজি' জার্নালে প্রকাশিত একটি 'কেস স্টাডি'তে দেখা গেছে, খোসা ছাড়ালে ৩০ শতাংশ পর্যন্ত বিষ হ্রাস পায়। তবে বাকিটা আলুতে রয়ে যায়। 'হেলথলাইন ডটকম'য়ের মতে, কতটা সোলানিন গ্রহণ করলে মানুষ অসুস্থ হতে পারে সে বিষয়ে বিশেষজ্ঞরা নিশ্চিত নন। তবে 'কেস স্টাডি'তে দেখা গেছে, দেহের প্রতিগ্রাম ওজনকে দুর্বল করতে ০.৬ মি.লি. গ্রাম সোলানিন যথেষ্ট। প্রতিবেদনে আরও জানানো হয়, বাড়তি ২০ মি.লি. গ্রাম সোলানিন যুক্ত ১৬ আউন্স আলু গ্রহণ করলে প্রতি ৩.৫ আউন্স (১০০ গ্রাম) দেশের ১১০ পাউন্ডকে অসুস্থ করে ফেলে। দুর্বল ও শিশুদের সবুজ দাগযুক্ত আলু খাওয়া থেকে বিরত রাখতে হবে। কারণ যাদের দেহের ভর কম। ফলে সোলানিনের বিষক্রিয়া হওয়ার ঝুঁকি বেশি বলে মনে করে, 'মিশিগান স্টেট ইউনিভার্সিটি'।

সোলেনিনের বিষক্রিয়া দেখা দিলে চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি ইতোমধ্যে খোসা যুক্ত বা ছাড়া অবস্থায় সবুজ দাগযুক্ত আলু খাওয়া হয়ে গেলে তার বিষক্রিয়ায় লক্ষণগুলোর দিকে লক্ষ্য রাখা প্রয়োজন। 'মেডিকেল নিউজ টুডে' অনুযায়ী, সোলানিনের বিষক্রিয়ার লক্ষণগুলো হল- জ্বর, মাথাব্যথা, পেটেব্যথা, ডায়রিয়া, দেহের তাপমাত্রা কমা, বমিভাব, ধীর হৃদগতি এবং ধীর শ্বাসক্রিয়া। এমন লক্ষণ দেখা দিলে দ্রুতই চিকিৎসকের পরামর্শ নেওয়া প্রয়োজন। মৃদু লক্ষণ ২৪ ঘণ্টার মধ্যে সমাধান হয়ে যায়। তবে মাত্রা বৃদ্ধি পেলে তা পক্ষাঘাত, খিঁচুনি, শ্বাসকষ্ট, কোমা এমনকি মৃত্যু পর্যন্ত ঘটতে পারে।

সঠিক উপায়ে সংরক্ষণ 'হেল লাইন ডটকম'য়ের মতে- আলুতে কোনো প্রকার আঘাত লাগা, অতিরিক্ত আলো ও উচ্চ তাপমাত্রা আলুতে বিষক্রিয়া বাড়াতে পারে।

তাই আলু ঠাণ্ডা, অন্ধকার স্থানে মাটিতে ছড়িয়ে রাখা ভালো। এতে সোলানিন বৃদ্ধির ঝুঁকি হ্রাস পায়। আলু অস্বচ্ছ বস্তা বা প্লাস্টিকে রাখা ভালো যেন বাড়তি আলো সংবেদন বাড়াতে না পারে। আর বাজার থেকে আলু কেনার আগে তা ভালো মতো দেখে নেওয়া দরকার। যেন এতে কোনো সবুজ দাগ না থাকে।

## এই সময়ে প্রয়োজনীয় যত ভিটামিন




খাদ্যাভ্যাস ও জীবনযাত্রার কারণে বিভিন্ন ধরনের ভিটামিনের ঘাটতি শরীরে থেকেই যায়।

সাম্প্রতিক সময়ে 'ইউনিভার্সিটি অফ ইলিনয়'য়ের করা এক গবেষণায় দেখা গেছে বেশিরভাগ মানুষই পর্যাপ্ত মাত্রায় ভিটামিন এ, সি এবং ডি গ্রহণ করতে পারেন না। তাই বলে এখন ভিটামিন ট্যাবলেট বা মাল্টি ভিটামিনের ওপর ঝাপিয়ে পড়তে হবে এর কোনো মানে নেই। বরং প্রাকৃতিক উৎস থেকেই মেটানো যেতে পারে ভিটামিনের ঘাটতি।

ভিটামিন ডি

সূর্যের আলো ত্বকে পড়লে এই ভিটামিনের শরীরে তৈরি হয়, যা আমাদের হাড় ও দাঁত সুস্থ রাখতে সাহায্য করে। এই কথা এখন মোটামুটি সবারই জানা।

তবে এই ভিটামিন উৎপন্ন করতে যে পরিমাণ সূর্যালোক দরকার তা হয়ত আমাদের শরীরে পড়ে না।

পেনসালভানিয়া'র নিবন্ধিত পুষ্টিবিদ জিনা কনসালভো 'ইট দিস নট দ্যাট ডটকম'য়ে প্রকাশিত প্রতিবেদনে বলেন, "অভিজ্ঞতা থেকে বলছি ভিটামিন ডি'র ঘাটতি খুবই সাধারণ বিষয়। কারণ আমরা বেশিক্ষণ সূর্যের আলোর সংস্পর্শে থাকি না। তাই শরীর প্রয়োজন মতো এই ভিটামিন তৈরি করতে পারে না।" উৎস: ডিম, মাছের তেল, দুধ ও টক দই ভিটামিন ডি'য়ের উৎস বলে জানান কনসালভো।

ভিটামিন বি টুয়েল

স্নায়ু, ডিএনএ ও লাল রক্ত কণিকার জন্য প্রয়োজন এই ভিটামিন। এছাড়া দেহের শক্তি বাড়াতেও এর ভূমিকা আছে। প্রাণিজ খাবার থেকে পাওয়া গেলেও উদ্ভিজ্জ খাবারে থেকে মিলবে না এই ভিটামিন। তাই যারা নিরামিষাশী তাদের এই ভিটামিনের ঘাটতি থাকাই স্বাভাবিক।

উৎস: 'ইউএস ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার (ইউএসডিএ)'য়ের তথ্যানুসারে ঘাস খাওয়া গরুর মাংস, মুরগি, সামুদ্রিক ও দুগ্ধজাত খাবার এবং ডিম থেকে মিলবে বি টুয়েল।

ভিটামিন এ

রোগ প্রতিরোধ ক্ষমতার কার্যকারিতা, কোষের বৃদ্ধি ও নিরাময় এবং হাড়ের শক্তির জন্য এই ভিটামিন খুবই প্রয়োজন।

উৎস: ইউএসডিএ'য়ের সূত্রানুসারে বাছুরের মাংস, মিষ্টি আলু ও গাজর ভিটামিন এ'র উৎকৃষ্ট উৎস। এছাড়া 'ফিশ লিভার অয়েল', যকৃত, ডিমের কুসুম, মাখন ও দুধের সর থেকেও পাওয়া যায় এই ভিটামিন।

ভিটামিন সি

কোভিড-১৯ মহামারীর শুরুর পর এই ভিটামিনের কথা কারও জানতে বাকি নেই। রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে কার্যকর, বিশেষ করে ঠাণ্ডা জনিত রোগ দূরে রাখতে ভিটামিন সি দরকার। যুক্তরাষ্ট্রের 'সেন্টারস ফর ডিজিজ কন্টোল অ্যান্ড প্রিভেনশন' আরও জানায় এই ভিটামিন শক্তিশালী অ্যান্টিঅক্সিডেন্ট যা ত্বক সুস্থ রাখার পাশাপাশি ধমনীও ভালো রাখে।

'ইউনিভার্সিটি অফ অ্যারিজোনা'র গবেষকদের করা নিরীক্ষায় দেখা গেছে ব্যায়ামের সময় চর্বি পোড়াতেও সাহায্য করে ভিটামিন সি। দেখা গেছে উপযুক্ত মাত্রায় ভিটামিন সি'র সঙ্গে দেহের চর্বি ও কোমরের মাপের সম্পর্ক রয়েছে। উৎস: টক-জাতীয় ফল ভিটামিন সি'র সবচেয়ে ভালো উৎস। কমলা ছাড়াও লাল ক্যাপ্সিকাম, মরিচ, ব্রকলি, স্ট্রবেরিতের রয়েছে ভিটামিন সি। পটাসিয়াম 'ইউনিভার্সিটি অফ ইলিনয়'য়ের গবেষণায় দেখা গেছে সুস্থ হৃদযন্ত্র এবং বৃক্কের (কিডনি) কাজের জন্য এই খনিজের প্রয়োজন। এছাড়া দুভাবে এই উপাদান পেট সমতল রাখতে সাহায্য করে। এক হল- ব্যায়ামের পর শরীর সারিয়ে তোলা এবং দেহের অতিরিক্ত পানি ও সোডিয়াম বের করে দেওয়া, যা পেটফোলাভাব কমে। উৎস: কলা, পত্রলশাক ও সবুজ সবজি এই খনিজের ভালো উৎস। ইউএসডিএ'র তথ্যানুসারে গুড় থেকে সবচেয়ে বেশি মিলবে পটাসিয়াম।



নেশা সামগ্রী প্রতিরোধে আগরতলায় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ছবি ঃ নিজস্ব।

# কৃষ্ণগঞ্জে আত্মীয় সেজে ২ লক্ষ ৩০ হাজার টাকা নিয়ে চম্পট দিল যুবক

নদিয়া,১৫ সেপ্টেম্বর(হি. স.) : আত্মীয় সেজে ১০ দিন বাড়িতে থেকে দু''লক্ষ ৩০ হাজার টাকা নিয়ে চম্পট দিল এক যুবক। ঘটনার জেরে নদিয়ার কৃষ্ণগঞ্জ থানার পুকুরপাড়া এলাকার চাঞ্চল্য ছড়িয়েছে। একইসঙ্গে কী ওই যুবককে এতদিন ঘরে থাকতে দেওয়া হল, তা নিয়েও প্রশ্ন তুলছেন এলাকার বাসিন্দারা। পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত চলছে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, কৃষ্ণগঞ্জের দুর্গাপুরের পুকুরপাড়ার গৃহবধূ অদিতি বিশ্বাসের বাপের বাড়ি হাঁসখালি থানার কমলপুরে। দু''সপ্তাহ আগে অদিতির বাবা অসীম শিকদারের বাড়িতে ওই যুবক আসে। সে নিজেকে অসীমবাবুর সম্পর্কে জেঠতুতো ভাই হিসেবে পরিচয় দেয়। নাম বলে, বাবুল শিকদার। অসীমবাবুর আদিবাড়ি উত্তরপ্রদেশ। সেখানে তাঁর জ্যাঠার ছেলেরা থাকেন। বাবুল পরিচয় দেওয়া ওই ব্যক্তি পরিবারের প্রত্যেককের নাম ঠিকানা বলে দেওয়ায় অসীমবাবুর মনে তাকে নিয়ে কোনও সন্দেহ হয়নি। বাড়িতে আশ্রয় পাওয়ার পর থেকেই বাবুল বাজার থেকে মাছ, মাংস, মিষ্টি কিনে আনতে থাকে। সে জানায়, তার স্ত্রী মারা গিয়েছে। একা থাকে। তাই তার যা টাকাপয়সা আছে তা আত্মীয়দের কাছ থেকেই খরচ করতে চায়। রোজ ভালো ভালো বাজার করায় বাড়ির কারও সন্দেহ হওয়া তো দূরের কথা, আরও বিশ্বাস বেড়ে যায়। অসীমবাবু মেয়েকে ফোনে জেঠতুতো ভাইয়ের আসার কথা জানান। বাবার মুখ থেকে কাকার গল্প শুনে অদিতিও তাকে বাড়িতে ডাকেন।অদিতির শ্বশুরবাড়িতে এসেও বছর চল্লিশের ওই যুবক বাজার করতে যান। মাছ, মাংস, ফল কোনও কিছু বাদ দেয়নি। কাকা''র আগমনে বিশ্বাস পরিবারে কার্যত উৎসব।

অদিতির শ্বশুর অমর বিশ্বাসের আধার কার্ড দিয়ে ওই যুবক মোবাইলের সিমকার্ডও কেনে। ওই বাড়িতে দিন ছয়েক কাটানোর মধ্যে ওই যুবক জেনে যায়, বাড়িতে মিস্ত্রি কাজ শুরু করবে। পাকা বাড়ির ছাদ দেওয়া হবে। কিন্তু টাকার সমস্যা আছে। ওই যুবক ছাদ করার জন্য কিছু টাকা দেওয়ার আশ্বাসও দেয়। গত ৮ সেপ্টেম্বর জমি ও পাট বিক্রির দু'' লক্ষ ৩০ হাজার টাকা বাড়ির একটি ঘরের বাক্সের মধ্যে .াখেন অমরবাবু। গৃহকর্তা অমরবাবু ও পরিবারের লোকজন কৃষ্ণনগরে আত্মীয় বাড়িতে যান। বাড়িতে অদিতি ও তাঁর জা ছাড়া কেউ ছিলেন না। সেই সুযোগে ওই যুবক বনগাঁ যাওয়ার নাম করে বাড়ি থেকে বের হয়। বাক্স ভেঙে সমস্ত টাকা নিয়ে চম্পট দেয়। অমরবাবু বলেন, চাষবাস করে সংসার চালাই। দুই ছেলে কর্মসূত্রে বাইরে থাকে। এই কয়েকদিনে টাকা কোথায় আছে, সেব্যাপারে বাড়িতে আলোচনা করেছি। বেয়াই হিসাবে প্রায় সব সময় সে কাছে থাকত।

ওর আচরণ দেখে একটি বারের জন্যও সন্দেহ হয়নি। বাড়ি থেকে ফোনে বউমা জানায়, সর্বনাশ হয়ে গিয়েছে, বাক্স ভেঙে সমস্ত টাকা নিয়ে চলে গিয়েছে। তারপর ফিরে আসি বাড়ি। আমাদের সব শেষ হয়ে গেল। অদিতি বলেন, আমি কোনওদিন কাকাকে দেখিনি। দাদুও কয়েক বছর আগে মারা গিয়েছে। দাদু বলত, আমাদের আত্মীয়রা বিভিন্ন জায়গায় রয়েছে। বিলাসপুর থেকে ওই লোকটি বাবার কাছে এসে কাকার পরিচয় দিয়েছিল। বাবাও সহজে তাকে বিশ্বাস করেছিল। শোওয়ার ঘরে একটি বাক্সে টাকা ছিল। এই দিন সকাল ১১টা নাগাদ ওই লোকটি বনগাঁয় টাকা আনতে যাওয়ার কথা বলে বাড়ি থেকে বেরিয়েছিল।বলেছিল, আমার বিয়ের সময় কিছু দিতে পারিনি। তাই ছাদ করার জন্য টাকা দিতে চায়। সেই বলে টাকা আনতে বের হয়। লোকটি চলে যাওয়ার পরে ঘরে গিয়ে দেখি বাক্স ভাঙা। তার দেওয়া নম্বারে ফোন করলেই সুইচ অফ। পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত করা হচ্ছে। হিন্দুস্থান সমাচার / সোয়েল

## প্রকৌশলীদের জন্য সংসদের আইনের সুপারিশ তথাগত রায়ের

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি. স.) : 'ইঞ্জিনিয়ারদের দিবস'-এ প্রকৌশলীদের জন্য সংসদের আইনের সুপারিশ করলেন বিজেপি-র প্রাক্তন রাজ্য সভাপতি তথা প্রাক্তন ইঞ্জিনিয়ার তথাগত রায়।

তথাগতবাবু লিখেছেন, ''আজ ইঞ্জিনিয়ার্স ডে, ভারতরত্ন স্যার মোক্ষগুণ্ডম বিশ্বেশ্বরাইয়ার জন্মদিন স্মরণ করছি। আমি রাজনীতি, লেখালেখি এবং আইন সহ জীবনে অনেক কিছু করার চেষ্টা করেছি, কিন্তু আমার মৌলিক পেশা, প্রকৌশল নিয়ে আমি গর্বিত। এটা কিছু দুঃখের বিষয় যে আছে প্রকৌশলীদের জন্য সংসদের আইন নেই। চিকিৎসক, দন্ত্যচিকিৎসক, আইনজীবী, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, আর্কিটেক্ট সকলেরই এমন আইন আছে, কিন্তু ইঞ্জিনিয়ারদের নয়। ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ভারত) দয়া করে এই বিষয়ে কিছু উদ্যোগ নেবেন?''হিন্দুস্থান সমাচার/ অশোক

## আসাদুদ্দিনকে বিজেপির 'চাচাজান' বলে কটাক্ষ রাকেশের

লখনউ, ১৫ সেপ্টেম্বর (হি.স) : আব্বাজান নিয়ে বিতর্ক শুরু হয়েছে উত্তরপ্রদেশে। সেই রেশ না কাটতেই শিরোনামে নয়া মন্তব্য। এবার ভারতীয় কিষাণ ইউনিয়নের নেতা রাকেশ টিকায়েত-র মুখে শোনা গেল আসাদুদ্দিন ওয়াসিকে নিয়ে কটাক্ষ। হায়দরাবাদের সাংসদকে বিজেপির 'চাচাজান' বলে তোপ দাগলেন কৃষক আন্দোলনের নেতা রাকেশ টিকায়েত।

কেন্দ্রের আনা কৃষি আইন নিয়ে আন্দোলন শুরু করেছে কৃষকেরা। যাদের নেতৃত্বে রয়েছেন এই রাকেশ টিকায়েত। তাদের বিক্ষোভ এখন উত্তরপ্রদেশে চলছে। আর কয়েক মাস পরে ওই রাজ্যে বিধানসভা নির্বাচন রয়েছে। সেখানে প্রার্থী দেওয়ার কথা ঘোষণা করেছেন মিম নেতা আসাদুদ্দিন ওয়াইসি। সেই লক্ষ্যে উত্তরপ্রদেশে গিয়ে একাধিক জনসভা করেছেন আসাদুদ্দিন।

মুসলিমদের হয়ে কথা বলা আসাদুদ্দিনকে বিজেপির বি-টিম বলে কটাক্ষ করা হয়ে থাকে। সেই একই সুর শোনা গিয়েছে রাকেশ টিকায়েতের গলায়। তিনি বলেছেন, ''বিজেপির 'চাচাজান' আসাদুদ্দিন ওয়াইসি উত্তরপ্রদেশে পা রেখেছে। তিনি বিভিন্ন সময়ে বিজেপিকে আক্রমণ করে নানাবিধ কটুক্তি করেছেন। কিন্তু কখনই তাঁর নামে কোনও মামলা দায়ের করা হয়নি।'' অন্যদিকে, উত্তরপ্রদেশ সফর শেষ করে ওই রাজ্যের সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের মানুষদের দৈন্যদশার ছবি তুলে ধরেছেন আসাদুদ্দিন ওয়াইসি। সেই সঙ্গে মুসলিমদের অনুন্নয়নের জন্য কাঠগড়ায় তুলেছেন যোগী আদিত্যনাথ পরিচালিত উত্তরপ্রদেশ রাজ্য সরকারকে। হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

## মরিসনের সঙ্গে কথা মোদীর, আসন্ন কোয়াড বৈঠক-সহ নানা বিষয়ে বার্তালাপ

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসনের সঙ্গে কথা বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সাম্প্রতিক ২ ২ বার্তালাপ-সহ ভারত-অস্ট্রেলিয়ার সমন্বিত কৌশলগত অংশীদারিত্বের দ্রুত অগ্রগতি নিয়ে তাঁরা আলোচনা করেছেন। পাশাপাশি আমেরিকায় আসন্ন কোয়াড বৈঠক নিয়েও বুধবার স্কট মরিসনের সঙ্গে কথা বলেছেন প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী নিজেই টুইট করে জসনিয়েছেন, 'আমার বন্ধু স্কট মরিসনের সঙ্গে কথা বলে আনন্দিত। সাম্প্রতিক ২ ২ বার্তালাপ-সহ ভারত-অস্ট্রেলিয়ার সমন্বিত কৌশলগত অংশীদারিত্বের দ্রুত অগ্রগতি নিয়ে পর্যালোচনা করেছি। আসন্ন কোয়াড বৈঠক নিয়েও বুধবার স্কট মরিসনের সঙ্গে কথা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

## তৃতীয় পর্যায়ের ট্রায়াল, ভারতে অনুমোদন পেল স্পুটনিক লাইট

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): ভারতে তৃতীয় পর্যায়ের ট্রায়ালের জন্য অনুমোদন পেল কোভিড-১৯ ভ্যাকসিন স্পুটনিক লাইট। এর আগে জুলাই মাসে ভারতে রাশিয়ার স্পুটনিক লাইট টিকার তৃতীয় পর্যায়ের ট্রায়ালের অনুমতি পায়নি ডক্টর রেড্ডি'জ। কিন্তু, বুধবার তৃতীয় পর্যায়ের ট্রায়ালের অনুমতি পেয়ে গেল। প্রসঙ্গত, স্পুটনিক লাইট টিকার তৃতীয় পর্যায়ের ট্রায়ালের পিছনে কোনও বৈজ্ঞানিক ভিত্তি নেই বলে আগে জানিছিলেন বিশেষজ্ঞরা। তাই আবেদন নাকচ করা হয়েছিল।

ভারতে স্পুটনিক ভি টিকার ব্যবহারের অনুমতি দেওয়া হলেও এখনও অনুমতি পায়নি স্পুটনিক লাইট। এই টিকার ব্যবহারের জন্য আগে আবেদন করেছিল ডক্টর রেড্ডি'জ। স্পুটনিক ভি-র দুটি টিকা নিতে হয়। তার মধ্যে প্রথমটি হল মূল টিকা ও দ্বিতীয়টি টিকার কার্যকারিতা বাড়ানোর জন্য একটি বুস্টার। প্রথম টিকা থেকে তৈরি করা হয়েছে স্পুটনিক লাইট। এর একটিই টিকা দেওয়ার কথা। স্পুটনিক ভি-র দু'টি টিকারই ট্রায়াল করেছে ডক্টর রেড্ডি'জ। এ বার স্পুটনিক লাইটের কার্যকারিতা বোঝার জন্য তৃতীয় ট্রায়ালের অনুমোদন মিলল।

## বৃহস্পতিবার ভূপেন্দ্র প্যাটেলের মন্ত্রিসভার শপথগ্রহণ, নতুন মন্ত্রী নিয়ে জল্পনা

আহমেদাবাদ, ১৫ সেপ্টেম্বর (হি.স.): গুজরাটের নতুন মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেলের মন্ত্রিসভার শপথগ্রহণ অনুষ্ঠান বৃহস্পতিবার। ওই দিন দুপুর ১টা ৩০ মিনিটে গান্ধীনগরের রাজভবনে শপথগ্রহণ অনুষ্ঠানটি শুরু হবে। বুধবার গুজরাটের মুখ্যমন্ত্রীর কার্যালয় থেকে এই তথ্য প্রকাশ করা হয়েছে। নতুন মন্ত্রী কারা হচ্ছেন, তা এখনও ঘোষিত হয়নি। তাই জল্পনা বাড়ছে। এর আগে জানানো হয়েছিল, বুধবার হবে নতুন মন্ত্রীদের শপথগ্রহণ অনুষ্ঠান। কিন্তু, পরে ঠিক হয় বুধবারের পরিবর্তে বৃহস্পতিবার হবে নতুন মন্ত্রীদের শপথগ্রহণ অনুষ্ঠান। রাজ্যপাল আচার্য দেবব্রতর অফিসার অন স্পেশাল সিউটি মণীশ ভরদ্বাজ জানিয়েছেন, বৃহস্পতিবার দুপুর ১.৩০ মিনিটে হবে শপথগ্রহণ অনুষ্ঠান। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## টেলিকম ক্ষেত্রে বিরাট সংস্কার, ১০০ শতাংশ বিদেশি বিনিয়োগে ছাড়

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স) : অর্থনৈতিক সংস্কারের লক্ষ্যে বড় পদক্ষেপ নিল কেন্দ্রীয় সরকার । টেলিকম সেক্টরে ১০০ শতাংশ বিদেশি বিনিয়োগে ছাড় দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা । বুধবার কেন্দ্রীয় মন্ত্রিসভা এই ছাড়পত্র দেয় । এর ফলে টেলিকম সেক্টরে বিদেশি বিনিয়োগের রাস্তা আরও সহজ হল ভারতে । যদিও বিরোধীরা কেন্দ্রের এই সিদ্ধান্তের তীব্র প্রতিক্রিয়া দিয়েছে। সবার আগে মুখ খুলেছে সিপিএম। প্রধানমন্ত্রীর হাতে গোনা কয়েকজন কর্পোরেট বন্ধুকে সুবিধা পাইয়ে দিতে টেলিকম সেক্টরে ১০০ শতাংশ বিদেশি বিনিয়োগে ছাড় দেওয়া হয়েছে বলে সিপিএমের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে । এদিন মন্ত্রিসভা বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হন কেন্দ্রীয় টেলিকম মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো । তিনি বলেন, 'টেলিকম সেক্টরে ১০০ শতাংশ এফডিআই-এ ছাড় দেওয়া হল । এতদিন ৪৯ শতাংশ পর্যন্ত বিনিয়োগ করা যেত অটোম্যাটিক রুটে । এদিন কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে ঠিক হয়েছে অটোম্যাটিক রুটে টেলিকম সেক্টরে এবার থেকে ১০০ শতাংশ প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ হবে ।'

## 'ইঞ্জিনিয়ারদের দিবস'-এ বার্তা অমিত শাহর

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি. স.) : 'ইঞ্জিনিয়ারদের দিবস'-এ বার্তা দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বুধবার তিনি টুইটে লিখেছেন, ''স্যার এম বিশ্বেশ্বরায়াকে তাঁর জয়ন্তীতে শ্রদ্ধা জানাই। তিনি দক্ষ প্রকৌশলী ছিলেন, সর্বস্তরের মানুষের জন্য অনুপ্রেরণা। আমাদের উজ্জ্বল প্রকৌশলীদের যাঁরা তাঁদের আশ্চর্যজনক উদ্ভাবনের মাধ্যমে আত্মনির্ভর ভারতকে দেখার জন্য নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন প্রকৌশলী দিবসের শুভেচ্ছা জানাই।'' হিন্দুস্থান সমাচার/ অশোক

## ১৭ সেপ্টেম্বর এসসিও সম্মেলন, ভার্চুয়ালি বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): আগামী ১৭ সেপ্টেম্বর, শুক্রবার এসসিও কাউন্সিল অফ হেড অফ স্টেট সম্মেলনে বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বুধবার কেন্দ্রীয় বিদেশ মন্ত্রকের পক্ষ থেকে এমনটাই জানানো হয়েছে। তাজিকিস্তানের দুশানবে-তে হাইব্রিড ফরম্যাটে আয়োজিত এসসিও কাউন্সিল অফ হেড অফ স্টেট সম্মেলনের ২১ তম সভায় বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী।

সভার পৌরহিত্য করবেন তাজিকিস্তানের প্রেসিডেন্ট এমোমালি রাহমোন। ভার্চুয়ালি ভারতীয় প্রতিনিধি দলকে নেতৃত্ব দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সম্মেলনের পূর্ণাঙ্গ অধিবেশনে বক্তব্য রাখবেন। দুশানবে-তে ভারতের প্রতিনিধিত্ব করবেন কেন্দ্রীয় বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## উদ্বোধনের অপেক্ষায় প্রতিরক্ষা মন্ত্রকের দু''টি অফিস, খরচ হয়েছে ৭৭৫ কোটি টাকা

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): উদ্বোধনের অপেক্ষায় প্রতিরক্ষা মন্ত্রকের দু''টি নতুন অফিস। বৃহস্পতিবার, ১৬ সেপ্টেম্বর মধ্য দিল্লির কস্তুরবা গান্ধী মার্গে এবং চাণক্যপুরীর কাছে আফ্রিকা অ্যাভিনিউতে ডিফেন্স অফিস কমপ্লেক্সের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পাশাপাশি প্রধানমন্ত্রী কথা বলবেন সেনাবাহিনী, নৌবাহিনী, বায়ুসেনা এবং সিভিলিয়ান অফিসারদের সঙ্গে। বুধবার প্রধানমন্ত্রীর দফতর (পিএমও)-এর পক্ষ থেকে এমনটাই জানানো হয়েছে।

দু''টি বিল্ডিং, একটি কস্তুরবা গান্ধী মার্গে এবং অপরটি চাণক্যপুরীর কাছে আফ্রিকা অ্যাভিনিউতে, ৭৭৫ কোটি টাকা ব্যয়ে তৈরি করা হয়েছে। কস্তুরবা গান্ধী মার্গের ৪.৫২ লক্ষ স্কোয়ার ফুটে ১৪টি অফিস স্থানান্তরিত করা হচ্ছে এবং চাণক্যপুরীর কাছে আফ্রিকা অ্যাভিনিউতে ৫.০৮ লক্ষ স্কোয়ার ফুটে স্থানান্তরিত করা হচ্ছে ১৩টি অফিস।

## ২৪ ঘন্টায় মৃত্যু ৭৩ জনের, পাকিস্তানে করোনা-মুক্ত ১.১০-কোটির বেশি

ইসলামাবাদ, ১৫ সেপ্টেম্বর (হি.স.): পাকিস্তানে ধীরে ধীর কমছে করোনা-আক্রান্ত রোগীর সংখ্যা। বিগত ২৪ ঘন্টায় পাকিস্তানে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ২,৭১৪ জন। মঙ্গলবার সারাদিনে পাকিস্তানে মৃত্যু হয়েছে ৭৩ জনের। পাকিস্তানে এযাবত করোনা কেড়ে নিয়েছে ২৬,৯৩৮ জনের প্রাণ এবং মোট আক্রান্তের সংখ্যা ১ কোটি ২১ লক্ষ ১২ হাজার ৮০৯ জন। ইতিমধ্যেই সুস্থ হয়েছেন ১ কোটি ১০ লক্ষ ০৮ হাজার ৩৩৯ জন।

বুধবার পাকিস্তানের স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় পাকিস্তানে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ২, ৭১৪ জন এবং মৃত্যু হয়েছে ৭৩ জনের। সবমিলিয়ে পাকিস্তানে এখনও পর্যন্ত আক্রান্তের সংখ্যা বেড়ে হল ১,২১২,৮০৯। পাকিস্তানে এই মুহূর্তে সক্রিয় রোগীর সংখ্যা ৭৭,৫৩২। পাকিস্তানে পজিটিভিটি রেট ৪.৭৮ শতাংশ। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## অসমের স্কুলগুলিতে এখনই নবম, দশম এবং একাদশ শ্রেণির পঠনপাঠনের সম্ভাবনা নাকচ স্বাস্থ্যমন্ত্রীর

দুধনৈ (অসম), ১৫ সেপ্টেম্বর (হি.স.) : খুব শিগগির রাজ্যের স্কুলগুলিতে নবম, দশম এবং একাদশ শ্রেণির পঠন-পাঠন শুরু হওয়ার সম্ভাবনা নাকচ করে দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী কেশব মহন্ত। আজ বুধবার এ সম্পর্কে সাংবাদিকদের জিজ্ঞাসার উত্তরে সোজাসুজি বলেছেন স্বাস্থ্যমন্ত্রী।

আজ গোয়ালপাড়া জেলার দুধনৈয়ে এসেছেন স্বাস্থ্যমন্ত্রী কেশব মহন্ত। নির্মীয়মাণ আয়ুর্বেদিক হাসপাতাল এবং তার সংলগ্ন স্থান পরিদর্শনে এসেছেন। দুধনৈ আয়ুর্বেদিক হাসপাতালের কাছে প্রস্তাবিত আয়ুর্বেদিক কলেজের জন্য নির্ধারিত ১৫৬ বিঘা জমিও পরিদর্শন করেছেন স্বাস্থ্যমন্ত্রী মহন্তই। সব দেখে সাংবাদিকদের সঙ্গে আলাপচারিতায় স্বাস্থ্যমন্ত্রীর ঘোষণা, খুব শীঘ্র এই আয়ুর্বেদিক হাসপাতালকে মহাবিদ্যালয়ে উন্নীত করা হবে। মন্ত্রী জানান, আজ থেকে দুজন সরকারি কর্মচারীকে এই হাসপাতালে নিয়োগ করতে জেলাশাসককে নির্দেশ দিয়েছেন তিনি।

এদিকে রাজ্যের স্কুলগুলিতে কবে থেকে অফলাইনে নবম, দশম এবং একাদশ শ্রেণির পঠন-পাঠন শুরু হবে, জানতে চাইলে স্বাস্থ্যমন্ত্রী বলেন, খুব শিগিগর অফলাইনে নবম, দশম এবং একাদশ শ্রেণির পঠন-পাঠন শুরু হওয়ার কোনও সম্ভাবনা নেই। কেননা, এখনও কোভিড সংক্রমণে আশানুরূপভাবে কমেনি। তাই ১৮ বছরের নীচের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে কোনও ঝুঁকি নিতে চাইছে না সরকার, বলেন স্বাস্থ্যমন্ত্রী কেশব মহন্ত।

## রাজ্যবাসীর মঙ্গলার্থে আউনিআঁটি সত্রে পুজো সপত্নীক মুখ্যমন্ত্রীর, কলিয়াপানিতে করলেন সরকারি আইন মহাবিদ্যালয়ের শিলান্যাস

টিয়ক (অসম), ১৫ সেপ্টেম্বর (হি.স.) : যোরহাট জেলার টিয়কে অবস্থিত মাধবদেবের হাতে স্থাপিত ঐতিহাসিক ঢেকিয়াখোয়া বড়নামঘর এবং শ্রীশ্রী আউনিআঁটি সত্রে এসে অসমবাসীর মঙ্গলার্থে প্রদীপ জ্বালিয়ে, নৈবেদ্য নিবেদন করে পুজোপাঠ করেছেন সপত্নীক মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। এছাড়া আজ তিনি কলিয়াপানিতে সরকারি আইন মহাবিদ্যালয়েরও শিলান্যাস করেছেন।

আউনিআঁটি সত্রের সত্রাধিকার ড় পীতাম্বর দেবগোস্বামী অন্য ভক্ত বৈষ্ণবদের উপস্থিতিতে মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মাকে 'কর্ম শিরোমণি' সম্মানে বিভূষিত করেছেন। এর পর উচ্চ শিক্ষা প্রসারের ক্ষেত্রে এক যুগান্তর প্রতিশ্রুতি রূপায়ণ করতে সত্র সংলগ্ন কলিয়াপানিতে যোরহাট সরকারি আইন মহাবিদ্যালয়ের নির্মাণকার্যের মাঙ্গলিক শুভারম্ভ করেছেন মুখ্যমন্ত্রী। এ উপলক্ষ্যে এক গাম্ভীর্যপূর্ণ অনুষ্ঠানের আয়োজন হয়। অনুষ্ঠানে রাজ্যের দুর্যোগ ব্যবস্থাপনা দফতরের মন্ত্রী যোগেন মোহন, শিক্ষামন্ত্রী রণোজ পেগু, যোরহাটের সাংসদ তপন কুমার গগৈ, রাজ্যসভার সদস্য (সাংসদ) কামাখ্যা প্রসাদ তাসা, টিয়কের বিধায়ক রেণুপমা রাজখোয়া, মরিয়নির প্রাক্তন বিধায়ক রূপজ্যোতি কুর্মি, মুখ্যমন্ত্রীর পত্নী রিনিকি ভুইয়াঁ শর্মা সহ বিজেপির বহু নেতা-কর্মী এবং প্রশাসনিক উচ্চপদস্থ এবং পদস্থা আধিকারিক অংশগ্রহণ করেছেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রায় ১৪ কোটি টাকা ব্যয় সাপেক্ষে নির্মীয়মাণ এই আইন মহাবিদ্যালয় আগামী দু-বছরের মধ্যে সম্পূর্ণ হবে। এতে ছাত্রছাত্রীরা ন্যূনতম খরচে আইন বিষয়ে পড়ার সুবিধা পাবেন, বলেন মুখ্যমন্ত্রী ড় শর্মা। এর পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখক্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা বলেন, মুখ্যমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর আজ প্রথম এসেছেন মাধবদেবের হাতে স্থাপিত ঐতিহাসিক ঢেকিয়াখোয়া বড়নামঘর এবং শ্রীশ্রী আউনিআঁটি সত্রে। পবিত্র ভাদ্র মাসে এই সত্রে এসে অসমবাসীর মঙ্গলার্থে প্রদীপ জ্বালিয়ে, পুষ্প-নৈবেদ্য সহকারে পুজো দিয়েছেন। বলেন, ঢেকিয়াখোয়া বড়নামঘরে 'অসম দর্শন' এবং 'আনটাইড ফান্ড'-এর অধীনে বহু উন্নয়নমূলক কাজ চলছে। বড়নামঘরের পরিকাঠামো উন্নয়নে অতিরিক্ত এক কোটি টাকার অনুদান দেওয়া হবে বলে জানান মুখ্যমন্ত্রী। এছাড়া জানান, বড়নামঘর সমিতির অনুরোধে রাজ্য সরকার ঢেকিয়াখোয়া বড়নামঘর থেকে জাজিমুখ সংযোগী এবং ঢেকিয়াখোয়া বড়নামঘর আলিমুরের মূল তোরণ থেকে বড়নামঘর সংযোগী তিন কিলোমিটার রাস্তা নির্মাণের পদক্ষেপ নেওয়া হবে। তাছাড়া শ্রীশ্রী মাধবদেবের নামে একটি কলাক্ষেত্র নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি চিহ্নিত করতে যোরহাটের জেলাশাসককে নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

## উত্তরপূর্বীয় জনস্বাস্থ্য মন্ত্রীদের জলজীবন মিশন সম্মেলনে যোগ দিতে বৃহস্পতিবার গুয়াহাটি আসছেন কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্রসিং

গুয়াহাটি, ১৫ সেপ্টেম্বর (হি.স.) : উত্তর-পূর্বাঞ্চলের জনস্বাস্থ্য কারিগরি দফতরের মন্ত্রীদের নিয়ে অনুষ্ঠেয় জলজীবন মিশন সম্মেলনে যোগ দিতে আগামীকাল বৃহস্পতিবার গুয়াহাটি আসছেন কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্রসিং শেখাওয়াত। গুয়াহাটির খানাপাড়ায় আসাম অ্যাডমিনিস্ট্র্যাটিভ স্টাফ কলেজের ৩০৮ নম্বর প্রেক্ষাগৃহে অনুষ্ঠেয় জলজীবন মিশন-এর এক দিবসীয় সম্মেলনে থাকবেন উত্তরপূর্বের আট রাজ্যের জনস্বাস্থ্য ও কারগরি মন্ত্রী এবং সংশ্লিষ্ট রাজ্যগুলির বিভাগীয় শীর্ষ আধিকারিকবর্গ। সম্মেলন শুরু হবে সকাল ৯.০০টায়। সরকারি সূত্রের থবর, সম্মেলনে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে পানীয় জল সংক্রান্ত পরিকল্পনা, বাস্তবায়ন এবং অগ্রগতি নিয়ে আলোচনা করা হবে। সম্মেলনের উদ্দেশ্য, উত্তরপূর্বীয় রাজ্যগুলির অবশিষ্ট পরিবারে যত তাড়াতাড়ি সম্ভব পানীয় জলের সংযোগ করা। সমস্ত কোভিড-বিধি অবলম্বন করে সম্মেলনটিও লাইভ স্ট্রিম করা হবে যাতে সকল স্টেকহোল্ডারগণ যেমন জনস্বাস্থ্য কারিগরি বিভাগের প্রধান, এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার, সহকারী ইঞ্জিনিয়ার, জুনিয়র ইঞ্জিনিয়াররা সম্মেলনে আলোচিত বিষয় ইত্যাদি থেকে উপকৃত হতে পারেন।

## চলতি মাস থেকে ফেরির টিকিট মিলবে অনলাইনে মোবাইল অ্যাপের মাধ্যমে, নিমাতিঘাটে বলেছেন মুখ্যমন্ত্রী

মাজুলি (অসম), ১৫ সেপ্টেম্বর (হি.স.) : মাজুলি-যোরহাট সংযুক্ত নদী-ফেরির মাধ্যমে নিত্যযাত্রীদের যাতায়াতে অসুবিধা দূর করতে খুব শীঘ্র চলতি সেপ্টেম্বরেই প্রচলন হবে অনলাইন পরিষেবা। ফেরির টিকিট পাওয়া যাবে মোবাইল অ্যাপের মাধ্যমে। ঘোষণা রাজ্যের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মার। গত ৮ সেপ্টেম্বর মাজুলি দ্বীপে ব্রহ্মপুত্র নদের বুকে যাত্রীবাহী জাহাজ ও ফেরির মধ্যে মুখোমুখি সংঘর্ষজনিত দুর্ঘটনার পরের দিন এখানে এসেছিলেন মুখ্যমন্ত্রী। এর পর নদীযান ফেরি সংক্রান্ত বেশ কিছু গুরুত্বপূর্ণ নির্দেশিকাও জারি করেছেন তিনি। ফেরি দুর্ঘটনার পর সরকার প্রযোজ্য নিয়ম-নীতির সঠিকভাবে পালিত হচ্ছে কি না এবং নিত্যযাত্রীদের কী ধরনের অসুবিধার মুখোমুখি হতে হচ্ছে ইত্যাদি নানা বিষয়ে সরেজমিনে খতিয়ে দেখতে আজ বুধবার ফের এসেছেন নিমাতিঘাটে।

এখানে এসে মুখ্যমন্ত্রী স্বচক্ষে দেখেছেন, নিত্যযাত্রীদের অকল্পনীয় দুর্ভোগের নানা বিষয়। সবকিছু খতিয়ে দেখে মুখ্যমন্ত্রীর ঘোষণা, চলতি সেপ্টেম্বরের শেষের দিকে, সম্ভব হলে ২১/২২ তারিখের মধ্যে ফেরি-যাত্রীদের সুবিধার জন্য চালু হয়ে যাবে মোবাইল অ্যাপের মাধ্যমে টিকিট পরিষেবা। এই পদ্ধতি চালু হয়ে গেলে ফেরির টিকিট সংগ্রহ করতে যাত্রীদের ভোররাত থেকে আর লাইন দিতে হবে না।

উপস্থিত সাংবাদিকদের মুখোমুখি হয়ে এই খবর শুনিয়ে মুখ্যমন্ত্রী বলেন, সেদিনের নৌকাডুবিতে তিনজনের মৃত্যু হয়েছে। এ ধরনের আর কোনও দুর্ঘটনা যাতে সংঘটিত ন হয়, সে ব্যাপারে অতি সতর্কতার সঙ্গে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে সরকার। বলেন, এতদিন ব্রহ্মপুত্রের দক্ষিণ তীরে যোরহাটের নিমাতিঘাট থেকে বিশ্বের বৃহত্তম নদীদ্বীপ মাজুলির কমলাবাড়িঘাট পর্যন্ত একক ইঞ্জিনচালিত নৌকা চলাচল করছিল। এখন থেকে সমস্ত একক-ইঞ্জিনের নৌকা চলাচল নিষিদ্ধ করা হয়েছে। এইসব ইঞ্জিন মেরিন (সামুদ্রিক) ইঞ্জিন নয়। মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা বলেন, আগামী নভেম্বরে যোরহাটের কমলাবাড়ি এবং মাজুলির নিমাতিঘাট সংযোগী সেতু তৈরির কাজ শুরু হবে। চার বছরের মধ্যে সম্পন্ন করা হবে সেতুর কাজ। বলেন, ইতিমধ্যে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের সঙ্গে কথা বলেছেন। অসমের জন্য আরও দুটি জেটি এবং দুটি রো-প্যাক্স জাহাজের ব্যবস্থা করার অনুরোধ জানিয়েছেন কেন্দ্রীয় জাহাজমন্ত্রী সনোয়ালকে। সনোয়াল এ ব্যাপারে সবুজ সংকেত দিয়েছেন। তা পেয়ে গেলে মাজুলির জন্য আরও একটি রো-প্যাক্স দেওয়া হবে, জানিয়েছেন ড় শর্মা।

তিনি জানান, মাজুলিতে অবশিষ্ট আটটি ফেরির জন্য মেরিন ইঞ্জিনের অর্ডার দেওয়া হয়েছে। এগুলি পৌঁছতে ৫০ থেকে ৬০ দিন সময় লাগবে। যতদিন এগুলি আসছে না, ততদিন পর্যন্ত এই আটটি ফেরি-নৌকা চলাচল বন্ধ থাকবে। সাংবাদিকের এক প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী ড় শর্মা বলেন, মাজুলি এবং যোরহাটের মধ্যে রো-প্যাক্স সহ মোট ছয়টি অতিরিক্ত ফেরি থাকবে। রো-প্যাক্স পরিষেবা দিনে তিনবার যাতায়াত করবে যথাক্রমে সকাল ৯.০০টা, ১১.৩০টা এবং বিকেল ৩.০০টায়। এছাড়া যদি কোনও যাত্রী ফেরি জাহাজে যাতায়াতে অসুরক্ষিত বলে মনে করেন, তা-হলে এ ধরনের যাত্রীদের জন্য নাইট সুপারের ব্যবস্থা করা হবে। নাইট সুপার মাজুলি থেকে বগিবিল হয়ে লখিমপুর পর্যন্ত যাবে।

# BYJU'S এর ত্রিপুরার ছাত্র দশম শ্রেণীর ছাত্র অরিজিৎ পাল, বোর্ড পরীক্ষায় ৯৯ শতাংশের বেশি নম্বর পেয়েছে

**আগরতলা, সেপ্টেম্বর।।** বিশ্বের শীর্ষস্থানীয় এডটেক কোম্পানি BYJU'Sএর ছাত্র অরিজিৎ পাল দশম বোর্ড পরীক্ষায় ৯৯.৮ শতাংশ নম্বর পেয়ে ত্রিপুরাকে গর্বিত করেছে। গোমতীর বিবেকানন্দ বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র অরিজিৎ, এই মাসের শুরুর দিকে সিবিএসই ঘোষিত মেধা তালিকায় বিশিষ্ট স্থান অর্জন করেছে। তিনি অ্যাপের ডিজিটাল লার্নিং টুলের মাধ্যমে তার ধারণাগত স্পষ্টতা জোরদার করার কৌশল BYJU'Sএর সাথে শিখছেন।

আজ, অনলাইন শিক্ষা, শিক্ষার্থীদের শেখার পদ্ধতিকে সম্পূর্ণরূপে বদলে দিয়েছে। প্রচলিত পদ্ধতির বিপরীতে, অনলাইন লার্নিং একটি সহজ, সরল এবং আরও কার্যকর পদ্ধতিতে ধারণাগুলি ব্যাখ্যা করে। BYJU'S, যার লক্ষ্য শিক্ষার্থীদের শেখার প্রতি আগ্রহ বাড়ানো, তাদের দক্ষতার স্তরের উপর ভিত্তি করে পৃথক ছাত্রদের জন্য ব্যক্তিগতকৃত শিক্ষণ যাত্রা তৈরি করে একটি আকর্ষনীয় এবং কার্যকর শিক্ষার অভিজ্ঞতা প্রদান করে। এটি শিক্ষার্থীদের তাদের নিজস্ব গতি এবং শৈলীতে শেখার ক্ষমতা দেয়। BYJU'Sমূল বিষয়বস্তু, দেখার এবং শেখার ভিডিও, অ্যানিমেশন এবং ইন্টারেক্টিভ সিমুলেশন প্রদান করে যা শিক্ষার্থীদের সহজে জিনিস শিখতে সাহায্য করে।

সাফল্যের কথা বলতে গিয়ে, BYJU'Sএর প্রধান বিষয়বস্তু কর্মকর্তা বিনয় এমআর বলেন, 'এটি BYJU'S এর প্রত্যেকের জন্য একটি গর্বের মুহূর্ত। অরিজিৎ পালের জন্য আমরা তাকে শুভকামনা জানাই। BYJU'S সবসময় শিক্ষার্থীদের শিক্ষার প্রেমে পড়ার মাধ্যমে তাদের সার্বিক উন্নয়নে বিশ্বাস করে। অরিজিতের কৃতিত্ব আমাদের প্ল্যাটফর্মের কার্যকারিতার সত্য সাক্ষ্য। আমরা তার ভবিষ্যত প্রচেষ্টার জন্য শুভ কামনা জানাই। আমাদের ফোকাস প্রতিটি শিক্ষার্থীর জন্য তাদের শেখার ফাঁক এবং শক্তি সম্পর্কে গভীরভাবে উপলব্ধি করে একটি ব্যক্তিগত শিক্ষার অভিজ্ঞতা তৈরি করা।"

BYJU'S এর ছাত্র অরিজিৎ পাল বলেন, 'আমার মনে হয় আমার পরিশ্রম এবং শৃঙ্খলা সফল হয়েছে। আমার পিতামাতার সমর্থন সবসময় আমাকে নিজের সেরা পারফরম্যান্স দিতে উৎসাহিত করেছে। আমি কার্যকর ভাবে শিখতে সাহায্য করার জন্য এবং সকল পরীক্ষার প্রস্তুতির মাধ্যমে আমাকে গাইড করার জন্য BYJU'S এর কাছেও কৃতজ্ঞ। অ্যাপটিতে সীমাহীন অনুশীলন পরীক্ষা এবং একাধিক পুনর্বিবেচনা আমাকে সত্যিই পরীক্ষার জন্য প্রস্তুত এবং আত্মবিশ্বাসী করে তুলতে সাহায্য করেছে "।


BYJU'Sএ আমাদের মনোযোগ ছাত্রদের সক্রিয় শিক্ষার্থী হতে সাহায্য করা এবং তাদের শেখার প্রেমে পড়তে সাহায্য করা। সুতরাং মহামারী চলাকালীন তাদের নির্বিঘ্নে শেখার অভিজ্ঞতা ছিল তা নিশ্চিত করা আমাদের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। শিক্ষাব্যবস্থাকে সমর্থন করার প্রচেষ্টায়, গত বছরের মার্চের শুরুতে BYJU'Sতার লার্নিং অ্যাপে বিনামূল্যে প্রবেশাধিকার ঘোষণা করেছিল, যাতে শিক্ষার্থীদের এবং অভিভাবকদের হঠাৎ করে সাময়িকভাবে স্কুল বন্ধের মোকাবিলা করতে সাহায্য করা যায়। তখন থেকে সংস্থাটি মহানগর এবং নন-মহানগর উভয় থেকে ১০০ মিলিয়নেরও বেশি শিক্ষার্থীর জীবনকে স্পর্শ করেছে। অ্যাপটিতে ব্যাপকভাবে পাঠ অ্যাক্সেস করছে। BYJU'S আরও নতুন বিষয় এবং ভারতে প্রধান আঞ্চলিক ভাষায় শেখার প্রোগ্রাম চালু করেছে যাতে আরও বেশি শিক্ষার্থী অ্যাপ থেকে শিখতে পারে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# প্রকৌশলীদের শুভেচ্ছা মোদীর, বললেন তাঁদের ধন্যবাদ জানাতে কোনও শব্দই যথেষ্ট নয়

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): ইঞ্জিনিয়ার দিবসে দেশের সমস্ত ইঞ্জিনিয়ারদের শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মোদী টুইট করে জানালেন, পৃথিবীকে শ্রেষ্ঠতর ও প্রযুক্তিগতভাবে উন্নত করার ক্ষেত্রে ইঞ্জিনিয়ারদের অগ্রণী ভূমিকার জন্য ধন্যবাদ জানাতে কোনও শব্দই যথেষ্ট নয়। জন্মবার্ষিকীতে ভিসভেসভারায়াকে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী।

প্রতিবছর ভারতে ১৫ সেপ্টেম্বর দিনটি প্রকৌশলী দিবস হিসেবে পালিত হয়। বুধবার সকালে টুইট করে প্রধানমন্ত্রী জানিয়েছেন, 'প্রকৌশলী দিবসে কঠোর পরিশ্রমী ইঞ্জিনিয়ারদের শুভেচ্ছা। পৃথিবীকে শ্রেষ্ঠতর ও প্রযুক্তিগতভাবে উন্নত করার ক্ষেত্রে ইঞ্জিনিয়ারদের অগ্রণী ভূমিকার জন্য ধন্যবাদ জানাতে কোনও শব্দই যথেষ্ট নয়। জন্মবার্ষিকীতে ভিসভেসভারায়াকে শ্রদ্ধা, স্মরণ করছি তাঁর কৃতিত্বের কথা।'

# ব্রিটিশ পার্লামেন্টে নিষিদ্ধ হলেন চিনা রাষ্ট্রদূত

লন্ডন, ১৫ সেপ্টেম্বর (হি.স) : যুক্তরাজ্যে চিনের রাষ্ট্রদূত জেং জেগুয়াং-র ব্রিটিশ পার্লামেন্ট ভবনে আসা নিষিদ্ধ করা হয়েছে। ''চিনের বিরুদ্ধে মিথ্যা প্রচারের'' অভিযোগ এনে কয়েকজন ব্রিটিশ এমপি ও লর্ডসভার সদস্যের ওপর চিন ভ্রমণ নিষেধাজ্ঞা আরোপ করে তাদের সম্পত্তি ফ্রিজ করার পাঁচ মাস পর এ ঘটনা ঘটল।

বুধবার ব্রিটিশ পার্লামেন্টের নিম্নকক্ষ কমন্স সভার চিন বিষয়ক একটি সর্বদলীয় গ্রুপের সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেবার কথা ছিল রাষ্ট্রদূত জেং জেগুয়াং-এর।

কিন্তু এ নিয়ে প্রতিবাদের পর চিনা রাষ্ট্রদূতকে বলা হয়, যতদিন পর্যন্ত ব্রিটিশ কমন্স ও লর্ডসভার সদস্যদের ওপর চিনের আরোপিত নিষেধাজ্ঞা থাকবে ততদিন তিনি যেন পার্লামেন্ট ভবনে না আসেন। এই সিদ্ধান্তে চিনের দূতাবাস বলেছে, এটা এক 'কাপুরুষোচিত' সিদ্ধান্ত যা দুদেশেরই স্বার্থহানি ঘটাবে।

# তৃতীয় পর্যায়ের ট্রায়াল ভারতে অনুমোদন পেল স্পুটনিক লাইট

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): ভারতে তৃতীয় পর্যায়ের ট্রায়ালের জন্য অনুমোদন পেল কোভিড-১৯ ভ্যাকসিন স্পুটনিক লাইট। এর আগে জুলাই মাসে ভারতে রাশিয়ার স্পুটনিক লাইট টিকার তৃতীয় পর্যায়ের ট্রায়ালের অনুমতি পায়নি ডক্টর রেড্ডি'জ। কিন্তু, বুধবার তৃতীয় পর্যায়ের ট্রায়ালের অনুমতি পেয়ে গেল। প্রসঙ্গত, স্পুটনিক লাইট টিকার তৃতীয় পর্যায়ের ট্রায়ালের পিছনে কোনও বৈজ্ঞানিক ভিত্তি নেই বলে আগে জানিছিলেন বিশেষজ্ঞরা। তাই আবেদন নাকচ করা হয়েছিল।

ভারতে স্পুটনিক ভি টিকার ব্যবহারের অনুমতি দেওয়া হলেও এখনও অনুমতি পায়নি স্পুটনিক লাইট। এই টিকার ব্যবহারের জন্য আগে আবেদন করেছিল ডক্টর রেড্ডি'জ। স্পুটনিক ভি-র দুটি টিকা নিতে হয়। তার মধ্যে প্রথমটি হল মূল টিকা ও দ্বিতীয়টি টিকার কার্যকারিতা বাড়ানোর জন্য একটি বুস্টার। প্রথম টিকা থেকে তৈরি করা হয়েছে স্পুটনিক লাইট। এর একটিই টিকা দেওয়ার কথা। স্পুটনিক ভি-র দু'টি টিকারই ট্রায়াল করেছে ডক্টর রেড্ডি'জ। এ বার স্পুটনিক লাইটের কার্যকারিতা বোঝার জন্য তৃতীয় ট্রায়ালের অনুমোদন মিলল।

# ২৪ ঘন্টায় টিকা পেলেন ৬১.১৫-লক্ষ, ভারতে টিকাকরণ ৭৫.৮৯-কোটির ঊর্ধ্বে

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): ভারতে বিগত ২৪ ঘন্টায় করোনার ভ্যাকসিন পেয়েছেন ৬১.১৫-লক্ষের বেশি মানুষ। একইসঙ্গে বাড়তে বাড়তে ভারতে ৭৫.৮৯-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড টিকাকরণের সংখ্যা। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বুধবার সকাল সাতটা পর্যন্ত মোট ৭৫,৮৯,১২,২৭৭ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় (মঙ্গলবার সারাদিনে) টিকা দেওয়া হয়েছে ৬১,১৫, ৬৯০ জনকে।

ভারতে ৫৪.৬০-কোটির ঊর্ধ্বে পৌঁছে গেল করোনা-পরীক্ষার সংখ্যা। বুধবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৪ সেপ্টেম্বর সারা দিনে ভারতে ১৬, ১০,৮২৯ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ৫৪,৬০,৫৫, ৭৯৬-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ১৬,১০,৮২৯ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ২৭ হাজার ১৭৬ জন।

# আফগানিস্তানে সক্রিয় হচ্ছে আল কায়দা, ফের হামলার আশঙ্কা আমেরিকার গোয়েন্দাদের

কাবুল, ১৫ সেপ্টেম্বর (হি.স) : তালিবান জমানায় ফের আফগানিস্তানের মাটিতে সক্রিয়তা বাড়াচ্ছে আল কায়দা। আমেরিকার একটি গোয়েন্দা রিপোর্টে এই দাবি করা হয়েছে। রিপোর্টে বলা হয়েছে, অবিলম্বে পরিস্থিতির মোকাবিলা করা না হলে আগামী ১-২ বছরেই ফের আমেরিকার মাটিতে হামলা চালাতে পারে ওসামা বিন লাদেনের উত্তরসূরিরা।

তালিবান শাসিত আফগানিস্তান থেকে ফের হামলার আশঙ্কার কথা জানিয়েছেন আমেরিকার সেনা আধিকারিক লেফটেন্যান্ট জেনারেল স্কট বেরিয়ারও। মঙ্গলবার একটি আলোচনাসভায় তিনি বলেন, "আফগানিস্তানের বর্তমান পরিস্থিতি দেখে আঁচ করতে পারি, আগামী দু'-এক বছরের মধ্যেই আমাদের দেশে ফের হামলা চালানোর মতো পরিকাঠামো গড়ে তুলতে পারে আল কায়দা।"

এই পরিস্থিতিতে আমেরিকার জনগণের নিরাপত্তার স্বার্থে আফগানিস্তানে প্রত্যাবর্তনের বিকল্পও খুলে রাখা হচ্ছে জানিয়েছেন স্কট। তাঁর মন্তব্য, "বিষয়টি আমাদের অগ্রাধিকারের তালিকায় রয়েছে। আমাদের আরও সতর্ক হওয়ার সময় এসেছে।"

আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন বলেছিলেন, "আফগানিস্তানে আর আল কায়দা নেই। ওখানে এখন আর সেনা রেখে কী হবে? আমরা ওখানে সেনা পাঠিয়েছিলাম মূলত আল কায়দা এবং ওসামা বিন লাদেনকে খতম করতে। আমাদের সেই উদ্দেশ্য সফল হয়েছে।"

# ১৭ সেপ্টেম্বর এসসিও সম্মেলন ভার্চুয়ালি বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): আগামী ১৭ সেপ্টেম্বর, শুক্রবার এসসিও কাউন্সিল অফ হেড অফ স্টেট সম্মেলনে বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বুধবার কেন্দ্রীয় বিদেশ মন্ত্রকের পক্ষ থেকে এমনটাই জানানো হয়েছে। তাজিকিস্তানের দুশানবে-তে হাইব্রিড ফরম্যাটে আয়োজিত এসসিও কাউন্সিল অফ হেড অফ স্টেট সম্মেলনের ২১ তম সভায় বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী।সভার পৌরহিত্য করবেন তাজিকিস্তানের প্রেসিডেন্ট এমোমালি রাহমোন। ভার্চুয়ালি ভারতীয় প্রতিনিধি দলকে নেতৃত্ব দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সম্মেলনের পূর্ণাঙ্গ অধিবেশনে বক্তব্য রাখবেন। দুশানবে-তে ভারতের প্রতিনিধিত্ব করবেন কেন্দ্রীয় বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর।

# রাজভবনে সংক্ষিপ্ত অনুষ্ঠান উত্তরাখণ্ডের রাজ্যপাল হিসেবে শপথ গুরমিত সিংয়ের

দেহরাদূন, ১৫ সেপ্টেম্বর (হি.স.): উত্তরাখণ্ডের নতুন রাজ্যপাল হিসেবে শপথ নিলেন লেফটেন্যান্ট জেনারেল (অবসরপ্রাপ্ত) গুরমিত সিং। বুধবার সকালে রাজভবনে আয়োজিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে লেফটেন্যান্ট জেনারেল (অবসরপ্রাপ্ত) গুরমিত সিংকে উত্তরাখণ্ডের রাজ্যপাল হিসেবে শপথবাক্য পাঠ করিয়েছেন উত্তরাখণ্ড হাইকোর্টের প্রধান বিচারপতি আর এস চৌহান। ভারতীয় সেনাবাহিনীর ডেপুটি চিফ হিসেবে অবসর নিয়েছেন গুরমিত সিং। এদিনের শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি, মন্ত্রিসভার সদস্য, মুখ্য সচিব এস এস সাধু এবং ডিজিপি অশোক কুমার এবং অন্যান্যরা। সদস্য ইস্তফা দেওয়া উত্তরাখণ্ডের প্রাক্তন রাজ্যপাল বেবি রানি মৌর্যর স্থলাভিষিক্ত হলেন গুরমিত সিং। ২০১৮ সালের ২৬ আগস্ট উত্তরাখণ্ডের রাজ্যপাল হিসেবে শপথ নেন বেবি রানি মৌর্য। কৃষ্ণ কান্ত পলের ৫ বছরের মেয়াদ শেষ হলে শপথ নেন বেবি রানি মৌর্য। গত মাসেই উত্তরাখণ্ডের রাজ্যপাল হিসেবে ৩ বছরের মেয়াদ সম্পূর্ণ করেছিলেন বেবি রানি মৌর্য। উত্তরাখণ্ডের রাজ্যপাল হিসেবে বাকি দু''বছরের মেয়াদ সম্পূর্ণ হওয়ার আগেই ইস্তফা দিয়েছেন বেবি রানি মৌর্য।

# তৃণমূলে যোগাদান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** তৃণমূল কংগ্রেসে যোগদান অব্যাহত রয়েছে। বুধবার লালবাহাদুর চৌমুহনীতে তৃণমূল কংগ্রেস নেতা সুবকল ভৌমিকের বাড়িতে এক যোগদান সভা অনুষ্ঠিত হয়। রাজ্য বিধানসভা নির্বাচন আরো প্রায় দেড় বছর বাকি। এখন থেকেই বিধানসভা নির্বাচনকে কেন্দ্র করে বিভিন্ন রাজনৈতিক দল কোমর বেঁধে ময়দানে নামতে শুরু করেছে। রাজ্যের শাসক দল বিজেপিকে প্রতিহত করতে তৃণমূল কংগ্রেস ব্যাপক তৎপরতা শুরু করেছে। যেকোনো মূল্যে বিজিবিকে ক্ষমতাচ্যুত করে ত্রিপুরায় শাসন প্রতিষ্ঠা করাই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ সামনে দিয়েই তৃণমূল কংগ্রেসের শীর্ষস্থানীয় নেতারা প্রায় প্রতিদিন রাজ্য সফরে আসেন। রাজ্যের বিভিন্ন স্থানে দলীয় কর্মসূচিতে অংশ নেন। সংগঠনকে শক্তিশালী করাই তাদের প্রধান লক্ষ্য। বুধবার লালবাহাদুর চৌমুহনীতে তৃণমূল কংগ্রেসের শীর্ষ নেতা সুবল ভৌমিকের বাড়িতে এক যোগদান সভা অনুষ্ঠিত হয়। যোগদান সভায় ১০ পরিবারের ৪৬ জন সদস্য তৃণমূল কংগ্রেসে যোগদান করেছেন।সিপিআইএমের একটানা ১৫ বছরের ব্রাঞ্চ সম্পাদক নন্দলাল দে আজ আনুষ্ঠানিকভাবে সিপিআইএম ছেড়ে তৃণমূল কংগ্রেসের পতাকাতলে সামিল হয়েছেন। দলবদল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুনাল ঘোষ, তৃণমূল কংগ্রেসের রাজ্য নেতা সুবল ভৌমিক এবং প্রাক্তন মন্ত্রী প্রকাশ দাস সহ অন্যান্য।নবাগতদের হাতে ধরিয়া পতাকা তুলে দিয়ে তাদেরকে বরণ করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তৃণমূল কংগ্রেসের শীর্ষ নেতা সুবল ভৌমিক বলেন রাজ্যে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করাই তাদের মূল লক্ষ্য।কংগ্রেসকে শক্তিশালী করার মধ্য দিয়ে আগামী বিধানসভা নির্বাচনে তৃণমূলকে রাজ্যের শাসন ক্ষমতায় অধিষ্ঠিত করার জন্য জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুনাল ঘোষ।

# জোলাইবাড়িতে শুকর ছানা বিতরণ সুবিধাভোগীদের মধ্যে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** প্রানীসম্পদ বিকাশ দপ্তরের উদ্দ্যোগে জোলাইবাড়ী ব্লকে এক অনুষ্ঠানের মধ্যদিয়ে বেনিফিসারী নির্ধারন করে শুকরের ছানা বিতরন করাহয়। রাজ্যসরকারের উদ্দ্যোগে মুখ্যমন্ত্রী স্ব নির্ভর যোজনার মাধ্যমে লোকজনদের আর্থিক দিকদিয়ে সাবলম্বী করে গড়ে তোলার প্রয়াস চালিয়ে যাচ্ছে। মুখ্যমন্ত্রীর এই চিন্তাভাবনাকে সফল করতে কৃষি দপ্তর, বন দপ্তরে, মৎস্য দপ্তর ও প্রানী সম্পদ বিকাশ দপ্তরকে দায়িত্ব দেওয়াহয়েছে। এইসকল দপ্তরের মাধ্যমে লোকজনদের কাছে বিভিন্ন সামগ্রী পৌঁছেদিয়ে লোকজনদের আর্থিক দিকদিয়ে সাবলম্বী করেগড়ে তোলার প্রয়াস চালিয়েযাচ্ছে। অপরদিকে মুখ্যমন্ত্রীর এই চিন্তাভাবনাকে সফল করতে জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান অক্লান্ত পরিশ্রমকরেযাচ্ছে। জোলাইবাড়ী ব্লকের আধিকারিকদের প্রচেষ্টায় ব্লকের অধীনে থাকা ৬ টি গ্রাম পঞ্চায়েত ও ২ টি ভিলেজ সেন্টার থেকে ১০০ জন বেনীফিসারী নির্ধারনকরে এক অনুষ্ঠানের মধ্যদিয়ে শুকরের ছানা বিতরন করাহয়। জানাযায় প্রত্যেক বেনিফিসারীর জন্য ৭ হাজার ৫০০ টাকা ব্যায় করাহয়েছে। প্রানীসম্পদ বিকাশ দপ্তর কতৃক আয়োজিত আজকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিন জেলার জেলা সভাধিপতি কাকলী দাস দত্ত, জোলাইবাড়ী ব্লকের বিডিও ডাক্তার অভিজিৎ দাস, জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রবি নমঃ, জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস দত্ত, ব্লকের এগ্রিস্টেন্ডিং কমিটির প্রেসিডেন্ট বিকাশ বৈদ্য সহ প্রানী সম্পদ বিকাশ দপ্তরের আধীকারিকরা। আজকের অনুষ্ঠান সম্পর্কে সংবাদাধ্যমের সামনে কিছু বক্তব্য তুলেধরলেন জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির ভাইসচেয়ারম্যান তাপস দত্ত। তিনি জানান এইধরনের উন্নয়নমূলক কর্মসূচী আগামীদিনেও জারীথাকবে। আজকের এই অনুষ্ঠানে আগত বেনিফিসারীদের মধ্যে উৎসাহ উদ্দীপনা ছিলো লক্ষনীয়।

# জোলাইবাড়িতে জব মেলা

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৫ সেপ্টেম্বর।।** স্কিল ইকুয়েসেশন অ্যান্ড নলেজ আওয়ারনেস ফর লাইভলি হুড প্রকল্পে অর্থাৎ মিনিস্ট্রি অফ স্কিলড ডেভেলপমেন্টএর উদ্যোগে বিশ্ব ব্যাংকের সহায়তায় সুবিধাভোগীদের দক্ষতা বৃদ্ধি ও আর্থিক স্বনির্ভরতার জন্য দক্ষিণ জেলার জোলাইবারিতে আগামী ২০ সে সেপ্টেম্বর বেলা ১১টা থেকে তিনদিনের জন্য শুরু হবে স্কিল মেলা,জব মেলাও লোন মেলা।এই মেলাকে কেন্দ্র করে সারা জেলায় জোর প্রচারের উদ্যোগ নেওয়া হয়েছে দক্ষিণ জেলা প্রশাসনের পক্ষ থেকে,মেলাকে সার্থক রূপ দেওয়ার জন্য জেলা শাসক সাজু ওয়াহিদ এ সংবাদ বিভাগের কাছে সাহায্য চেয়েছেন, মেলায় মোট ৫২ টি স্টল থাকবে, মেলায় বিভিন্ন প্রান্ত থেকে লোক আনার জন্য সরকারি ভাবে পরিবহনের ব্যাবস্থাও থাকবে যাতে করে সাধারণ অংশের মানুষ এই মেলার সুযোগ গ্রহণ করে নিজেদেরকে স্বাবলম্বী করে গড়ে তুলতে পারেন।

## পুলিশ

● প্রথম পাতার পর

কর্ণপাত করে নি- কোন প্রকার হেলদোল ছিলোনা। পূর্ব পরিকল্পনা অনুযায়ী গত ২রা আগস্ট অভিযুক্ত প্রসেনজিৎ দাস বাইকের মালিকানা পরিবর্তন করা হবে বলে তুষার সিংকে জানিয়ে দেয়। তুষার সিংকে বলা হয় উদয়পুর মহকুমা শাসকের অফিসের পেছনেস্থিত গোমতি জেলা পরিবহন দপ্তরের সামনে আসার জন্য। সেই মোতাবেক তুষার সিং নামীয় বিএসএফ জওয়ান জেলা পরিবহন দপ্তরের কার্যালয়ে সামনে আসেন। প্রসেনজিৎ পূর্ব পরিকল্পনা মাফিক কোন একটা দরকারি কিছু কাগজ দোকান থেকে আনতে হবে বলে তুষার সিংকে স্কুটির পেছনে বসিয়ে ঘোর পথে একটি দোকান থেকে একটি কাগজ ক্রয় করে জেলা পরিবহন দপ্তরে দুজনেই চলে আসেন।

জেলা পরিবহন দপ্তরের একতলা থেকে দোতলায় ওঠার সিড়িতে পা রাখতেই প্রসেনজিৎ আরেকটি দরকারি কাগজ ফেলে এসেছেন বলে তুষার সিং-এর থেকে স্কুটি র চাবি নিয়ে জেলা পরিবহন দপ্তরের অফিস থেকে স্কুটি নিয়ে চম্পট দেয়। বহি রাজ্যের সীমান্ত নিরাপত্তা বাহিনীর সৈনিক হওয়ার ফলে ত্রিশ হাজার টাকা টাকাও গেলো আবার স্কুটিও গেলো। দুভাবেই প্রতারিত হলেন ভিনরাজ্যের জনৈক বিএসএফ জওয়ান তুষার সিং। ঘটনা আরকেপুর থানা এলাকায় সংঘটিত হওয়ায় প্রতারিত বিএসএফ জওয়ান তুষার সিং গত ২৪শে আগস্ট অভিযুক্ত প্রসেনজিৎ দাসের নামে লিখিত অভিযোগ দায়ের করেন। এই অভিযোগ পেয়েই রাধাকিশোরপুর থানার পুলিশ অভিযুক্ত প্রসেনজিৎকে জালে তুলার জন্য ফাঁদ পেতে বসে থাকেন রাধাকিশোরপুর থানার সাব ইন্সপেক্টর শংকর সাহা।

গোপন সংবাদের ভিত্তিতে বুধবার অভিযুক্ত প্রতারক প্রসেনজিৎ দাস কে মাতাবাড়ি থেকে রেল স্টেশনে যাওয়ার রাস্তায় গ্রেপ্তার করেন রাধাকিশোরপুর থানার সাব ইন্সপেক্টর শঙ্কর সাহা। রাধাকিশোরপুর থানার পুলিশ প্রতারক প্রসেনজিৎকে আটক করতে পারলেও স্কুটিটি উদ্ধার করতে সক্ষম হয়নি। পুলিশ স্কুটি উদ্ধারে সকল রকম চেষ্টা করেছেন। আগামী কাল প্রতারক প্রসেনজিৎ কোর্টে প্রেরণ করা হবে। প্রসেনজিৎ-এর গ্রেপ্তারে জামজুড়ি রাজধরনগর এলাকা অতিষ্ঠ জনগণ যার পর নাই খুশি- কারন প্রসেনজিৎ বিয়ে কার পরও উশৃঙ্কখল বখাটে ভাবে জীবন যাপন করে বলে একটি মেয়ে রেখে প্রসেনজিৎ-এর প্রথমা স্ত্রী পালিয়ে অন্য পুরুষের সাথে বিবাহ সূত্রে আবদ্ধ হয়ে যায়। বখাটে প্রসেনজিৎ ও তার ভাই এলাকায় নেশা সামগ্রী বিক্রির সাথে জড়িত বলে এলাকাবাসী অভিমত ব্যক্ত করেন। রাধাকিশোরপুর থানার মামলা নাম্বার ১৩১/২০২১,ধারা সংযুক্ত করা হয়েছে ৪২০ বা চারশো বিশ।

## দেখাল

● প্রথম পাতার পর

কাজে মাধবনগর পঞ্চায়েত এলাকায় যান। সেখানে যেতেই বিডিও সহ অন্যান্যদের উপর হামলে পড়ে শাসক দলের বাহুবলীরা। এই ঘটনায় গোটা এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। দেখা দেয় উত্তেজনা। খবর পেয়ে মহকুমা শাসক দেবদাস দেববর্মা, মহকুমা পুলিশ আধিকারীক লালহিম মলসম সহ পুলিশ গিয়ে কোনও রকমে আক্রমণকারীদের হাত থেকে বিডিও বিজয়ন্ত সরকারকে উদ্ধার করে। বাকিরা পালিয়ে আত্মরক্ষা করেছে।

প্রশাসনিক কাজ করতে গিয়ে দুষ্কৃতীদের হাতে আক্রান্তের ঘটনায় জেলার পুরো টিসিএস অফিসারদের অ্যাসোসিয়েশন হতবাক। তাঁরা অফিস শেষে সবাই মিলিত হয়ে দক্ষিণ জেলার জেলা শাসকসাজু ওয়াহিদ এ সাথে দেখা করেন এবং দাবী জানান হামলাকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করার।

## জারি

● প্রথম পাতার পর

পরীক্ষার্থী এবং অধ্যাপক, শিক্ষক, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা নিযুক্ত পরিদর্শক ছাড়া কেউ প্রবেশ করতে পারবেন না। নিরাপত্তা বাহিনীর সদস্যরা ছাড়া উল্লেখিত ২০০ মিটার এলাকায় কেউ লাঠি জাতীয় অস্ত্র বহন করতে পারবেন না। এই আদেশ ১৬ সেপ্টেম্বর, ২০২১, ২৬ সেপ্টেম্বর, ২০২১, ৩ অক্টোবর, ২০২১ পরীক্ষা কেন্দ্রগুলির ২০০ মিটার এলাকার মধ্যে বলবৎ থাকবে। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইপিসি ১৮৬০-র ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। যে সমস্ত পরীক্ষা কেন্দ্রে এই আদেশ বলবৎ থাকবে সেগুলি হচ্ছে উমাকান্ত একাডেমি এইচ এস স্কুল (নতুনভবন), আচার্য প্রফুল্ল চন্দ্র রায়মতি বিদ্যামন্দির, বিজয় কুমার গার্লস এইচ এস স্কুল, বড়দোয়ালি হাই ২(স্টেজ) স্কুল, বোধজং এইচ এস স্কুল, বোধজং গার্লস এইচ এস স্কুল, কামিনী কুমার সিং মেমোরিয়াল এইচ এস স্কুল, ক্ষুদিরাম বসু ইংরেজি মাধ্যম বিদ্যালয়, মহারাণী তুলসীবতী গার্লস এইচ এস স্কুল, নেতাজী সুভাষ বিদ্যানিকেতন, প্রগতি বিদ্যাভবন, শিশু বিহার এইচ এস স্কুল, উমাকান্ত একাডেমি এইচ এস ইংরেজি মাধ্যম (নতুনভবন), বাণী বিদ্যাপিঠ গার্লস এইচ এস স্কুল, প্রাচ্যভারতী এইচ এস স্কুল।

## মৃত্যু

● প্রথম পাতার পর

মৃত অবস্থায় পাওয়া গেছে।

প্রসঙ্গত, ২০২০ সালের ১১ জানুয়ারী আগরতলায় বর্ডার গোলচক্কর এলাকার মিষ্টি ব্যবসায়ী সুশান্ত ঘোষকে এটিএম হ্যাকিং কাণ্ডে গ্রেফতার করে থানায় লকআপে রেখেছিল পুলিশ। লকআপেই রহস্যজনকভাবে তার মৃত্যু হয়েছিল। এখনো পর্যন্ত ওই মৃত্যুর রহস্য উন্মোচন হয়নি। আদৌ রহস্য উন্মোচন হবে, তা নিয়ে যথেষ্ট সন্দেহ রয়েছে। এছাড়া ইতিপূর্বে একাধিক এমন ঘটনা রয়েছে। এভাবে থানার লকআপে একের পর এক মৃত্যুর ঘটনা মানবাধিকার লঙ্ঘনের অন্যতম নজির বলেও মনে করা হচ্ছে। এ ধরনের মানবাধিকার বিরোধী কার্যকলাপের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।

## শতাংশ

● প্রথম পাতার পর

জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় টিকা দেওয়া হয়েছে ৬১,১৫,৬৯০ জনকে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ২৮৪ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৪,৪৩,৪৯৭ জন (১.৩৩ শতাংশ)।

ভারতে সুস্থতার সংখ্যা আরও বাড়ল, মঙ্গলবার সারা দিনে ভারতে করোনা-মুক্ত হয়েছেন ৩৮,০১২ জন। ফলে বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৩,২৫,২২,১৭১ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৭.৬২ শতাংশ। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট ৭৫ কোটি ৮৯ লক্ষ ১২ হাজার ২৭৭ জনকে করোনা-টিকা দেওয়া হয়েছে। কেরল এখনও উদ্বেগের মধ্যেই দিন কাটাচ্ছে, বিগত ২৪ ঘন্টায় কেরলে নতুন করে আক্রান্ত হয়েছেন ১৫,৮৭৬ জন ও মৃত্যু হয়েছে ১২৯ জনের।

## বাংলাদেশের

● প্রথম পাতার পর

পথে হাটল। তাই কোনওরকমে বাংলাদেশের ঘাঁটি থেকে পালিয়ে এখানে এসে স্পেশাল ব্রাঞ্চের কর্মীদের সাথে যোগাযোগ স্থাপন করে এবং অবশেষে আত্মসমর্পণ করেছে।

## মুখ্যমন্ত্রীর

● প্রথম পাতার পর

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিডব্লিউডি ইঞ্জিনিয়ার ইন চিফ দীপক চন্দ্র দাস, অবসরপ্রাপ্ত চিফ ইঞ্জিনিয়ার তপন লোধ, স্টেট ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েশনের সভাপতি বিবেকানন্দ রায় প্রমুখ।

## বর্গাদার

● প্রথম পাতার পর

২০২১ এবং দ্য ত্রিপুরা ল্যান্ড রেভিনিউ এন্ড ল্যান্ড রিফর্মস ১২তম সংশোধনী বিলের অনুমোদন দিয়েছে। আগামী বিধানসভা অধিবেশনে ওই দুইটি বিল পেশ করবে ত্রিপুরা সরকার।

# াঙ্গন

## মেসিহীন বার্সেলোনার বড় বিপর্যয়, জয় পেল গত বারের চ্যাম্পিয়ন্স লিগজয়ী চেলসি

শুরু হল এ বারের চ্যাম্পিয়ন্স লিগের লড়াই। মঙ্গলবার রাতে প্রথম ম্যাচেই মুখোমুখি বার্সেলোনা এবং বায়ার্ন মিউনিখ। ইউরোপের অন্যতম সেরা দুই ক্লাবের লড়াইয়ে ০-৩ ব্যবধানে ঘরের মাঠে হারতে হল বার্সেলোনাকে। অন্যদিকে প্রথম ম্যাচ জিতে এ বার ট্রফি বাঁচানোর লড়াই শুরু করল চেলসি।লিয়োনেল মেসির অভাব চ্যাম্পিয়ন্স লিগের প্রথম ম্যাচেই টের পেল বার্সা। বায়ার্নের সামনে কোনও প্রতিরোধই গড়ে তুলতে পারলেন না জেরার্ড পিকেরা। ঘরের মাঠে তিন গোল হজম করতে হল জার্মান ক্লাবের বিপক্ষে। মঙ্গলবার রাতে দুই ডাচ স্ট্রাইকারকে সামনে রেখে খেলতে নেমেছিল বার্সা। মেমফিস দেপাই বা লুক ডি হংয়ের পক্ষে জার্মান রক্ষণ ভাঙা সম্ভব হয়নি। গোটা ম্যাচে মাত্র পাঁচ বার বিপক্ষের গোল মুখে শট নিয়েছিল বার্সা। যার মধ্যে একটিও তিনকাঠির মধ্যে ছিল না।৩৪ মিনিটের মাথায় প্রথম গোল পায় বায়ার্ন। থমাস মুলার এগিয়ে দেন দলকে। প্রথমার্ধ এক শূন্য এগিয়েই শেষ করে বায়ার্ন। দ্বিতীয়ার্ধে জোড়া গোল করেন রবার্ট লেয়োনডস্কি। ৫৬ মিনিটে এবং ৮৫ মিনিটে গোল করে ব্যবধান বাড়ান তিনি। তিন গোলে জিতলেও বায়ার্নকে ছন্দে দেখা যায়নি।মরশুমের শুরুতে ছন্দে না থাকা দলের কাছেই তিন গোলে হার বার্সার। পরবর্তী সময়ে আরও খারাপ পরিস্থিতির মুখোমুখি হওয়ার সম্ভাবনা দেখা দিচ্ছে। তবে দলে একাধিক নতুন ফুটবলার। এখনও মাঠে নামেননি সের্খিয়ো আগুয়েরো। আগামী দিনে পাল্টে যাওয়ার সুযোগ পাবে বার্সেলোনাও।অন্য ম্যাচে জয় পেয়েছে চেলসি। লুকাকুর গোলে জেনিত সেন্ট পিটার্সবার্গকে হারিয়ে দেয় গত বারের চ্যাম্পিয়নরা। জয় পেয়েছে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর পুরনো দল জুভেন্টাসও। মালমোর বিরুদ্ধে ৩-০ গোলে জিতেছে তারা। আলেক্স সান্দ্রো, পাওলো দিবালা এবং আলভারো মোরাতা গোল করেন ইটালির ক্লাবের হয়ে।

## প্রায় দুই দশক পর চ্যাম্পিয়ন্স লিগের প্রথম ম্যাচে হতাশার হার বার্সেলোনার

মেসি-পরবর্তী যুগে প্রথম চ্যাম্পিয়ন্স লিগ ম্যাচে খেলতে নেমে সমর্থকদের একরাশ হতাশা উপহার দিল বার্সেলোনা। এদিন বায়ার্ন মিউনিখের বিরুদ্ধে বার্সার এমন বিবর্ণ রূপ সত্যিই হতাশার। ম্যাচের আগে কোচ রোনাল্ড কুমানের দেওয়া হুঙ্কারের মর্যাদা রাখতে পারলেন কই সের্জিও বুসকেটস, ডিপেরা। কাতালান দলটিকে একপ্রকার কোনঠাসা করে বড় জয় পেল বায়ার্ন মিউনিখ। ৩-০ গোলে জয়লাভ করে নিজেদের আত্মবিশ্বাস বাড়িয়ে নিল লেওয়ানডোস্কিরা।ম্যাচের আগে বার্সা কোচ রোনাল্ড কুমান হুঙ্কার ছেড়েছিলেন। 'এটা প্রতিশোধের ম্যাচ, পুরোনো ক্ষতে প্রলেপ দেওয়ার সুযোগ' কিন্তু সেই হুঙ্কারের ছিটেফোঁটাও দেখা গেল না বার্সা ফুটবলারদের মধ্যে। বল দখলের লড়াইয়ে দুই দলের মধ্যে খুব একটা পার্থক্য না থাকলেও, আক্রমণে কিছুই করতে পারেনি কুমানের ছেলেরা। গোলের উদ্দেশ্যে নেওয়া পাঁচটি শটের তার কোনোটিই ছিল না লক্ষ্যে। অন্যদিকে ম্যাচে একচেটিয়া আধিপত্য বজায় রাখা বায়ার্নের ১৭ শটের সাতটি ছিল লক্ষ্যে। এদিন বায়ার্নের হয়ে গোলাগুলি করেন লেওয়ানডোস্কি দুটি এবং মুলার একটি।এই ম্যাচের পর জার্মানির দলটির বিরুদ্ধে লজ্জার রেকর্ড আরও বৃদ্ধি পেল কাতালান দলটির। মিউনিখের বিরুদ্ধে এই নিয়ে অষ্টমবার হারের মুখ দেখল বার্সা। দুটি দল মোট মুখোমুখি হয়েছে ১২ বার যার মধ্যে আটবার জয় পেয়েছে বায়ার্ন মিউনিখ। দুইবার জয় পেয়েছে বার্সেলোনা। বাকি দুটি ড্র হয়েছে। প্রায় একবছর আগে লিসবনে বায়ার্নের বিরুদ্ধে বড় হারের মুখোমুখি হয়েছিল বার্সা। সেবার পর্তুগালের লিসবনে ৮-২ বিধ্বস্ত হয়েছিল তারা। এছাড়াও ১৯৯৭-৯৮ মরসুমের পর এই প্রথম চ্যাম্পিয়ন্স লিগে আসরে নিজেদের প্রথম ম্যাচে হারল বার্সেলোনা।

## সব ধরনের ক্রিকেট থেকে সরে গেলেন লাসিথ মালিঙ্গা

কালো-সোনালি ঝাঁকড়া চুলে একটু অস্বাভাবিক বোলিং অ্যাকশনে সেই বিষাক্ত ইয়র্কারগুলি আর দেখা যাবে না। সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিলেন লাসিথ মালিঙ্গা। টুইটারে অবসরের সিদ্ধান্তের কথা ঘোষণা করেছেন শ্রীলঙ্কার এই জোরে বোলার। লিখেছেন, 'জুতো জোড়া তুলে রাখছি। সব ধরণের ক্রিকেট থেকে সরে যাচ্ছি। আমার এই যাত্রাপথে যাঁদের পাশে পেয়েছি, সবাইকে ধন্যবাদ। তরুণ প্রজন্মকে আমার অভিজ্ঞতা দিয়ে সাহায্য করার জন্য মুখিয়ে আছি।'১৭ বছরের আন্তর্জাতিক ক্রিকেটে যে দলগুলির হয়ে খেলেছেন, সেগুলিকেও ধন্যবাদ জানিয়েছেন তিনি।আইপিএল থেকে আগেই অবসর নিয়েছিলেন মালিঙ্গা। সেই কারণে এই বছরের গোড়ায় মুম্বই ইন্ডিয়ান্স তাঁকে ছেড়ে দিয়েছিল। তখন অবসরের সিদ্ধান্ত নিয়ে মালিঙ্গা জানিয়েছিলেন, "পরিবারের সঙ্গে আলোচনা করার পর আমার মনে হয়েছে, সব ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট থেকে অবসর নেওয়ার এটাই সঠিক সময়। যেহেতু সামনেই আইপিএল নিলাম রয়েছে, তাই আমি এই ব্যাপারে মুম্বই ইন্ডিয়ান্স কর্তৃপক্ষের সঙ্গেও আলোচনা করেছি। ওঁরা আমার সিদ্ধান্তকে সমর্থন করেছেন।"শ্রীলঙ্কার হয়ে ৩০টি টেস্টে ১০১টি উইকেট রয়েছে মালিঙ্গার। একদিনের ক্রিকেটে ২২৬টি ম্যাচে ৩৩৮টি উইকেট নিয়েছেন। দেশের হয়ে টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন ৮৪টি। উইকেট নিয়েছেন ১০৭টি।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

## এবারের আইপিএলে ফিরছে দর্শক ১৬ই সেপ্টেম্বর থেকে মিলবে টিকিট

দুবাই, ১৫ সেপ্টেম্বর (হি.স) : আগামী রবিবার থেকে সংযুক্ত আরব আমিরশাহিতে আইপিএলের বাকি অংশ। প্রথম ম্যাচে মুখোমুখি চেন্নাই সুপার কিংস এবং মুম্বই ইন্ডিয়ান্স। আর প্রথম ম্যাচ থেকেই স্টেডিয়ামে ফিরছে দর্শকরা। বুধবার টুইট করে এমনটাই জানানো হল আয়োজকদের পক্ষ থেকে। তবে স্টেডিয়াম ভরতি দর্শক নয়, মাঠে বসে ম্যাচ দেখার অনুমতি পাবেন নির্দিষ্ট সংখ্যক দর্শকরাই। ২০১৯ সালের পর এই প্রথম দর্শকদের উপস্থিতিতে আয়োজিত হবে আইপিএলের ম্যাচ। ২০১৯ সালে শেষবার মাঠে গিয়ে আইপিএল দেখবার সুযোগ পেয়েছিলেন দর্শকরা। তারপর দেশজুড়ে করোনা সংক্রমণ ছড়িয়ে পড়ায় দর্শকশূণ্য মাঠেই অনুষ্ঠিত হয়েছে বিশ্বের সেরা টি-২০ লিগটি। তবে ক্রিকেট প্রেমীদের জন্য সুখবর নিয়ে এসেছে বিসিসিআই।
আগামী ১৯ সেপ্টেম্বর হাইভোল্টেজ প্রথম ম্যাচে মুখোমুখি হবে পাঁচবারের চ্যাম্পিয়ন মুম্বাই ইন্ডিয়ান্স ও তিনবারের চ্যাম্পিয়ন চেন্নাই সুপার কিংস।
টি-টোয়েন্টি বিশ্বকাপের ঠিক আগেই আইপিএল আয়োজিত হওয়ায় দেশের ক্রিকেটারদের টি-২০ ফর্ম দেখতে মুখিয়ে আছেন ক্রীড়া অনুরাগীরা।

## হাসপাতাল থেকে ছুটির অপেক্ষায় ফুটবল সম্রাট পেলে

সাও পাওলো, ১৫ সেপ্টেম্বর (হি.স) : অস্ত্রোপচারের পর ক্রমশ সুস্থ হয়ে উঠছেন ফুটবল সম্রাট পেলে। বুধবার তাঁকে আইসিইউ থেকে জেনারেল বেডে আনা হয়েছে। বুধবার সকালে ফুটবল সম্রাট পেলেকে স্থানান্তর করা হয় জেনারেল কেবিনে। ৮০ বছরের পেলের কিছুদিন আগেই অস্ত্রোপচার করে শরীর থেকে একটি টিউমার বাদ দেওয়া হয়েছে। তারপর থেকে ইন্টেন্সিভ কেয়ার ইউনিটে ছিলেন তিনি। পেলের শরীরিক অবস্থা নিয়ে উদ্বেগও প্রকাশ করেছে নানা মহল। কিন্তু সবার অশঙ্কা উড়িয়ে ডাক্তারা জানিয়েছেন ক্রমশ সুস্থ হচ্ছেন ফুটবল সম্রাট। আর কয়েকদিনের মধ্যেই তাঁকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হতে পারে বলে খবর। সাও পাওলোর অস্ত্রোপচারের পর থেকেই নাকি পেলে দারুণ মুডে। তিনি পরিবারের সঙ্গে আরও বেশি সময় কাটাচ্ছেন। বছর খানেক ধরে তাঁর হাটতে সমস্যা হচ্ছিল। কেন এমন হচ্ছে, তার জন্য নানা পরীক্ষা করা হয়। তাতে দেখা যায়, মলাশয়ে টিউমার হয়েছে তাঁর। ডাক্তার পরামর্শ দিয়েছিলেন দ্রুত অস্ত্রোপচারের। তবে পেলের বয়স নিয়ে খানিকটা আশঙ্কা ছিলই। কিন্তু পেলে এতটুকুও ভয় পাননি গোটা বিষয়টা নিয়ে। বরং হাসি মুখেই গিয়েছিলেন অপারেশন থিয়েটারে।

## আজ রাতে মাঠে নামছেন নেমার-মেসি- এমবাপ্পেরা

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স) : আজ বুধবার পিএসজির নয়া অভিযান শুরু হচ্ছে। চ্যাম্পিয়নস লিগ খেতাব জিততেই তাঁকে দলে নিয়েছে পিএসজি। সেই লড়াইয়ের আজ প্রথম প্রতিপক্ষ ফিফা র‍্যাঙ্কিংয়ে শীর্ষে থাকা বেলজিয়াম প্রিমিয়ার লিগের চ্যাম্পিয়ন ক্লাব ব্রুজ। এই ম্যাচে অভিষেক হতে পারে মেসি, নেইমার, এমবাপ্পের বিখ্যাত সেই ত্রিশূল 'এমএনএম'-এর। বিশ্বকাপের যোগ্যতা অর্জনের লড়াইয়ে দেশের হয়ে বলিভিয়ার বিপক্ষে খেলতে নেমে হ্যাটট্রিক করে, মেসি হয়েছেন লাতিন আমেরিকার সর্বোচ্চ গোলদাতা। বার্সার হয়ে চারটি চ্যাম্পিয়নস লিগ জেতা এই সুপার স্টার সেরা বাজি পিএসজি কোচ মরিসিও পচেত্তিনোর। দুই বছর আগে ব্রুজের বিপক্ষে শেষবারের সাক্ষাৎকারে কিলিয়ান এমবাপ্পের হ্যাটট্রিকের দাপটে ৫-০ গোলে জিতেছিল পিএসজি। প্যারিসের ক্লাবটি এবারই ছাড়তে চাইলেও, চুক্তি ভেঙ্গে বেড়িয়ে যাননি। আর এমবাপ্পের সেই ছন্দ আজকের ম্যাচে তো চাইবেন পচেত্তিনো।

## আইপিএল খেলে ভারতীয় দলে সুযোগ পাওয়ার কথা ভাবতে নারাজ স্যামসন

বার বার কড়া নাড়ছেন ভারতীয় দলে। তবু এখনও জাতীয় দলে পাকাপাকি জায়গা করতে পারলেন না সঞ্জু স্যামসন। টি-টোয়েন্টি বিশ্বকাপের দলেও সুযোগ পাননি এই উইকেটরক্ষক। আইপিএল-এ তাঁর কাঁধে রাজস্থান রয়্যালসের দায়িত্ব।নিজে এখনও আন্তর্জাতিক মঞ্চে প্রতিষ্ঠিত নন, এমন অবস্থায় দলের অধিনায়ক থাকা যে কতটা চাপের তা জানেন স্যামসন। জেসন হোল্ডারের সঙ্গে এক আড্ডায় ভারতীয় উইকেটরক্ষক বলেন, "প্রথমত আইপিএল খেলার সময় জাতীয় দলে সুযোগ পাওয়ার কথা ভাবা উচিত নয়। যে ভাল খেলবে, সে ঠিক সুযোগ পাবে।"স্যামসন জানেন তাঁর দিকে একাধিক বন্দুক তাক করা রয়েছে। তিনি বলেন, "প্রচুর মানুষ আইপিএল দেখেন। এখানে খেললে পরিচিতি পাওয়া যায়। কিছু মানুষ আমাকে নিয়ে ভাল কথা বলে, কিছু মানুষ বলে না। আমার কাছে এটা এখন সাধারণ ব্যাপার। সবাই চাপের মধ্যে রয়েছে।

## চোট দু" প্লেসির, আইপিএলের আগে চিন্তায় ধোনিরা

চেন্নাই, ১৫ সেপ্টেম্বর (হি.স) : চোটে কাবু ফ্যাফ দু"প্লেসি। ফলে আইপিএল-র দ্বিতীয় পর্বে অনিশ্চিত তিনি। কুঁচকিতে চোটের কারণে দক্ষিণ আফ্রিকার তারকা ক্রিকেটারকে ছড়াই মাঠে নামতে হবে মহেন্দ্র সিং ধোনিদের।
এদিকে চোটের জন্য ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগের সেমিফাইনালেও খেলতে পারছেন না দু" প্লেসি। আইপিএলেরও প্রথম দিকে থাকবেন না তিনি। পরের দিকের ম্যাচেও চেন্নাই সুপার কিংস তাঁকে পাবে কি না তা নিয়েও সংশয় রয়েছে।
পাকিস্তান প্রিমিয়ার লিগে ফিল্ডিং করতে গিয়ে মাথায় চোট পান ফ্যাফ। এর প্রভাব পড়েছিল তাঁর স্মৃতিশক্তির উপরে। চোট লাগার পর হাসপাতালে নিয়ে যেতে হয় তাঁকে। সুস্থ হয়ে মাঠে ফিরলেও ফের চোটের কবলে পড়লেন দু" প্লেসি। আইপিএলে দারুণ ছন্দে ছিলেন দু" প্লেসি। সাত ম্যাচে ৩২০ রান করেছেন তিনি। এই অবস্থায় আইপিএল-এর দ্বিতীয় পর্বে তাঁকে না পেলে সমস্যায় পড়তে হতে পারে সিএসকে-কে। প্রসঙ্গত, আগামী রবিবার দুবাইয়ে রোহিত শর্মার মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে খেলতে নামবেন ধোনিরা। হিন্দুস্থান সমাচার /সঞ্জয

## প্রায় দুই দশক পর চ্যাম্পিয়ন্স লিগের প্রথম ম্যাচে হার বার্সেলোনার

বার্সালোনা, ১৫ সেপ্টেম্বর (হি.স) : মেসি পরবর্তী যুগে চ্যাম্পিয়ন্স লিগের প্রথম ম্যাচে সমর্থকদের হতাশ করল বার্সেলোনা। বুধবার বায়ার্ন মিউনিখের বিরুদ্ধে বার্সালোনার প্রথম হার। একপ্রকার কোনঠাসা করে বড় জয় পেল বায়ার্ন মিউনিখ। ৩-০ গোলে জয়লাভ করে নিজেদের আত্মবিশ্বাস বাড়িয়ে নিল লেওয়ানডোস্কিরা।
ম্যাচে বল দখলের লড়াইয়ে দুই দলের মধ্যে খুব একটা পার্থক্য না থাকলেও, আক্রমণে কিছুই করতে পারেনি কুমানের ছেলেরা। গোলের উদ্দেশ্যে নেওয়া পাঁচটি শটের তার কোনোটিই ছিল না লক্ষ্যে।
অন্যদিকে ম্যাচে একচেটিয়া আধিপত্য বজায় রাখা বায়ার্নের ১৭ শটের সাতটি ছিল লক্ষ্যে। এদিন বায়ার্নের হয়ে গোলাগুলি করেন লেওয়ানডোস্কি দুটি এবং মুলার একটি।
এই ম্যাচের পর জার্মানির মিউনিখের বিরুদ্ধে এই নিয়ে অষ্টমবার হারের মুখ দেখল বার্সা। দুটি দল মোট মুখোমুখি হয়েছে ১২ বার যার মধ্যে আটবার জয় পেয়েছে বায়ার্ন মিউনিখ। দুইবার জয় পেয়েছে বার্সেলোনা। বাকি দুটি ড্র হয়েছে। প্রায় একবছর আগে লিসবনে বায়ার্নের বিরুদ্ধে বড় হারের মুখোমুখি হয়েছিল বার্সা। সেবার পর্তুগালের লিসবনে ৮-২ বিধ্বস্ত হয়েছিল তারা। এছাড়াও ১৯৯৭-৯৮ মরসুমের পর এই প্রথম চ্যাম্পিয়ন্স লিগে আসরে নিজেদের প্রথম ম্যাচে হারল বার্সেলোনা।

## রোনাল্ডো থাকলেও চ্যাম্পিয়ন্স লিগে বড় জয় জুভেন্তাসের, চেলসিকে জেতালেন লুকাকু

রোম, ১৫ সেপ্টেম্বর (হি.স) : ক্রিশ্চিয়ানো রোনাল্ডো ক্লাব ছাড়লেও তার বিশেষ প্রভাব পড়ল না জুভেন্তাসের চ্যাম্পিয়ন্স লিগ অভিযানে। এইচ-গ্রুপের প্রথম ম্যাচে মালমোর বিরুদ্ধে বড় জয় পেল সিরি-এ জায়ান্টরা। সুইডিশ ক্লাবের বরুদ্ধে অ্যাওয়ে ম্যাচে তারা ৩-০ গোলে জয় তুলে নেয়।
অন্যদিকে এইচ-গ্রুপের অপর ম্যাচে চেলসি কষ্টার্জিত জয় তুলে নেয় জেনিতের বিরুদ্ধে। ঘরের মাঠে তারা রাশিয়ান প্রতিপক্ষকে ১-০ গোলে পরাজিত করে।
জুভেন্তাস ম্যাচের প্রথমার্ধেই তিনটি গোল করে। ২৩ মিনিটের মাথায় বেন্তাঙ্কুরের পাস থেকে মালমোর জালে বল জড়ান অ্যালেক্স সান্দ্রো। ৪৫ মিনিটের মাথায় পেনাল্টি থেকে গোল করে দিবালা জুভেন্তাসের ব্যবধান বাড়িয়ে ২-০ করেন। প্রথমার্ধের ইনজুরি টাইমে (৪৫ ১ মিনিটে) মোরাতার গোলে ৩-০ এগিয়ে যায় জুভেন্তাস। দ্বিতীয়ার্ধে কোনও দলই প্রতিপক্ষের গোলমুখ খুলতে পারেনি। ফলে স্কোর-লাইনে বদল হয়নি।
চেলসির হয়ে ম্যাচের দ্বিতীয়ার্ধে জয়সূচক গোলটি করেন লুকাকু। ৬৯ মিনিটে তাঁকে গোলের পাস বাড়িয়ে দেন সিজার। চ্যাম্পিয়ন্স লিগে গ্রুপ-জি"র ম্যাচে সেভিয়ার মান বাঁচান রাকিটিচ। ৪২ মিনিটে পেনাল্টি থেকে তাঁর করা গোলেই সালজবার্গের সঙ্গে ১-১ গোলে ড্র করে সেভিয়া। সালজবার্গের হয়ে ২১ মিনিটে পেনাল্টি থেকে গোল করেন সুচিচ।

The Executive Engineer, Bishalgarh Division, PWD(REtB), Gakulnagar, Sepahijala, Tripura invites sealed tenders vide **PNIT No. 19/ EE-BSLD / PWD / 2021-22, Dated 13th September 2021** for hiring of 3(three) nos. vehicles Maruti EECO- PETROL for the offices mentioned below
1/ Hiring of 01(one) no MARUTI EECO (Petrol) vehicle of 01.01.2016 (Manufacturing Date) onwards along with driver for official use of the SDO, PWD(R&B), Bishalgarh Sub-Division during the year 2021-22 Estimated Cost: 3,63,800/- DNIT. No.66/R/DNIT/EE-BSLD/PWD/2021-22
2/ Hiring of 01(one) no MARUTI EECO (Petrol) vehicle of 01.01.2016 (Manufacturing Date) onwards along with driver for official use of the SDO, PWD(R&B), Amtali Sub-Division during the year 2021-22 Estimated Cost: 3,48,344/- DNIT. No.67/R/DNIT/EE-BSLD/PWD/2021-22
3/ Hiring of 01(one) no MARUTI EECO (Petrol) vehicle of 01.01.2016 (Manufacturing Date) onwards along with driver for official use of the SDO, PWD(R&B), Dukli Sub-Division during the year 2021-22 Estimated Cost: 3,52,760/- DNIT. No.68 /R/DNIT/EE-BSLD/PWD/2021-22
Tender forms may be collected from the office of the undersigned during the office hour w.e.f. 20th September, 2021 to 29th September 2021 and last date of dropping of tenders is 04th October 2021 .ip to 3:00pm. Last Date of receipt of application: 28th September 2021.
**For details please see tender notice**
*For and on behalf of the governor of Tripura*
**(Er SANJOY SARKAR)**
**Executive Engineer,**
**Bishalgarh Division, (PWD),**
**Gakulnagar, Sepahijala, Sepahijala.**
**ICA-C-2131/2021-22**

**Educational Notification for publication of Merit List of DEEET-2021, 1st round online counseling and Diploma Engineering Admission**
It is for information of all concerned that publication of merit list of DEEET-2021, choice feeding in the DEEET portal, issue of seat allotment letter after 1st round online counseling and admission into respective Polytechnic Institutes will be as per the schedule given below:

| Sl. No. | Event | Date & Time |
|---|---|---|
| 1. | Publication of Merit List | **16th September 2021 at 12:00 Noon** |
| 2. | Online choice feeding | **16th Sept 2021(4:00 pm) to 20th Sept 2021 (11:59 pm)** |
| 3. | Issue of seat allotment letter | **24th September 2021 at 12:00 Noon** |
| 4. | Student can surrender seats between. | **24th Sept. 2021 (12.01 pm) to 25th Sept. 2021 (11:59 pm)** |
| 5. | 1st round admission in respective institutes | 27th **to 29th Sept. 2021 (during office hours)** |

For any further information and details visit the website: www.highereducation.tripura.gov.in
**Sd/- Illegible**
**Chairman**
**Central Selection Committee-2021**
**ICA-D-865/2021-22**

■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023




বুধবার আগরতলায় ইঞ্জিনীয়ার দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। ছবি নিজস্ব।

# মলয়নগর থেকে জারুলবাচাই পর্যন্ত রাস্তা অত্যাধুনিক প্রযুক্তির সাহায্যে তৈরি হচ্ছে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** মলয় নগর থেকে জারুলবাচাই পর্যন্ত অত্যাধুনিক প্রযুক্তির সাহায্যে তৈরি হচ্ছে রাস্তা। রাস্তা তৈরির কাজ আনুষ্ঠানিকভাবে শুরু না করেন কারা এবং ফায়ার এন্ড ইমার্জেন্সি দপ্তরের মন্ত্রী রামপ্রসাদ পাল।

রাজ্যের বিভিন্ন রাস্তা ঘাট উন্নত করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্পে পর্যাপ্ত পরিমাণ অর্থ মঞ্জুর করেছে। এর অঙ্গ হিসেবে রাজ্যের বিভিন্ন স্থানে আধুনিক প্রযুক্তির সাহায্যে রাস্তাঘাট নির্মাণ এর কাজ শুরু হয়েছে। এর অঙ্গ হিসেবে মলয় নগর থেকে জারুল বাছাই পর্যন্ত রাস্তা নির্মাণের কাজ বুধবার আনুষ্ঠানিকভাবে শুরু হয় ।কারা এবং ফায়ার এন্ড ইমার্জেন্সি দপ্তরের মন্ত্রী রামপ্রসাদ পাল বুধবার সকালে অত্যাধুনিক প্রযুক্তির সাহায্যে রাস্তা তৈরির কাজের আনুষ্ঠানিক ঘোষণা করেন। এ উপলক্ষে আয়োজিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী রামপ্রসাদ পাল বলেন রাজ্য সরকার যোগাযোগ ব্যবস্থাকে আরো নিবিড় করার লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। বর্তমান কেন্দ্রীয় সরকারও গ্রামীণ এলাকার রাস্তাঘাট উন্নয়নের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। এর অঙ্গ হিসেবে মলয় নগর থেকে জারুল বাছাই পর্যন্ত রাস্তাটি অত্যাধুনিক প্রযুক্তির সাহায্যে তৈরীর কাজ হাতে নেয়া হয়েছে।

নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার জন্যও তিনি নির্দেশ দিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মন্ত্রী রামপ্রসাদ পাল জানান এই অত্যাধুনিক রাস্তা নির্মাণ কাজের জন্য ৭২ কোটি ১৯ লক্ষ ১২২৯ টাকা বরাদ্দ করা হয়েছে ।সরকারের বিভিন্ন প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য স্থানীয় জনগণকে সব ধরনের সহযোগিতা করার জন্য মন্ত্রী রামপ্রসাদ পাল আহ্বান জানিয়েছেন।

## অবিরাম বৃষ্টিতে প্লাবিত সুদান মৃত অন্তত ৮৪

সুদান, ১৫ সেপ্টেম্বর (হি. স.) : অবিরাম বৃষ্টির জেরে প্লাবিত সুদানের ১১টি রাজ্য। ইতিমধ্যেই এই বন্যা প্রাণ কেড়েছে ৮৪ জনের। গুরুতর আহত হয়েছেন আরও ৬৭ জন। ভেঙে পড়েছে হাজার হাজার ঘরবাড়ি। দেশের বন্যা পরিস্থিতি এতটাই ভয়াবহ আকার ধারণ করেছে যে সুদানে জরুরি অবস্থা জারি করার চিন্তা ভাবনা করছে সুদান সরকার।

সুদানের বেসামরিক প্রতিরক্ষা বিষয়ক জাতীয় পরিষদের মুখপাত্র আবদাল রহিম বন্যা প্রসঙ্গে জানিয়েছেন, ‘সুদানে বর্ষা শুরুর সময় থেকে এখনও পর্যন্ত ৮৪ জন প্রাণ হারিয়েছেন এবং ৬৭ জন আহত হয়েছেন। এই মুহূর্তে সুদানের ১১টি রাজ্যে ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। জলের তোড়ে ইতিমধ্যেই প্রায় ৮,৪০৮টি বাড়ি ধসে পড়েছে এবং ২৭, ২০০টি বাড়ি ক্ষতিগ্রস্থ হয়েছে।‘ তিনি আরও জানান, ‘এখনও পর্যন্ত অধিকাংশ মানুষেরই মৃত্যু হয়েছে হয় বাড়ি চাপা পড়ে নয়তো বিদ্যুৎস্পৃষ্ট হয়ে।‘ জাতিসংঘের রিপোর্ট অনুযায়ী, এই বছর এখনও পর্যন্ত সুদানের প্রায় ৫০টি গ্রাম প্লাবিত হয়েছে। গৃহহীন হয়ে পড়েছেন প্রায় ৬৫ হাজার মানুষ।

## গণমুক্তি পরিষদের উদ্যোগে মুঙ্গিয়াকামী ব্লকে ডেপুটেশন

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৫ সেপ্টেম্বর।।** ত্রিপুরা রাজ্য উপজাতি গণমুক্তি পরিষদ তেলিয়ামুড়া বিভাগীয় কমিটির উদ্যোগে জনস্বার্থ সম্বলিত বার দফা দাবিতে মুঙ্গিয়াকামী ব্লকে ডি.সি.এম দেবপ্রিয়া দাসের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। রাজ্যের উপজাতি অংশের মানুষের সার্বিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে ১২ দফা দাবিতে মুঙ্গিয়াকামী ব্লকে ডেপুটেশন প্রদানকরা হয় ।পাঁচ জনের এক প্রতিনিধি দল ডেপুটেশন প্রদান করেন। এর মধ্যে বারোটি জনস্বার্থ সম্বলিত দাবি সনদ ডি.সি.এমের নিকট প্রদান করা হয়। এই জনস্বার্থ সম্বলিত বারোটি দাবিগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো রেগায় প্রত্যেক মাসে কম করে ১০ শ্রমদিবস কাজ দিতে হবে , সংশ্লিষ্ট মজুরির অর্থ কাজ শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে মিটিয়ে দিতে হবে; কোভিড মোকাবেলায় ঘোষিত কন্টেইনমেন্ট জোন সমূহের আওতায় থাকা সমস্ত পরিবারকে বিনামূল্যে খাবার সরবরাহ করতে হবে; এ.ডি.সি এলাকাতে অত্যাধিক লোডশেডিং বন্ধ করে নিয়মিত বিদ্যুৎ পরিষেবা ব্যাবস্থা করতে হবে ইত্যাদি ।জি.এম.পি তেলিয়ামুড়া বিভাগীয় কমিটির সম্পাদক অরুন দেববর্মা ১২ দফা জনস্বার্থ সম্বলিত দাবি বিস্তারিতভাবে তুলে ধরেন। ডেপুটেশন প্রদানকালে এই প্রতিনিধি দলে ছিলেন জি.এম.পি তেলিয়ামুড়া বিভাগীয় কমিটির সম্পাদক অরুণ দেববর্মা; বিভাগীয় কর্মপরিষদের সদস্য ধনঞ্জয় দেববর্মা; অঘোর দেববর্মা; স্বস্তি দেববর্মা; অঞ্জলি দেববর্মা সহ অন্যান্য নেতৃবৃন্দরা।

## প্রয়াত তিন আইনজীবীর স্মৃতিচারণ করল ত্রিপুরা হাইকোর্ট বার এসোসিয়েশন

**আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** তিনজন প্রবীণ আইনজীবীর প্রয়াণে স্মরণসভার আয়োজন করেছে ত্রিপুরা হাইকোর্ট বার এসোসিয়েশন। বুধবার এসোসিয়েশন যে তিনজনের স্মরণে সভার আয়োজন করেছেন সেই তিনজন প্রয়াত আইনজীবী হলেন প্রণব গোস্বামী (৬৬), সুজিত অধিকারী ( ৬৫) এবং অভিজিৎ ঘোষ ( ৭৮)। তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়েছে। এসোসিয়েশনের তরফ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, আইনজীবী প্রণব গোস্বামী ২৬ মার্চ ২০০৭ সালে এসোসিয়েশনের সদস্যপদ নেন। তিনি গত ১১ সেপ্টেম্বর আগরতলায় নিজ বাড়িতে কার্ডিও রেসপিরেটরি ফেলিওর হয়ে মারা যান।

অন্যদিকে, আইনজীবী সুজিত অধিকারী ৭ জানুয়ারী ২০০৭ সালে এসোসিয়েশনের সদস্য হন। তিনি গত ১৪ আগস্ট কলকতায়প্রয়াতহয়েছেন হৃদরোগে আক্রান্ত হয়ে।এদিকে, বরীষ্ট আইনজীবী অভিজিৎ ঘোষের প্রয়াণে এদিন স্মরণ সভার আয়োজন করা হয়েছে। অভিজিৎ ঘোষ ১৯৯১ সালের ১৬ ডিসেম্বর এসোসিয়েশনের সদস্য হয়েছিলেন। তিনি গত ১২ সেপ্টেম্বর আগরতলা সরকারি মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালে কার্ডিও রেসপিরেটরি ফেইলুর এ প্রয়াত হয়েছেন ।এদিন, এসোসিয়েশন প্রয়াত তিন আইনজীবীর পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানানো হয়েছে।

## নির্দেশ দিল্লির আদালতের ১৪-দিনের পুলিশ হেফাজতে ৬ জঙ্গি

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স.): দিল্লি পুলিশের জালে ধৃত ৬ জন জঙ্গিকে ১৪-দিনের জন্য পুলিশ হেফাজতে পাঠাল দিল্লির একটি আদালত। দিল্লি, রাজস্থান এবং উত্তরপ্রদেশে অভিযান চালিয়ে ছ'জন জঙ্গিকে গ্রেফতার করেছে দিল্লি পুলিশ। অভিযানের সহযোগী ছিল, উত্তরপ্রদেশ পুলিশের ‘সন্ত্রাস দমন শাখা’ (এটিএস)। ধৃত ৬ জঙ্গিকে বুধবার ১৪-দিনের জন্য পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

দিল্লি পুলিশ ইতিমধ্যেই জানিয়েছে, ধৃত ছ'জনের মধ্যে ওসামা এবং উত্তরপ্রদেশের প্রয়াগরাজের বাসিন্দা জিশান কামার পাক গুপ্তচর সংস্থা আইএসআই-এর প্রশিক্ষণপ্রাপ্ত। বাকি ৪ জন জঙ্গি হল-আমির, জান মহম্মদ শেখ, মূলচাঁদ এবং আবু মহম্মদ বকর। প্রত্যেকেই পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

## টেলিকম ক্ষেত্রে বিরাট সংস্কার, ১০০ শতাংশ বিদেশি বিনিয়োগে ছাড়

নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর (হি.স) : অর্থনৈতিক সংস্কারের লক্ষ্যে বড় পদক্ষেপ নিল কেন্দ্রীয় সরকার । টেলিকম সেক্টরে ১০০ শতাংশ বিদেশি বিনিয়োগে ছাড় দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা । বুধবার কেন্দ্রীয় মন্ত্রিসভা এই ছাড়পত্র দেয় । এর ফলে টেলিকম সেক্টরে বিদেশি বিনিয়োগের রাস্তা আরও সহজ হল ভারতে । যদিও বিরোধীরা কেন্দ্রের এই সিদ্ধান্তের তীব্র প্রতিক্রিয়া দিয়েছে। সবার আগে মুখ খুলেছে সিপিএম। প্রধানমন্ত্রীর হাতে গোনা কয়েকজন কর্পোরেট বন্ধুকে সুবিধা পাইয়ে দিতে টেলিকম সেক্টরে ১০০ শতাংশ বিদেশি বিনিয়োগে ছাড় দেওয়া হয়েছে বলে সিপিএমের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে ।

এদিন মন্ত্রিসভা বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হন কেন্দ্রীয় টেলিকম মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো । তিনি বলেন, ‘টেলিকম সেক্টরে ১০০ শতাংশ এফডিআই-এ ছাড় দেওয়া হল । এতদিন ৪৯ শতাংশ পর্যন্ত বিনিয়োগ করা যেত অটোম্যাটিক রুটে । এদিন কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে ঠিক হয়েছে অটোম্যাটিক রুটে টেলিকম সেক্টরে এবার থেকে ১০০ শতাংশ প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ হবে ।’

# এক্সপ্রেসওয়েতে গাড়ির সর্বোচ্চ গতিবেগ কমিয়ে দিল মাদ্রাজ হাইকোর্ট

চেন্নাই, ১৫ সেপ্টেম্বর (হি.স) : এবার আর গতিবেগ ১২০ নয় ৮০। এক্সপ্রেসওয়েতে সর্বোচ্চ ঘণ্টায় ৮০ কিলোমিটার বেগে গাড়ি চালানো যাবে।২০১৮ সালে কেন্দ্রীয় সরকার নোটিশ অনুযায়ী এক্সপ্রেসওয়েতে সর্বোচ্চ ঘণ্টায় ১২০ কিলোমিটার বেগে গাড়ি চালাতে অনুমতি দেওয়া হয়। তার আগে সেখানে সর্বোচ্চ ঘণ্টায় ১০০ কিলোমিটার বেগে গাড়ি চালানো যেত।

কিন্তু বুধবার হাইকোর্ট গাড়ির গতিবেগ কমাতে বলেছে। পশ্চিমবঙ্গে ইতিমধ্যেই স্থির করা হয়েছে, ন্যাশনাল হাইওয়েতে বাণিজ্যিক গাড়ির সর্বোচ্চ গতিবেগ হবে ঘণ্টায় ৮০ কিলোমিটার। স্টেট হাইওয়েতে ওই গতিবেগ হবে ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার। শহুরে এলাকায় সর্বোচ্চ গতিবেগ হবে ঘণ্টায় ৪০ কিলোমিটার। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ''সেফ ড্রাইভ সেভ লাইফ'' প্রকল্পের পরে এই সিদ্ধান্তগুলি নেওয়া হয়েছে। পরিকাঠামোর অবস্থা ও প্রযুক্তির কথা বিবেচনা করে বিশেষজ্ঞরা স্থির করবেন, গাড়ির সর্বোচ্চ গতিবেগ কত হওয়া উচিত। কিন্তু মাদ্রাজ হাইকোর্টের বিচারপতি টি ভি তামিলসেলভি এবং বিচারপতি এন কিরুবাকরনকে নিয়ে গঠিত বেঞ্চ এই অবস্থান মানতে রাজি হয়নি। বিচারপতিদের মতে, অধিকাংশ ক্ষেত্রে গাড়ির গতিবেগ বেশি হওয়ার জন্যই দুর্ঘটনা হয়। তাঁরা বলেন, ''অত্যধিক দ্রুত গতিতে গাড়ি চালানোর জন্যই দুর্ঘটনা ঘটে। পরিকাঠামো বা প্রযুক্তির উন্নতি কীভাবে দুর্ঘটনা কমাবে তা এখনও স্পষ্ট নয়।'' বিচারপতিদের মতে, গাড়ির প্রযুক্তি যত উন্নত হয়, তত বেশি জোরে গাড়ি চালানো যায়। এর ফলে দুর্ঘটনা বাড়ে। হাইকোর্ট বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত স্পিড গান, স্পিড ইন্ডিকেশন ডিসপ্লে এবং ড্রোন ব্যবহার করে ট্রাফিক আইনভঙ্গকারীদের চিহ্নিত করা। বিচারপতিরা বলেন, ''পথে যারা আইনে ভাঙে তাদের কঠোর শাস্তি হওয়া উচিত। হাই স্পিডের গাড়িতে এমন ব্যবস্থা থাকা উচিত যাতে তা অত্যধিক গতিতে না চালানো যায়।''

মাদ্রাজ হাইকোর্ট এদিন বলে, ট্রাফিক আইনভঙ্গকারীদের শাস্তি দেওয়ার জন্য এবং দুর্ঘটনায় ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণের জন্য বিশেষ আদালত গঠন করা উচিত।

# ডুকলীতে মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া নর্থ ইস্ট সার্কেল এর উদ্যোগে সামাজিক কর্মসূচির অংশ হিসেবে ডুকলী ব্লক কনফারেন্স হলে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে সমাজ শক্তি সোসাইটির মাধ্যমে ১০০ জন মা বোনের হাতে সেলাই মেশিন তুলে দেওয়া হয়। বুধবার ডুকলী ব্লক পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ১০০ জন মা বোনের হাতে সেলাই মেশিন তুলে দিয়েছে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। সমাজ শক্তি সোসাইটির মাধ্যমে এই সামাজিক কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই সামাজিক কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন মন্ত্রী রামপ্রসাদ পাল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার নর্থইস্ট সার্কেলের চীফ ম্যানেজার আর এস রমেশ সহ অন্যান্য কর্মকর্তারা। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী রামপ্রসাদ বলেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া শুধুমাত্র ব্যবসায়িক মানসিকতা নিয়েই কাজ করে না সমাজের প্রতি দায়বদ্ধতা পালনে তারা বদ্ধপরিকর। দায়বদ্ধতার কথা মাথায় রেখেই স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার পক্ষ থেকে ১০০ জন মা বোনের হাতে সেলাই মেশিন তুলে দেওয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ধরনের সামাজিক কর্মসূচি আগামী দিনেও অব্যাহত রাখার জন্য মন্ত্রী রামপ্রসাদ পাল স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কর্মকর্তারদের প্রতি আহ্বান জানিয়েছেন। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চীফ জেনারেল ম্যানেজার আর এস রমেশ বলেন, এ ধরনের সামাজিক কর্মসূচি আগামী দিনেও অব্যাহত থাকবে।

# আগরতলা পুর নিগমের ইঞ্জিনিয়ারদের সামাজিক কর্মসূচি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** ৫৪তম ইঞ্জিনিয়ার্স ডে উপলক্ষে বুধবার আগরতলা মিউনিসিপাল কর্পোরেশনের ইঞ্জিনিয়াররা ৩০০ জন গরিব লোকদের হাতে খাবার তুলে দেন ইনিনিয়ার্স ডে উপলক্ষে ইঞ্জিনিয়ার এসোসিয়েশন বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করেছে। এর অঙ্গ হিসেবে নানা সামাজিক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বুধবার এ উপলক্ষে আগরতলা মিউনিসিপাল কর্পোরেশনের ইঞ্জিনিয়াররা ৩০০ জন গরিব লোকদের হাতে খাবার তুলে দেন। উদ্যোক্তারা জানান সামাজিক দায়িত্ববোধের অঙ্গ হিসেবে তারা এ ধরনের কর্মসূচি গ্রহণ করেছেন। আগামী দিনেও তাদের এ ধরনের সামাজিক কর্মসূচি অব্যাহত থাকবে বলে স্টেট ইঞ্জিনিয়ার এসোসিয়েশন এর কর্মকর্তারা জানিয়েছেন। ইঞ্জিনিয়ার ডে উপলক্ষে ব্রাজের ইঞ্জিনিয়ারদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপন পরিলক্ষিত হয়। উল্লেখ্য ইঞ্জিনিয়াররা বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী বাস্তবায়নের পাশাপাশি সামাজিক কাজকর্ম বিভিন্ন সময়ে নিজেদের যুক্ত করছেন। তাদের এ ধরনের সামাজিক কর্মসূচির ভূয়শী প্রশংসা করেছে বিভিন্ন মহল।

# তালিবান আর হক্কানি নেটওয়ার্কের মধ্যে শুরু হল সংঘর্ষ, কাবুল ছাড়ল মোল্লা বরাদর

কাবুল, ১৫ সেপ্টেম্বর (হি.স) : আফগানিস্তানে সরকারের স্থায়ী সরকার নিয়ে এখনও উত্তেজনা রয়েছে। খবর অনুযায়ী, তালিবান আর হক্কানি নেটওয়ার্কের মধ্যে জয় পাওয়া নিয়ে সংঘর্ষ শুরু হয়েছে। আর এরপর মোল্লা আবদুল গনি বরাদর কাবুল ছেড়ে পালিয়েছে।

বরাদরকে তালিবান সরকারে ডেপুটি প্রধানমন্ত্রী করা হয়েছে। কিছুদিন আগেই হক্কানি নেটওয়ার্ক আর তালিবানের মধ্যে গোলাগুলিও চলেছিল। আর গুলির আঘাতে মোল্লা বরাদর আহত হয়ে পাকিস্তানের হাসপাতালে ভর্তি ছিল।

সূত্রের খবর, বরাদর আর হক্কানি নেটওয়ার্কের নেতা খলিল উর-রহমানের মধ্যে বাকবিতণ্ডা হয়েছে। এরপর দুই গোষ্ঠীর সমর্থকরা একে অপরের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়ে। প্রসঙ্গত, হক্কানি নেটওয়ার্কের মতে, তাঁদের আক্রমণাত্মক মনোভাব এবং লড়াইয়ের কারণেই আফগানিস্তান জয় সফল হয়েছে। অন্যদিকে বরাদরের মতে, তাঁর কূটনীতির কারণেই আফগানিস্তানে জয় এসেছে। আর এই কারণেই দুই গোষ্ঠী জয়ের দাবিদার বলে একে অপরের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়েছে। তালিবান আর হক্কানি নেটওয়ার্কের মধ্যে সরকারে অংশীদারিত্ব নিয়ে বিবাদ চলছে। হক্কানি নেটওয়ার্ক আফগান সরকারে প্রধান ভূমিকা চাইছে, কিন্তু তালিবান তা দিতে নারাজ। আর এই নিয়ে বারবার দুই গোষ্ঠীর মধ্যে উত্তাপ ছড়িয়ে পড়ছে।

# ধনপুরে দাঙ্গা সৃষ্টি করে হিন্দু মুসলমানের মধ্যে বিভেদ তৈরি করতে চেয়েছিল সিপিএম ঃ বিপ্লব দেব

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৫ সেপ্টেম্বর।।** ধনপুরে দাঙ্গা সৃষ্টি করে হিন্দু মুসলমানের মধ্যে বিভেদ তৈরি করতে চেয়েছিল সিপিএম। রাজ্যে অস্থিরতা কায়েম করে পেছনের দরজা খুঁজছে। মনে রাখবেন সিপিএম আর ফিরে আসবে না। আগামী বিধানসভা নির্বাচনে একটি আসনও পাবেনা। বুধবার কমলাসাগর বিধানসভার গকুলনগরে যোগদান সভায় কথাগুলি বলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। এদিন বিজেপির কমলাসাগর মন্ডল কমিটির উদ্যোগে যোগদান সভা অনুষ্ঠিত হয় গকুলনগর মাঠে। সেখানে সিপিএম ছেড়ে ৯৩৮ পরিবারের ৩৫৮৫ ভোটার বিজেপিতে যোগ দেন। নবাগতদের বরণ করেন মুখ্যমন্ত্রী। প্রধান বক্তা মুখ্যমন্ত্রী সিপিএমের পাশাপাশি তৃণমূল কংগ্রেসকেও এক হাত নেন। তিনি বলেন কয়লা,সোনা পাচারের দল, সিন্ডিকেট রাজের দল,কাটমানি এবং খুন সন্ত্রাসের দল রাজ্যে এসে নাটক শুরু করেছে।

ওরা পশ্চিম বঙ্গে দুয়ারে সরকারের কথা বললেও বাস্তবে দুয়ারে সন্ত্রাস পৌঁছে দিয়েছে। এই চোর জোচ্চোরেরা কেউ জেলে আছে আবার কেউ জেল ফেরত আসামি। আগামী দিনে এদের খোঁজে পাওয়া যাবে না। ভাঁওতাবাজি করে সিপিএমকে সুযোগ করে দেওয়ার স্বপ্ন বাস্তবায়ন হবেনা। তিনি বলেন উন্নয়নের নিরিখে ভোট হবে। ভিশন ডকুমেন্টের সকল প্রতিশ্রুতি পূরণ হবে। চার লাখ সুবিধাভোগী দুই হাজার টাকা করে ভাতা পাবে। বিনামূল্যে ঘর,শৌচাগার, বিদ্যুৎ, পানীয় জলের সংযোগ, গ্যাস, গরিব কল্যাণ যোজনায় বিনামূল্যে রেশন দেওয়া হয়েছে রাজনীতির রঙ না দেখে। সিপিএম ক্ষমতায় থাকলে এগুলির জন্য মা বোনদের মিছিলে হাঁটতে হতো। রাবার একশো টাকা কেজি দরে বিক্রি হতো, আজ রাবারের দাম বেড়ে হয়েছে ১৬০ টাকা। সরকার চাষির কাছ থেকে ধান কিনছে। বাজারে ধানের দাম বেড়েছে। কিষান সম্মান নিধি প্রকল্পে নগদ টাকা পাচ্ছে চাষীরা। রাজ্যের মহিলাদের স্বনির্ভর করতে ২৩৭৪০ টি স্ব সহায়ক দলকে শক্তিশালী করতে ৭০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। ত্রিপুরার বাঁশের তৈরি জলের বোতল নিয়ে অনেকে হাসি ঠাট্টা করে। একটি বাঁশের তৈরি জলের বোতল দুবাইতে বিক্রি হচ্ছে তিন হাজার টাকা।

সঠিক নিয়েগ নীতির মাধ্যমে সরকারি চাকরি দেওয়া হচ্ছে। চাকরির পাশাপাশি বেকার যুবকদের বিকল্প রোজগারের দিশা দেখানো হচ্ছে। রাজনীতির রঙ না দেখে সকল গৃহহীনদের ঘর দেওয়া হবে। সাড়ে তিনলক্ষ ঘরের জন্য নতুন সার্ভের কাজ সমাপ্ত হয়েছে। এরজন্য কাউকে আন্দোলন করতে হবে না। মিছিলে হাঁটতে হবে না। চাঁদা দিতে হবে না। তিনি বলেন আঠারো বিধানসভা ভোটের আগে ১১ জন বিজেপির কার্যকর্তাকে নির্মমভাবে খুন করেছে সিপিএম। এই কমলাসাগর এই বিজেপি বিরলাল সরকারকে নির্মমভাবে খুন করা হয়েছিল। কৈলাশহর টুনো মজুমদার কে খুন করা হয়েছিল। দশদায় সুনীল দেবের পায়ের শিরা কেটে নির্মমভাবে হত্যা করেছিল। কিল্লায় গৌরহরি মৌসমম, রাজনগরের মালাকার, গন্ডা ছড়ায় চান মোহন ত্রিপুরা, ছৈলেংটায় নিশিকান্ত চাকমা বাম সন্ত্রাসের বলি হয়েছিল । দক্ষিণ ত্রিপুরার জঙ্গলে কবর খুঁড়ে রেখেছিল বিজেপির কার্যকর্তাদের জ্যান্ত কবর দেওয়ার জন্য। এই সন্ত্রাসের রাজত্ব আর ফিরিয়ে আনা যাবেনা। তাই তিনি রাজ্যের অগ্রগতি এবং ভবিষ্যৎ প্রজন্মকে একটি উন্নত রাজ্য উপহার দিতে এখনো যারা বিভিন্ন দল করছেন তাদের আহবান রাখেন নরেন্দ্র মোদির হাত শক্ত করার জন্য। এছাড়া এদিন বক্তব্য রাখেন বিজেপির প্রদেশ সভাপতি ডাঃ মানিক সাহা, সহসভাপতি রাজীব ভট্টাচার্য, জেলা সভাপতি অঞ্জন পুরকায়স্থ, জেলা সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, মন্ডল সভাপতি সুবীর চৌধুরী।



বুধবার আগরতলায় বিজেপি মহিলা মোর্চার উদ্যোগে র‍্যালী অনুষ্ঠিত হয়েছে আগরতলায়। ছবি নিজস্ব।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।